LIFE OF MOLLA OMAR

মোল্লা উমর



12-4-2018

মোল্লা মুহাম্মাদ ওমর

মূল
ফকীরুল্লাহ ওরদাগ

অনুবাদ
ইবনুত তাওহিদ

মাজহুল প্রকাশনী

মোল্লা মুহাম্মাদ ওমর

ফকীরুল্লাহ ওরদাগ

*

অনুবাদ

ইবনুত তাওহিদ

*

প্রকাশনা

মাজহুল প্রকাশনী

মুখবন্ধ

একজন মহামানব। তবে খুব সাদামাটা। রহস্যময় ও স্মৃতিবহুল তাঁর জীবন। ১৯৬০ সালে কান্দাহার প্রদেশের খাকরিজ জেলার চাহইহিম্মত গ্রামে জন্মগ্রহণ করেন। তার পুরো নাম মোল্লা মুহাম্মদ ওমর মুজাহিদ। তিনি হোটাক নৃগোষ্ঠির তোমজি গোত্র থেকে এসেছেন। বাবার নাম মৌলভী গোলাম নবী। যিনি একজন শ্রদ্ধেয় পণ্ডিত ও সামাজিক নেতা ছিলেন। মোল্লা ওমরের জন্মের পাঁচ বছর পর তিনি মারা যান। তার মৃত্যুর পর মোল্লা ওমরের পরিবার উরুজগান প্রদেশে চলে যায়। দুনিয়াতে চোখ মেলেই তিনি দেখতে পেয়েছেন গগণচুম্বি পর্বতমালা। শৈশবে তাঁর কোমল পা মাড়িয়েছে কাঁকর বিছানো পথ। জীবনের সূচনাতেই দীক্ষা পেয়েছেন ইসলামের পবিত্র বিধান জিহাদের। দীনকে বিজয়ী করার জন্য সর্বস্ব বিসর্জন দেওয়ার আগ্রহ তাঁর অন্তরে বদ্ধমূল হয়েছিল সেই ছোট্ট বয়সেই।

সোভিয়েত ইউনিয়নের সেনারা আফগানিস্তান দখল করে নিলে ওমর মাদরাসা ছেড়ে ধর্মীয় দায়িত্ব পালনে জিহাদিতে পরিণত হন। ১৯৮৩ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত তিনি সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে লড়াই করেন।

কেনই বা এমন হবে না। ইসলামী পূনর্জাগরনের এই মহামানব যখন খুব ছোট, আশপাশের অনেক কিছুই বুঝতে শেখেননি, তখন তাঁর সামনে ছিল লাশের সারি। লাশের সারিতে ছিল তার মত ছোট ছোট অনেক শিশুও। ছিল লাঞ্ছিত নারী আর আহত বৃদ্ধদের আর্তচিৎকার। পাহাড়ের কোল ঘেঁষে গড়ে ওঠা বসতিগুলোর পাশ দিয়ে যখন ছোট ছোট পা ফেলে হাঁটতেন, তখন তিনি শুনতে পেতেন, আহতদের গোঙ্গানী আর স্বজন হারাদের আর্তনাদ। মর্মান্তিক ঘটনাপ্রবাহ একের পর এক ঘটতেই থাকত। একটি দুটি নয়; বরং এসব ঘটনা ছিল তার নিত্য দিনের সাথী।

মর্মান্তিক দৃশ্যাবলি দেখতে দেখতে তার জীবন যখন কৈশোরের দোরগোড়ায়, একদিন তার কচিমনে প্রশ্ন জাগে, এসব হচ্ছে কেন? মানুষ কেন মানুষকে গাজর-মুলার মত কেটে বেড়াচ্ছে? পিতাকে সন্তান থেকে, সন্তানকে তার মা থেকে কেন পৃথক করা হচ্ছে? নিরাপরাধ নারীকে কেন হতে হচ্ছে বিধবা, সন্তানহারা?

এ জাতীয় কিছু প্রশ্ন ঘুরে ফিরে এসে জটলা সৃষ্টি করত এই কিশোরের মনে। প্রশ্ন যতই জটিল হোক, উত্তর খুঁজে পেতে তার বেশি বেগ পেতে হয়নি। কারণ, তার ক্ষুদ্র জীবনের বেশিরভাগ সময় পার হয়েছে সম্পূর্ণ একটি ধর্মীয় পরিবেশে। পরিবারের সদস্যদের মুখে শুনতে শুনতে ইসলামের যে মৌলিক জ্ঞান তার অর্জন হয়েছিল তাই যথেষ্ট ছিল, এসব প্রশ্নের উত্তর হিসেবে।

একসময় তিনি বুঝতে পারলেন এসব সমস্যার একমাত্র সমাধান জিহাদ। শুধুই জিহাদ। বিষয়টি তার মনে এতটাই বদ্ধমূল হয়ে গেল যে, এক মুহূর্তের জন্যও এর বিকল্প খোঁজার চিন্তা তার মাথায় এল না। তাই যৌবনের শুরুতেই তিনি রাশিয়ার আগ্রাসী শক্তির বিরুদ্ধে জিহাদে অবতীর্ণ হন। সেই জিহাদের ময়দানে কেটে যায় সুদীর্ঘ এক যুগ। মুজাহিদদের নিষ্ঠাপূর্ণ ত্যাগ ও কোরবানীর ফলে রাশিয়ার পতন হলেও আফগান জাতির দুর্দশার অবসান ঘটল না। তাঁর চোখের সামনে আবার ঘটতে লাগল শৈশবের সেই বেদনাদায়ক ঘটনাগুলো। গতকাল যারা আগ্রাসী শক্তির বিরুদ্ধে রণাঙ্গনে বুকটান করে দাঁড়িয়েছিল আজ তাদেরই একটি অংশ ক্ষমতার লোভে গোটা আফগান জুড়ে গৃহযুদ্ধের আগুন জ্বালিয়ে দিল।

তিনি দেখতে লাগলেন, আবার তার চারপাশে চলছে হত্যা, লুণ্ঠন আর অমানবিক কার্যকলাপ। চারিদিকে নিরাপত্তাহীনতা আর অরাজকতার সয়লাব।

নতুন করে তিনি ভাবতে লাগলেন, এর সমাধান কী? তবে এখন তিনি কিশোর নন; বরং দীর্ঘ একযুগ জিহাদের ময়দানে কাটানো একজন অভিজ্ঞ রণবীর। কুরআন-সুন্নাহ আর জীবনের অভিজ্ঞতার আলোকে তিনি সিদ্ধান্তে পৌঁছেন যে, বর্তমান সমস্যার সমাধানও একমাত্র জিহাদের মাধ্যমে সম্ভব। আফগান জাতির দীর্ঘ দিনের লালিত স্বপ্ন 'ইসলামী খেলাফত প্রতিষ্ঠা'ও সম্ভব একমাত্র এই পথেই।

সেদিনই তিনি দাঁড়িয়ে গেলেন জালিমের পথ রুখে। প্রস্তুত করলেন কয়েকজন সঙ্গী। গরীব কিছু তালিবে ইলম (মাদরাসা-শিক্ষার্থী)। হাতে গোনা কয়েকজন ছাত্রের এই জামাত অতি অল্প সময়েই হাজারের সংখ্যা ছাড়িয়ে গেল।

মাদরাসা পড়ুয়া শিক্ষার্থীদের এ জামাতটি জালিম ও বর্বর শক্তির সামনে সিকান্দারের প্রাচীর হয়ে দাঁড়িয়ে গেল। জুলুম ও বর্বরতা চর্চাকারীদেরকে এমন শিক্ষা দিল যে, এতে দীর্ঘদিনের নির্যাতনের শিকার দুর্বল শিশু ও অবলা নারীর ক্ষতবিক্ষত অন্তর প্রশান্তি অনুভব করল।

মাদরাসা-পড়ুয়া শিক্ষার্থীদের এ জামাতটি অল্প দিনের ব্যবধানে দুনিয়ার 'সুপার পাওয়ার' দাবীদারকে 'সিফির পাওয়ার' (পাওয়ার লেস) করে ছাড়ল।[১]

কে এই মহামানব? যাকে দেখেতেই সাহাবাদের মনে পড়ে। একজন অন্তর্দৃষ্টিসম্পন্ন ব্যক্তি যাকে প্রথম দেখাতেই বেহুঁশ হয়ে গিয়েছিলেন। পরে এর কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেছিলেন, ইসলামের দ্বিতীয় খলীফা হযরত ওমর রাযি.-এর যেসব বৈশিষ্ট্যের কথা শুনেছি, তার সবগুলোই আমি এই ব্যক্তির মাঝে পেয়েছি। তিনি আর কিছুই নন, ওমর ইবনে খাত্তাবেরই এক জীবন্ত প্রতিচ্ছবি। তাই আমি তার দর্শনের পর নিজেকে স্থির রাখতে পারিনি।

তিনি হলেন সেই মহান ব্যক্তিত্ব, বর্তমান দুনিয়া যাকে 'মোল্লা ওমর' নামে চেনে। পুরো দুনিয়ার মুসলমান যাকে নিজেদের আমীর বলে মেনে নিয়েছে। আরব-অনারব, সাদা-কালো, জ্ঞানী-মূর্খ সবাই তার হাতে বাইয়াত নিয়েছে। একত্র হয়েছে তাওহীদের কালেমাখচিত পতাকা তলে। তাই মুমিনগণ শ্রদ্ধাভরে তাকে বলেন, 'আমীরুল মুমিনীন'।

মোল্লা ওমরের অন্যতম বৈশিষ্ট্য তিনি কখনই বিচলিত হন না, কখনও মেজাজ হারান না, সাহসও হারান না। নিজের সহকর্মীদের চেয়ে কখনই নিজেকে শ্রেষ্ঠ বলে বিবেচনা করেন না।

বিশেষ ধরনের কৌতুকবোধের অধিকারী এই মানুষটির নিজের কোন বাড়ি নেই, বলার মত কোন সম্পদও নেই।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রণালয় মোল্লা ওমরকে ধরিয়ে দেওয়ার জন্য এক কোটি ডলার পুরস্কার ঘোষণা করে রেখেছে।

২০০১ সালে যুক্তরাষ্ট্রের আফগানিস্তান দখলের পর থেকে মোল্লা ওমরকে আর কখনও দেখা যায়নি। তার প্রিয় অস্ত্র আর পিজি সেভেন। মোল্লা ওমর থাকেন কোথায় তা কেউ না জানলেও তিনি সবসময় আফগানিস্তানের প্রতিদিনকার ও বিশ্বের সব ঘটনার খবরাখবর রাখেন।

---

[১] যদিও বাহ্যিক দৃষ্টিতে মনে হয় আমেরিকা এখনও তার পূর্বের শক্তিতেই দাঁড়িয়ে আছে। কিন্তু প্রকৃত অবস্থা সম্পর্কে জ্ঞাত ব্যক্তিবর্গের কাছে এটা দিবালোকের ন্যায় স্পষ্ট যে, বাস্তবেই এ যুদ্ধে আমেরিকার সামরিক ও অর্থনৈতিক শক্তি চরমভাবে বিধ্বস্ত হয়েছে। এখন আর তারা যে কোন রাষ্ট্রে একাকী হামলা পরিচালনার সামর্থ্য রাখে না। তাই ভিক্ষার ঝুলি নিয়ে দেশে দেশে ঘুরে বেড়াতে দেখা যায়।

মোল্লা ওমর জীবিত এবং সুস্থ রয়েছেন। কঠিন বর্তমান আর শত্রুর নজরদারির মধ্যেও তার প্রাত্যহিক কাজকর্মে তেমন কোন পরিবর্তন বা ছেদ আসেনি। এখনও তিনি শত্রুর বিরুদ্ধে সক্রিয় আছেন।[২]

আল কায়েদা নেতা উসামা বিন লাদেনকে আফগানিস্তানে থেকে দল পরিচালনায় সব ধরনের সহযোগিতা করেছিলেন মোল্লা ওমর।

কোনো কোনো বিশ্লেষণের ধারনায় মোল্লা ওমর আফগানিস্তানের পাকিস্তান সীমান্ত বরাবর অবস্থান করে বা পাকিস্তান সীমান্তের ভিতর থেকে দল পরিচালনা করছেন।

১৯২৪ সালে উসমানী খেলাফতের পতনের পর সারা দুনিয়ার মুসলমানদের ভাগ্যাকাশ ছেয়ে গিয়েছিল কষ্টের কালো মেঘ। ফিলিপাইন থেকে মরক্কো পর্যন্ত, কেনিয়া থেকে বসনিয়া পর্যন্ত মানচিত্রের যেখানেই কোন লালচিহ্ন দেখা যেত কারওই বুঝতে ভুল হত না যে, এ লাল আর কিছু নয়, মুসলমানের নিষ্পাপ রক্ত। দুনিয়ার কোথাও আগুনের ফুলকি দেখা গেলে সবাই বুঝতে পারত এ আগুন কোন না কোন মুসলিম জনপদকেই জ্বালিয়ে দিচ্ছে। কোথাও মুসলিম জাতি মাথা উঁচু করে দাঁড়াবে তো দূরে থাক, উচিত পাওনাটুকু দাবী করার অধিকারও ছিল না।

মুসলিম বিশ্বের এই নাজুক পরিস্থিতিতে আমীরুল মুমিনীন মোলা মুহাম্মাদ ওমর (হাফিজাহুল্লাহু)-ই একমাত্র ব্যক্তি, যার হাত ধরে আফগান ভূমিতে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। দীর্ঘ পৌনে এক শতাব্দী পর দুনিয়ার আকাশে আবার উড়তে শুরু হেলালী ঝাণ্ডা। তাঁর হাতে জিহাদের দীক্ষা নেয় পৃথিবীর দিক-দিগন্ত থেকে ছুটে আসা মুক্তিপাগল মুসলিম তরুণরা। যারা আজ ইসলামী খেলাফত পুনঃপ্রতিষ্ঠার জন্য দুনিয়ার বিভিন্ন প্রান্তে জিহাদের ঝাণ্ডা উঁচু করছে।

এমন মহামানবকে যদি আমি 'ওমরে ছালেছ' তথা তৃতীয় ওমর বলে দাবী করি, তা হলে আমার দৃঢ় বিশ্বাস এতে আমি শব্দের অপপ্রয়োগকারী বলে গণ্য হব না।

—ফকীরুল্লাহ ওরদাগ

---

[২] বইটি বাংলায় প্রকাশ হওয়ার মুহূর্তে তালেবান কর্তৃক মোল্লা ওমর মুজাহিদের শহীদ হওয়ার বিষয়টি স্বীকার করা হয়েছে।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আফগানিস্তানের মানচিত্র ও ঐতিহাসিক পটভূমি

আফগানিস্তান এশিয়া মহাদেশের মাঝখানে অবস্থিত। তার উত্তর দিকে ছিল সোভিয়েত ইউনিয়ন। বর্তমানে উত্তর দিকে রয়েছে তুর্কমেনিস্তান ও উজবেকিস্তান। উত্তরপূর্ব দিকে আছে তাজিকিস্তান, পূর্বে চীন, দক্ষিণ পূর্বে পাকিস্তান এবং পশ্চিমে অবস্থিত ইরান।

আফগানিস্তানের মোট আয়তন ছয় লক্ষ বায়ান্ন হাজার (৬,৫২,০০০) বর্গকিলোমিটার এবং তাতে ঊনষাট শতাংশ (৫৯%) পখতুন, ঊনত্রিশ শতাংশ (২৯%) তাজিক, তিন শতাংশ (৩%) হাজারা গোষ্ঠী আর বাকী অন্যান্য গোষ্ঠীর লোকজন বসবাস করে। রাজধানী ও সবচেয়ে বড় শহরের নাম কাবুল। ভাষা পশতু ও ফারসী, ধর্ম ইসলাম এবং মুদ্রা আফগানী।

বংশপরাম্পরায় আফগান জাতি

হিজরী তৃতীয় শতাব্দী এবং খৃষ্টাব্দ দশম শতাব্দীতে সুলায়মান পাহাড়ের উপর আফগানদের পূর্বপুরুষ আব্দুর রশীদ কায়সের রাজত্ব ছিল। তার তিন পুত্র ছিল– ১. গারগাস্ত ২. বিটনী ও ৩. সিরকন। গোর পাহাড় হতে সুলায়মান পাহাড় পর্যন্ত এলাকা তাদের দখলে ছিল। কথিত আছে যে, আফগান জাতি এ তিন জনেরই বংশধর।

আফগানিস্তানের প্রসিদ্ধ ওলামায়ে কেরাম ও সুফী সাধকগণ

আফগানিস্তানের পবিত্র ভূমিতে উল্লেখযোগ্য বেশ কয়েকজন সুফী সাধক ও ওলামায়ে কেরাম জন্মগ্রহণ করেছেন তন্মধ্যে উল্লেখযোগ্য হলেন–

ইমাম আযম আবু হানীফা রহ., মুহাম্মদ ইবনে আকরাম রহ., আবু ইসহাক জাওযেজানী রহ., ইবরাহীম আদহাম রহ., আবু সুলাইমান মুসা রহ., ইমাম আবু দাউদ রহ., আবু মাশার বলখী রহ., ইবনে কুতাইবা মারওয়াযী রহ., ইবরাহীম ইবনে তালহা রহ., মুহাদ্দিস বাসানী রহ. ও ইবরাহীম ইবনে রুস্তম মারাবী রহ. এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

আল বিরুনী, ইবনে সীনা, ইবনে মাসকূয়া, আবুল ফযল বাইহাকী নাসরুল্লাহ, মুযাফফিক হারাবী, আবুলহীন হাযুইরী (দাতাগঞ্জ বখস রহ.)

ফেরুসী, তূসী, উনসুরী, মনূ চেহরী, সানাঈ, নাসের খসরু, আবুল ফরজ রুফী এবং মুখতারী গজনবীর মত জ্ঞানীগণ জন্ম নিয়েছেন।

আফগানিস্তানের সময়, সীমানা, প্রসিদ্ধ শহর, বিমান বন্দর, ক্যান্টনমেন্ট প্রসিদ্ধ রাজপথ, তার দূরত্ব ও বাণিজ্যিক পথ পরিচিতি

আফগানিস্তান দক্ষিণ পূর্ব এশিয়ার একটি পাহাড়ঘেরা দেশ। সময়ের ব্যবধান পাকিস্তানের তুলনায় আধা ঘণ্টা পিছনে থাকবে। আফগানিস্তানের মোট আয়তন ছয় লক্ষ বায়ান্ন হাজার বর্গ কিলোমিটার। পুরাতন বই পুস্তকে দেখা যায় যে, আফগানিস্তানের মোট আয়তন হল সাত লক্ষ পঞ্চাশ হাজার বর্গ কিলোমিটার। আফগানিস্তানের মানচিত্র বিশেষজ্ঞদের অভিমত হল এই যে, প্রায় এক লক্ষ বর্গ কিলোমিটারের চেয়েও অধিক এলাকা জোরপূর্বকভাবে ইরান দখল করে রেখেছে। যা বর্তমানে বেলুচিস্তান ও খোরাসানের অন্তর্ভুক্ত। ইরানের ভয় হল এই যে, তালেবান রাষ্ট্র শক্তিশালী হয়ে গেলে আফগানীরা তাদের এলাকা ফেরত চাইতে পারে।

আফগানিস্তানের সীমানা : পশ্চিমে ইরানের সাথে রয়েছে ১৩০০ কিলোমিটার। দক্ষিণ পূর্বে পাকিস্তানের সাথে রয়েছে ২৩০০ কিলোমিটার, চীনের ১৫০ কিলোমিটার এবং উত্তরে তাজিকিস্তান, উজবেকিস্তান এবং তুর্কমেনিস্তানের সাথে রয়েছে ৩২৪০ কিলোমিটার।

আফগানিস্তানের ৬টি কেন্দ্রীয় শহর রয়েছে– ১. রাজধানী কাবুল ২. জালালাবাদ ৩. পশ্চিম আফগানিস্তানে হেরাত ৪. দক্ষিণ আফগানিস্তানে কান্দাহার ৫. মধ্য আফগানিস্তানে গজনী ৬. উত্তর আফগানিস্তানে মাজার-ই শরীফ। এ সকল বড় বড় শহরগুলো তালেবানদের দখলে।

আফগানিস্তানে দুটি বড় বড় আন্তর্জাতিক বিমান বন্দর রয়েছে। ১. রাজধানী কাবুলের খাজা রওয়াশ। ২. কান্দাহার বিমান বন্দর, এগুলোও তালেবানদের দখলে। রাজধানী কাবুল এবং কান্দাহারের বিমান বন্দর ছাড়াও তালেবানদের নিকট আরো দশটি বিমান বন্দর ছিল।

১. জালালাবাদ বিমান বন্দর ২. হেরাত বিমান বন্দর ৩. ফারাহ প্রদেশে শীন ডান্ডের বিমান বন্দর, এ তিনটি বিমান বন্দর বেশ বড়, এগুলোর মধ্যে বড় ছোট সব ধরনের বিমান উঠা-নামা করতে পারত। ৪. নিমরোজ বিমান বন্দর

৫. গোর বিমান বন্দর ৬. গজনী বিমান বন্দর ৭. খোস্ত বিমান বন্দর ৮. গারদেজ বিমান বন্দর ৯. হেলমন্দ বিমান বন্দর ও ১০ কুন্দুজ বিমান বন্দর।

আফগানিস্তানে দশটি বাণিজ্যিক শহর রয়েছে। যথা ১. কান্দাহার ২. হেরাত ৩. জেরাঞ্জ (নিমরোজ) ৪. জালালাবাদ ৫. খোস্ত ৬. আসাদ আবাদ ৭. কুন্দুজ ৮. মাজার-ই-শরীফ ৯. কাবুল ১০. গজনী। এ সসকল বাণিজ্যিক শহরগুলোও তালেবানদের দখলে ছিল।

বহির্বিশ্বের সাথে সড়ক পথে যোগাযোগের জন্য আফগানিস্তানে দশটি বাণিজ্যিক গেট আছে। যথা ১. মনের সাথে স্পেন বোল্ডাক ২. পেশাওয়ারের সাথে তরে খাম ৩. তুর্কমেনিস্তানের সাথে তূর গান্ডি ৪. ইরানের মাশহাদ যাহেদানের সাথে জেরাঞ্জ ৫. মিরান শাহ এর সাথে গোলাম খান (খোস্ত) ৭. তাজিকিস্তানের সীমানার সাথে বন্দর শেরখাঁন ৮. দক্ষিণ উজিরস্তানের নিকট বারমাল ৯. বাজোড় এজেন্সীর নিকট মারওয়ারী ১০. উজবেকিস্তানের সীমান্তের সাথে হেরতান বন্দর এসকল বাণিজ্যিক গেটগুলোও তালেবানদের দখলে ছিল।

আফগানিস্তানের কয়েকটি প্রসিদ্ধ মহাসড়ক

১. চমন কান্দাহেরর মহাসড়ক ১০১ কিলোমিটার ২. কান্দাহার, হেরাত ও তূর গেন্ডীর মহাসড়ক ৬৭৯ কিলোমিটার ৩. ইসলাম কেল্লা ও হেরাত মহাসড়ক ১২৪ কিলোমিটার ৪. কাবুল ও তূর থাম ও জালালাবাদ মহাসড়ক ২৩২ কিলোমিটার। ৬. কাবুল কুন্দুজ শেরখান বন্দর মহাসড়ক ৪০৫ কিলোমিটার। ৭. কাবুল ও মাজার-ই-শরীফ মহাসড়ক ৪৫০ কিলোমিটার।

তালেবান নেতা মোল্লা মুহাম্মাদ ওমরের নাম ও বংশ পরিচিতি

মোল্লা মুহাম্মাদ ওমর একটি দ্বীনী ও ইলমী পরিবারের চেরাগ। দীনি খেদমতের কারণে শতাব্দীকাল থেকে তার বংশ সবার কাছে পরিচিত। তার পূর্ণ নাম মুহাম্মাদ ওমর। পিতার নাম মৌলভী গোলাম নবী আখুন্দ।

বংশধারা এ রকম– মুহাম্মাদ ওমর ইবনে গোলাম নবী আখুন্দ ইবনে মোল্লা মুহাম্মাদ রাসূল আখুন্দ ইবনে মৌলভী মুহাম্মাদ ইযাজ আখুন্দ।

হুতাক গোত্রের একটি সম্ভ্রান্ত পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। এই সম্প্রদায়টি প্রায় ১০০ বছর থেকে কান্দাহারে বসবাস করে আসছে। মধ্য এশিয়ার ন্যায়পরায়ণ মুজাহিদ শাসক আহ্মাদ শাহ আবদালীর খেলাফতের

রাজধানী কান্দাহারের নূরী গ্রামে জন্মগ্রহণ করেন তিনি। আজ থেকে প্রায় ৩৭ বছর আগে। এই গ্রামেই তার পিতা মাদরাসা ও মসজিদে ইলমে নববীর শিক্ষাদান ও ইমামতির দায়িত্ব আঞ্জাম দিতেন। এর আগে আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমরের বংশধর ইমারতে ইসলামী আফগানিস্তান-এর যাবেল প্রদেশের শাকনাই ও বৈরুত জেলায় বসবাস করত। সেখানে আজও পর্যন্ত তার বংশের একজন বিশিষ্ট বুযুর্গের নামে একটি কুপ প্রসিদ্ধ আছে।

যুগ যুগ ধরে ধারাবাহিক ইলম ও ইসলামের খেদমতের কারণে তার পূর্বপুরুষগণ বিশেষ মর্যাদা ও প্রসিদ্ধির অধিকারী ছিলেন। তাঁর পূর্ব পুরুষের অধিকাংশই আফগানিস্তানের দক্ষিণ প্রদেশসমূহ– যেমন কান্দাহার, যাবেল, উরযগানের বিভিন্ন মসজিদের ইমাম ও খতীব ছিলেন। পুরো আফগানজুড়ে তাঁরা (ধর্মীয় বিশিষ্ট ব্যক্তিবর্গের জন্য ব্যবহৃত) মোল্লা ও মৌলভী উপাধিতে প্রসিদ্ধ ছিলেন। বহু আগ থেকেই সাধারণ জনগণের একটি বিরাট অংশ তাদের ধর্মীয়, সামাজিক ও পারিবারিক যে কোন সমস্যায় এই পবিত্র খান্দানের বুযুর্গদের কাছে ছুটে আসে এবং সমাধান গ্রহণ করে।

পিতৃহীন বালক

আমীরুল মুমিনীন যখন মাত্র তিন বছরের বালক তখন তার পিতা মৌলভী গোলাম নবী আখুন্দ ৪০ বছর বয়সে ইন্তেকাল করেন। বালক ওমর ছিলেন তার বাবা-মায়ের একমাত্র নয়নমণি। কারণ, তার এক ছোট ভাই ও বড় তিন বোন অল্প বয়সেই আল্লাহর কাছে চলে গেছেন। পিতার ইন্তেকালের পর তিনি শুধু এতীমই নন; বরং এই বংশের একমাত্র প্রদীপে পরিণত। ভাই-বোন আর পিতৃছায়া বঞ্চিত এ বালকটি ছিল তার মায়ের একমাত্র অবলম্বন।

কারও কল্পনায়ও কোনদিন একথা উঁকি দেয়নি যে, এই এতীম বালক একদিন জিহাদ ফী সাবীলিল্লাহ, লড়াইয়ের ময়দানে বীরত্ব, মাখলুকের খেদমত এবং তাওয়াক্কুল আলাল্লাহ'র ভিত্তিতে 'আমীরুল মুমিনীন' খেতাব লাভ করবে। তাও আবার শুধু নামে বা বলপ্রয়োগের মাধ্যমে নয়; বরং বাস্তবিক অর্থেই।

পিতার মৃত্যুর পর তার বড় চাচা মৌলভী মুহাম্মাদ আনওয়ার তাঁর মাকে বিবাহ করেন। তার ঔরসে আল্লাহ তাআলা মোল্লা মুহাম্মাদ ওমরকে মা-শরীক তিনটি ভাই ও তিনটি বোন দান করেন। আলহামদু লিল্লাহ সবাই জীবিত আছেন।[৩] তিনটি ভাই-ই এখন জিহাদী খেদমত আঞ্জাম দিচ্ছেন।

---

[৩] এটা লেখকের সময়ের কথা। বর্তমানের কথা আল্লাহ তাআলাই ভাল জানেন।

তার চাচা চারজন। তাঁরা সবাই এখনও জীবিত আছেন। বড় চাচা মৌলভী মুহাম্মাদ আনোয়ারের অধীনে লালিত পালিত হন মুহাম্মাদ ওমর। এখনও পর্যন্ত খান্দানের দেখাশুনার দায়িত্ব বড় চাচার কাঁধেই রয়েছে। বাকী তিন চাচা হাজী মোল্লা মুহাম্মাদ হানাফী আখুন্দ, হাজী মোল্লা মুহাম্মাদ জুম্আ আখুন্দ, হাজী মোল্লা মুহাম্মাদ ওলী আখুন্দ। ওলী আখুন্দ সমাজে পীর সাহেব নামে প্রসিদ্ধ।

আমীরুল মুমিনী-এর সব চাচাই উঁচু মাপের বুযুর্গ। তবে তাদের মধ্যে মোল্লা মুহাম্মাদ ওলী আখুন্দ বিশিষ্ট। তার অধিকাংশ সময় অতিবাহিত হয় সিজদার হালতে।

খান্দানের সবাই একই পরিবারের অপূর্ব সৌহার্দ্য ও সম্প্রীতির সাথে বসবাস করেন। যুবকরা প্রত্যেকে জিহাদের কাজে লিপ্ত। অন্য মুসলমানদেরকে সঙ্গে নিয়ে আফগান ভূমিকে অবিচার, অশ্লীলতা ও পাপাচার থেকে মুক্ত করতে অহর্নিশি ব্যস্ত।

শিক্ষা

বালক ওমর প্রাথমিক শিক্ষা অর্জন করেন তাঁর বড় চাচা মৌলভী মুহাম্মাদ আনওয়ারের কাছে। তিনি উরযগান প্রদেশের বৈরুত জেলায় একটি মসজিদের ইমাম ও খতীব ছিলেন। তার আশপাশে সব সময় ছাত্রদের ভিড় লেগে থাকত।

আমীরুল মুমিনীন কুরআন-সুন্নাহ ও ইসলামী ফিকহের উচ্চতর জ্ঞান বড় বড় আলেম থেকে অর্জন করেন। (তাদের নাম আমি সংগ্রহ করতে পারিনি।)

আমীরুল মুমিনীনের শৈশবকাল অতিবাহিত হয় একটি বিশুদ্ধ ধর্মীয় ও ইলমী পরিবেশে। ইলম অর্জনের সুবাদে কিছুদিন তিনি চাচা মৌলভী মুহাম্মাদ জুম্আ আখুন্দ সাহেবের কাছেও অতিবাহিত করেন।

ব্যক্তিগত সম্পদ

সবর ও কানাআতের প্রতীক এই মোবারক খান্দানটি। ইসলামকে সমুন্নত রাখা এবং দীনি বিধিবিধান বাস্তবায়ন করাই এদের মিশন। মর্যাদা ও পার্থিব সুখ-স্বচ্ছন্দ্যের মোহ কখনও এই মিশনের পথে বাধা হয়ে দাঁড়াতে পারেনি। এ কারণে শুধু 'আমীরুল মুমিনীন' নয়; বরং তার চার চাচার কারওই ব্যক্তি মালিকানাধীন কোন সহায় সম্পত্তি– এমনকি থাকার ভাল একটি ঘরও নেই।

আঠারো বছরের যুবক জিহাদের ময়দানে

মুহাম্মাদ ওমরের বয়স তখন ১৮। একের পর এক শিক্ষা বছর পার করছেন তিনি। ১৩৯৮ হিজরী মোতাবেক ১৯৭৮ সন। মুহাম্মাদ ওমর তখন হিদায়া পড়ছেন। ফিকহে হানাফীর সর্বোচ্চ কিতাব। চলতি বছর বাদ দিয়ে শিক্ষা সমাপনের মাত্র দু'বছর বাকী। এমন সময় সারা আফগান জুড়ে ছড়িয়ে পড়ল এক অপবিত্র বিপব। রাশিয়ার বুকে জন্ম নেওয়া আদ্যোপান্ত ইসলামের সাথে সাংঘর্ষিক কমিউনিজম আন্দোলন। ইতিহাসে যা 'ইনকিলাবে ছাওর' নামে পরিচিত।

আফগানিস্তানের জনগণ খুব ভাল করেই আঁচ করেছিল যে, কমিউনিজম যে ভূমিতে প্রবেশ করবে তার ধর্মীয় অবস্থা মারাত্মকভাবে জর্জরিত হবে। কারণ, তাদের সামনে ছিল বুখারা, সমরকন্দ, দাগিস্তান আর তুর্কমেনিস্তানের জীবন্ত ছবি। সুতরাং তারা এ আন্দোলনকে প্রতিহত করার জন্য জীবনবাজী রেখে মাঠে নামল। জানবাজ সিপাহীদের এই কাতারে এসে শামিল হল আঠারো বছরের এক টগবগে যুবক। ধর্মীয় মূল্যবোধ আর খোদার দুশমনদের প্রতি বিদ্বেষে যার অন্তর ভরপুর। তখন তাঁর এক হাতে শোভা হেলালী ঝাণ্ডা আরেক হাতে খালেদী তলোয়ার। আচার-আচরণ আর জিহাদী কর্মকাণ্ডে ইসলামের স্বর্ণযুগ খেলাফতে রাশেদার আলামত স্পষ্ট।

তরুণ এই যুবকের হাত ধরেই আফগানিস্তানে উন্মোচিত হয় ইসলামের পুনর্জাগরণের ধারা। চারদিকে তমসা আর নিরাশার মুহূর্তে তৃতীয় ওমরের ভূমিকা পালন করার জন্যই আল্লাহ তাআলা তাকে নির্বাচন করেন। তাই এই মহামানব যৌবনের সূচনাতেই আল্লাহ তাআলার হুকুম ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ সামনে নিয়ে দাঁড়িয়ে যান।

এর আগে দীর্ঘদিন থেকে খেলাফতের ছায়া মুসলিম সমাজের মাথার উপর থেকে উঠে গিয়েছিল। ফলে যে বিধানটির গুরুত্ব মুসলমানদের দিল থেকে মুছে গিয়েছিল কিংবা মুছে দেওয়া হয়েছিল এমনকি তার অর্থ ও বিশুদ্ধ ব্যাখ্যা পর্যন্ত বদলে ফেলা হয়েছিল। মুসলিম উম্মাহকে নতুন করে সেই বিস্মৃত বিধান জিহাদের সবক পড়ানোর জন্য, তাদের অন্তর থেকে জিহাদ বিষয়ক সর্বপ্রকার সংশয় দূর করার জন্য এই মহামানব যৌবনের প্রথম কলি ফুটতেই বেরিয়ে পড়েন জিহাদের ময়দানে। আগ্রাসী শক্তি রুশদের হাত থেকে ইসলাম ও মুসলমানদেরকে রক্ষার উদ্দেশ্যে।

রোযগান প্রদেশে দুইবার আহত

আমীরুল মুমিনীন কিছু দিন রোযগান প্রদেশের বৈরুত জেলায় রাশিয়ান কমিউনিষ্টদের বিরুদ্ধে লড়াই করেন। এখানে থাকাবস্থায় পরপর দুইবার তিনি শত্রুর আঘাতে আহত হন।

প্রথমবার আঘাত পান পায়ে। দুশমনের রকেট তার পা ক্ষত-বিক্ষত করে দেয়। দ্বিতীয়বার তিনি মেশিনগানের ভয়াবহ হামলার আওতায় পড়েন। তখনও তিনি মারাত্মক আহত হন। মেশিনগানের লাগাতার বুলেট লাগার ফলে তার পুরো দেহ চালনীর ন্যায় ঝাঁঝরা হয়ে যায়। চিকিৎসা চলতে থাকে। আল্লাহ তাআলার অশেষ মেহেরবানীতে এক সময় তিনি সুস্থ হয়ে ওঠেন। বিলম্ব না করে আবার শরীক হন জিহাদী কাফেলায়।

তার বীরত্ব আর সাহসিকতা দেখে দুশমনরা সবসময় ভীত-সন্ত্রস্ত থাকত। সম্মুখসমরে তার বীরত্বপূর্ণ হামলার কারণে তিনি ছিলেন রুশদের চোখের কাটা। 'মোল্লা ওমর' নামটি উচ্চারিত হলেই রুশ সেনাদের কলিজায় যেন শেল বিঁধত। এসব কারণে তার চাচার আশঙ্কা হয়, না জানি ভাতিজা কমিউনিষ্টদের কোন গভীর ষড়যন্ত্রের শিকার হয়ে যায়। কারণ, তিনি যে অঞ্চলে জিহাদে লিপ্ত ছিলেন, সেটি ছিল কমিউনিষ্টদের ষড়যন্ত্রের উর্বর ভূমি। তাই তিনি ভাতিজাকে পরামর্শ দিয়ে বললেন, 'তুমি কান্দাহারের দক্ষিণ পশ্চিমে অবস্থিত পাঞ্জওয়ারী জেলায় চলে যাও। সেখানে গিয়ে গেরিলা হামলার কেন্দ্র নির্মাণ করের। কারণ, সেখানে এখনও কমিউনিষ্টরা পা জমাতে পারেনি।'

পাঞ্জওয়ারীতেই ছিল সেই মহাসড়ক যা দিয়ে রাশিয়ানদের বিশাল রসদবহর যাতায়াত করত। তা ছাড়া গেরিলা হামলার উৎকর্ষ দেখানোর জন্য অঞ্চলটি ছিল বড়ই উপযোগী।

আমীরুল মুমিনীন জিহাদী অভিজ্ঞতা সম্পন্ন দূরদর্শী চাচার পরামর্শে পাঞ্জওয়ারী জেলার পার্বত্য অঞ্চলে পৌঁছে গেলেন। সেখানে গিয়েই তার যুবক সাথীদের নিয়ে রাশিয়ান বলশেভিকদের বিরুদ্ধে একের পর এক হামলা পরিচালনা করতে লাগলেন। তাঁর আক্রমণ পরিচালনা এতই নিপুণ ছিল যে, অল্প দিনেই সে অঞ্চলে তিনি একজন সাহসী ও অভিজ্ঞ সমরবিদ হিসেবে প্রসিদ্ধি লাভ করেন।

জিহাদ ও মুসলমানদের সাথে অকৃত্রিম ভালোবাসা এবং সৌহার্দ্য ও নিষ্ঠাপূর্ণ আচরণ তাঁকে সকলের প্রিয় পাত্রে পরিণত করে দেয়। তাঁর বংশীয় মর্যাদা, স্বভাবগত শিষ্টাচার আর ময়দানের বীরত্বের ঘটনাসমূহ এলাকার ছোট বড় সকলের মুখে মুখে চর্চা হতে শুরু করে।

তৃতীয়বার আহত ও সুউচ্চ মনোবল

আমীরুল মুমিনীন মোলা মুহাম্মাদ ওমর মুজাহিদ পার্বত্য অঞ্চলের গেরিলা হামলার সময়ে রাশিয়ানদের সাথে এক রক্তক্ষয়ী যুদ্ধে অবতীর্ণ হন এবং তৃতীয়বারের মত মারাত্মকভাবে আহত হন। এতে তার ডান চোখ শহীদ হয়ে যায়। তাঁর কয়েকজন নিকটাত্মীয়ের বর্ণনা, গুরুতর আহত হওয়ার কারণে মোল্লা ওমরকে কোয়েটার এক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ডাক্তারগণ অপারেশন শেষে তাকে তায়াম্মুম করে নামাজ আদায় করার নির্দেশ দেন। ক্ষত স্থানগুলোতে পানি লাগাতে কঠোরভাবে নিষেধ করেন এবং বলে দেন, এতে বড় ধরনের ক্ষতি হওয়ার আশঙ্কা রয়েছে।

কিন্তু ডাক্তারদের নির্দেশনার বিপরীতে মোল্লা ওমর নামাজ ওযু করে পড়তে শুরু করেন। তিনি বলতে থাকেন, এই সামান্য ক্ষতের কারণে ওযু ছেড়ে দেওয়া আমার জন্য অসম্ভব। এ সময় তাঁর মা ও চাচা থাকতেন রোযগান প্রদেশে। তাদের খোঁজ খবর নেওয়ার জন্য তিনি মাঝে মধ্যে সেখানেও যেতেন।

ষোড়শ রকেট দ্বারা রাশিয়ান ট্যাঙ্ক বিধ্বস্ত

আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমরের প্রবীণ সাথী ও তালেবানের প্রথম সারির সর্বোচ্চ কমান্ডারদের তালিকায় যারা ছিলেন, তাদের মধ্যে বিশেষ কজন হলেন, মোলা মুহাম্মাদ শহীদ, মোলা নেক মুহাম্মাদ শহীদ এবং আমাদের প্রাণপ্রিয় কমান্ডার ফাতিহ কাবিল, হাজী মোলা বুরজান শহীদ, প্রসিদ্ধ কমান্ডার মোল্লা বেরাদার আখুন্দ, মোল্লা ইয়ারানা, মোল্লা আবদুল্লাহ এবং মোল্লা আখূ যাদাহ আখুন্দ।

আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর তখন মৌলভী মুহাম্মাদ নবী মুহাম্মাদীর দল 'হরকতে ইনকিলাবে ইসলামী'র আঞ্চলিক গ্রুপ কমান্ডার এবং আর,পি,জি:৭ (ট্যাঙ্ক বিধ্বংসী রকেট) পরিচালনায় খুবই পারঙ্গম। সে সময়ের স্মৃতিচারণ করতে গিয়ে আমীরুল মুমিনীন এক সঙ্গীকে বলেন,

একবার পাঞ্জওয়ারী জেলায় একটি রাশিয়ান ট্যাঙ্ক গোলাবর্ষণের জন্য খুবই উপযুক্ত স্থানে টিলার আড়ালে অবস্থান নেয়। সেখান থেকে লাগাতার গোলাবর্ষণের ফলে মুজাহিদদের অনেক ক্ষতি হতে থাকে। মুজাহিদদের একটি বড় অংশ ইতোমধ্যে শাহাদাত বরণ করেন। মুজাহিদগণ ট্যাঙ্কটির কারণে খুব বিপাকে পড়ে যান। কোনভাবেই সেটা বিধ্বস্ত করা যাচ্ছিল না। রাশিয়ানরা বড় চাতুর্য্যের সাথে ট্যাঙ্কটি এমন জায়গায় স্থাপন করেছিল, মুজাহিদদের মোর্চা থেকে যেখানটা টার্গেট করা ছিল প্রায় অসাধ্য।

কিন্তু পর্বতসিংহ মোল্লা ওমর কিছুতেই দমবার পাত্র নন। তিনি সংকল্প করলেন, যে কোন মূল্যে ট্যাঙ্কটি বিধ্বস্ত করেই তবে ক্ষান্ত হবেন। লাঞ্চার দিয়ে একের পর এক পনেরটি রকেট ফায়ার করলেন। অবশেষে ষোড়শ রকেটের মাধ্যমে আল্লাহ তাআলা মোল্লা ওমরের সংকল্প পূর্ণ করেন। রকেটটি ট্যাঙ্কের গায়ে লাগতেই সেটা ভঙ্গে টুকরা টুকরা হয়ে যায়। ট্যাঙ্কটির উপর দিকে অনেক দূর পর্যন্ত আগুনের ফুলকি দেখা যেতে থাকে। মুজাহিদরা সবাই আল্লাহ তাআলার শুকরিয়া আদায় করেন।

জিহাদ চলাকালীন বহির্বিশ্বের সাথে সম্পর্ক

জিহাদ চলাকালীন মোল্লা ওমর বা তার বংশের কেউ পার্শ্ববর্তী রাষ্ট্র পাকিস্তান বা অন্য কোন দেশে হিজরত করেননি। বরং অত্যন্ত দৃঢ়তা ও বীরত্বের সাথে লালভল্লুকদের চোখে চোখ রেখে ধর্মীয় মর্যাদাবোধ ও বংশীয় বীরত্বের কাহন ইতিহাসের পাতায় লিখতে থাকেন। দীর্ঘ চৌদ্দ বছরের জিহাদ চলাকালীন সময়ে কালকের মোল্লা ওমর আর আজকের আমীরুল মুমিনীন বহির্বিশ্বে কারও সাথেই কোন ধরণের সম্পর্ক স্থাপন করেননি। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হল, এই দীর্ঘ সময়ে শুধু দুই তিন বার মারাত্মক আহত হওয়ার পর চিকিৎসার জন্য কোয়েটা শহর পর্যন্ত যাওয়া হয়েছিল। পক্ষান্তরে অন্যান্য কমাণ্ডার ও নেতা বছরের কয়েকমাস পর্যন্ত পাকিস্তানে কাটাতেন। আফগান জিহাদের সূত্রে তারা বিভিন্ন রাষ্ট্রে ভ্রমণ করতেন এবং সমর্থক রাষ্ট্রপ্রধানদের সাক্ষাতে যেতেন। মোল্লা ওমর যেহেতু তখন পর্যন্ত বড় পর্যায়ের কোন কমাণ্ডার ছিলেন না, তাই আফগান ছেড়ে অন্য কোথাও যাওয়ার প্রয়োজন হয়নি। আর ভবিষ্যৎ বিচারে এ বিষয়টি দ্বীনের জন্য অত্যন্ত উপকারী সাব্যস্ত হয়। এটাকে আফগান জনগণের বরং সারা দুনিয়ার

মুসলমানদের বড় সৌভাগ্যই বলতে হবে যে, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ সারা জীবনের শুধু দুইটি পরিবেশেই দেখতে পেয়েছেন।

এক. দ্বীন শিক্ষার কোলাহলমুক্ত পবিত্র পরিবেশ।

দুই. জিহাদ ফী সাবীলিল্লাহর ময়দানে আল্লাহর কুদরত ও নসরতবেষ্টিত পরিবেশ।

তিনি যতটা আন্তরিকতা, উৎসাহ উদ্দীপনা ও দূরদর্শিতার সাথে জিহাদের ময়দানে দীর্ঘ চৌদ্দটি বছর কাটিয়েছেন, তার নযীর অন্য মুজাহিদ ও কমাণ্ডারদের মাঝে পাওয়া দূর্লভ।

আল্লাহ তাআলা আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদকে একদিকে নিষ্কলুষ ধর্মীয়, জিহাদী এবং গ্রাম্য পরিবেশ থেকে নির্বাচন করেছেন, অপরদিকে বহির্বিশ্বের নোংরা রাজনীতি ও ধর্মের লেবেলে হিটলারস্বভাবের রাষ্ট্রপ্রধানদের সংশ্রব থেকে পরিচ্ছন্ন রেখেছেন। এসব কারণেই মোল্লা মুহাম্মাদ ওমরের দেমাগে ইসলামের ওই চিত্রটিই সংরক্ষিত ছিল, যা কুরআন সুন্নায় পরিষ্কারভাবে বিবৃত আছে; যা খিলাফতে রাশেদার সোনালী যুগে মুসলিম সমাজে প্রচলিত ছিল। সেই কুরআনী সমাজনীতি ও রাষ্ট্রনীতির বরকতেই তালিবানদের নিয়ন্ত্রনাধীন বিস্তৃত অঞ্চলসমূহ শত ঝড়তুফান সত্ত্বেও নযীরবিহীন নিরাপত্তার আবাসভূমিতে পরিণত হয়।

বিবাহ ও শিক্ষকতা

আফগানিস্তান থেকে রুশ সেনাদের অপসারনের পর আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ নিজ এলাকায় ফিরে যান। বয়স তখন একত্রিশ। বিবাহের প্রয়োজন। তাই একটি সাধারণ পরিবারে অত্যন্ত অনাড়ম্বড়তার সাথে বিবাহ কার্যসম্পাদন করেন। বর্তমানে আমীরুল মুমিনীনের দুই সন্তান। ইয়াকুব ও ইদ্রীস। রাশিয়ানদের পতনের পর আফগানিস্তানে কমিউনিজমের সমাধি নির্মিত হয়। রাজধানী কাবুলে গঠিত হয় জিহাদী নেতাদের সরকার। জিহাদের তৎপরতা অব্যাহত রাখার প্রয়োজন থাকে না। তাই অন্যান্য মুজাহিদের ন্যায় মোল্লা ওমরও ফিরে যান আপন ভূমিতে। সেখানে গিয়ে তার পিতৃপুরুষদের ঐতিহ্য ধর্মীয় শিক্ষাদানে মনোনিবেশ করেন।

সময় বয়ে চলতে থাকে। কিন্তু জিহাদী নেতাগণ আল্লাহর পক্ষ হতে অর্জিত এ বিজয়ের সঠিক মূল্যায়ন করতে ব্যার্থ হন। শুধু ক্ষমতার লোভে তারা একে অপরের বিরুদ্ধে অস্ত্র তুলতে লাগলেন। আফগান জাতি তাদের পারস্পরিক লড়াই দেখে জিহাদের মত পবিত্র বিধানের প্রতি বীতশ্রদ্ধ হয়ে পড়ে। ব্যাপারগুলো মোল্লা ওমরের সামনে স্পষ্ট হতে থাকে। তিনি বিচলিত হয়ে পড়েন। কেনই বা তা হবেন না, তিনি তো অস্ত্র হাতে নিয়েছিলেন শুধু আফগান ভূখণ্ড রক্ষা করার জন্য নয়; বরং ইসলামের পূনর্জাগরণের জন্য। চোখের সামনে সুখস্বপ্ন ভেঙে যেতে দেখে তিনি কিভাবে স্থির থাকতে পারেন। তাই আরেকবার অস্ত্র হাতে নিতে তিনি বাধ্য হন। আল্লাহর উপর পূর্ণ বিশ্বাস ও ভরসা তাকে বাধ্য করে রক্তের নদীতে ঝাঁপ দিতে। এক ডজনেরও কম মুজাহিদ সাথী নিয়ে এ রক্তপিচ্ছিল পথে তিনি আবার পা বাড়ান।

কার জানা ছিল যে, এই চৌত্রিশ বছরের যুবক দুনিয়ার ইতিহাসে ইসলামের পূনর্জাগরণের ধারক বাহক হবেন। কিন্তু জমিনী জযবার সাথে যখন আসমানের ইচ্ছার মিলন ঘটে, তখন কিছুই অসম্ভব থাকে না। বিগত চার-পাঁচ বছর থেকে এই দুনিয়া ঐশী অলৌকিক নিদর্শনাবলী দেখে আসছে। উপরওয়ালার ক্ষমতা কী করতে পারে, তা দুনিয়ার মানুষ চর্মচক্ষু দিয়ে অবলোকন করছে। কুফুর ও নিফাকী শক্তির নিষেধাজ্ঞা, কুটকৌশল আর রাশি রাশি ডলার খরচ করা সত্ত্বেও তাহরীকে ইসলামী তালেবানের বীর মুজাহিদদের কাফেলা তাদের প্রাণপ্রিয় নেতা আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদের নেতৃত্বে ধীরে ধীরে মনযিলের দিকে অগ্রসর হতে থাকে। আমীরুল মুমিনীন সবসময় জিহাদী কাজে লিপ্ত থাকেন। তার নিকটের ব্যক্তিবর্গ ইচ্ছায় অনিচ্ছায় তার জন্য উৎসর্গপ্রাণ। অহঙ্কার, আত্মতুষ্টি, মর্যাদার মৌহ কোন কিছুর কল্পনাও করা যায় না তার মাঝে। অত্যন্ত বিনয়ী আর মিশুক স্বভাবের ব্যক্তি তিনি। কারও বিপদ আপদের কথা শুনলে অস্থির হয়ে পড়েন। সাধাসিধে পোশাক, অল্প আহার আর সামান্য বিশ্রামেই অভ্যস্থ তিনি। তিনি যেখানেই অবস্থান করেন সেখানকার লোকেরা তার দীনদারী, আমানতদারী, বিশ্বস্ততা সততা, উন্নত চরিত্র এবং বিনয়-নম্রতার খুব প্রশংসা করেন। যে কেউ তার সাক্ষাতে আসে তার উন্নত স্বভাব ও সুউচ্চ গুণাবলীর প্রশংসা না করে পারে না।

রাশিয়ানদের সাথে জিহাদের ১৪ বছরে বিভিন্ন দল-উপদল কোন্দল ও আত্মকলহে নুজ হয়ে পড়ে। বুরহানুদ্দীন রব্বানীর নীতিহীন শাসনামলে সামাজিক অস্থিরতা ষোলকলায় পূর্ণ হয়ে যায়। অনেকের দ্বারাই কোন না কোনভাবে পরের অধিকার খর্ব হতে থাকে। এমনকি আপন-পর নির্বিশেষে সমাজের মানুষ একে অপরের বিরোধিতায় মারমুখি অবস্থান নেয়। চারিত্রিক অধঃপতন সর্বনিম্নস্তরে গিয়ে ঠেকে। এমন সময়ও আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমরের কোন কথায় বা কাজে কেউ আঙুল স্থাপনের সুযোগ পায়নি। নিঃসন্দেহে এটা ছিল নিষ্ঠাপূর্ণ জিহাদের এক মোজেযা। মোল্লা মুহাম্মাদ ওমরের কারামত, আর ইসলামী ইতিহাসের একটি গর্বের অংশ। বিবাদ বিসংবাদের সয়লাবের মাঝেও মোল্লা মুহাম্মাদ ওমর -আলহামদু লিল্লাহ- সব ধরনের দ্বিধা সংশয় থেকে পবিত্র থাকেন। তিনি সমাজের দরিদ্র, অসহায়দের প্রতি এতটা সহমর্মী যে, তার আশপাশে সবসময় তাদেরকেই রাখেন, যারা বিগত জিহাদে নিঃস্ব হয়েছেন। কারও পা নেই, কারও হাত নেই; কেউ অন্ধ বা কারও দেহ অকেজো। জিহাদে আহত হওয়ার ফলে যারা উপার্জন অক্ষম হয়ে গেছেন মোল্লা ওমরের কাছে তারাই সবচেয়ে মর্যাদাবান লোক। এসব লোকের ও তাদের পরিবারের ভরণপোষণ, খোঁজখবর রাখা মোল্লা ওমর তার জীবনের মহান দায়িত্ব মনে করেন।

বিজয়ের পর অস্থিরতার শিকার আফগান জনগণ

ইসলামী রাষ্ট্র আফগানিস্তান গত দুই দশক থেকে বিভিন্ন নাযুক পরিস্থিতির শিকার হচ্ছে। বহু উত্থান-পতনের মুখোমুখি হচ্ছে দেশটি। আফগানের মরুবাসী জনগণ ৯ ডিসেম্বর ১৯৭৯ থেকে ফেব্রুয়ারী ১৯৯০ সাল পর্যন্ত ছিল রাশিয়ান সাম্রাজ্যবাদের শিকার। এই এগার বছরে ১৫ লক্ষ আফগান মুসলিম শহীদ হন। এদের মধ্য থেকে বড় একটি অংশ ইসলামের দুর্দিনে নিজেদের জীবন উৎসর্গ করার জন্য এসেছিল দুনিয়ার বিভিন্ন প্রান্ত থেকে। গৃহহীন হয়েছিল ৩০ লক্ষ আফগান। তারা নিজেদের বাড়িঘর ছেড়ে পাকিস্তান ও ইরানরে উদ্বাস্তু শিবিরগুলোতে গিয়ে মানবেতর জীবন যাপনে বাধ্য হয়। কয়েক লক্ষ মানুষ হারায় দেহের মূল্যবান অঙ্গপ্রত্যঙ্গ। এদের মধ্যে নিষ্পাপ শিশুদের সংখ্যাই ছিল বেশি।

এ ছিল পৃথিবীর ইতিহাসের আরেকটি কালো অধ্যায়, যার তুলনা হতে পারে শুধু চেঙ্গিজী বর্বরতার সাথে। এ ছিল সেই লাল ভল্লুকদের থাবা, যাদের ব্যাপারে প্রসিদ্ধি আছে যে, তারা যেখানে একবার প্রবেশ করে সেখান থেকে ফিরে যাবার নাম নেয় না। যারা মধ্য এশিয়ার অনেক মুসলিম দেশ এক এক করে আস্ত গিলে ফেলেছিল।

সাম্রাজ্যবাদ প্রতিষ্ঠার স্বপ্ন নিয়ে আফগানিস্তানে প্রবেশ তাদের জন্য হিতে বিপরীত হয়। অবৈধ অনুপ্রবেশ শুধু আফগানিস্তান নয়; বরং এশিয়ার অপরাপর মুসলিম দেশগুলোর নিরাপত্তা ও স্বাধীনতার পথ সুগম করে।

অর্থনৈতিক দিক থেকে আফগানিস্তান অতটা উন্নত দেশ নয়। সারাদেশ জুড়ে শুধু পাহাড় আর মরুভূমি। এজন্য পুরো আফগানিস্তানের প্রতি লাল ভল্লুকদের খুব একটা লোভ ছিল না; বরং তাদের টার্গেট ছিল মিঠা পানির ঝর্ণা পর্যন্ত পৌছা এবং সেখান থেকে পুরো দুনিয়ায় প্রভুত্ব কায়েম করা।

এই সুখস্বপ্নই তাদেরকে নিয়ে আসে আফগানিস্তানের প্রস্তরময় ভূমিতে। কিন্তু নিত্যনতুন টেকনোলজি, আধুনিক অস্ত্রে সজ্জিত বাহিনী অসহায় আফগান ঈমানদারদের হাতে মারাত্মকভাবে মার খায়। শহীদ জেনারেল জিয়াউল হক, শহীদ জেনারেল আখতার আবদুর রহমান, শহীদ ড. আবদুল্লাহ আযযাম রহ. এবং নাম না জানা আরও অসংখ্য শহীদের আত্মোৎসর্গ, ঈমানী চেতনা, আল্লাহ তাআলার উপর অবিচল আস্থা ও অনন্য যুদ্ধ কৌশলের কারণে রাশিয়ান বাহিনী যে কতটা বিপাকে পড়ে, তার দৃষ্টান্তমূলক অশুভ পরিণতি সারা দুনিয়া প্রত্যক্ষ করেছে। সাম্রাজ্যবাদের ভূত কাঁধে সওয়ার হওয়ার পর সুপার পাওয়ার রাশিয়া রিক্ত হস্ত আফগানদেরকে উপাদেয় লোকমা মনে করে গ্রাস করার ইচ্ছায় এসেছিল। ১৪ বছরের ব্যবধানে আহত কুকুরের মত গোঙাতে গোঙাতে এবং ক্ষতের রক্ত চাটতে চাটতে বিদায় নেয়। ইমাম শামেলের শিখানো সবক আবার স্মরণ হয়। এত বিশাল শক্তির অধিকারী হয়েও পুরো দুনিয়ার সামনে হাওয়ায় মিলে যায় তাদের অস্তিত্ব। এক শতাব্দী পূর্ণ না হতেই লেলিনবাদের কুপোকাত হয়।

এই অকল্পনীয় লাঞ্ছনাকর পরাজয়ের পর ১৯৭৯ সনের ফেব্রুয়ারী থেকে যখন রাশিয়ান বাহিনীর অপসারণ শুরু হয়, তখন সবার মনে এই আশা জাগে যে, এখন সময় এসেছে দীর্ঘ মেয়াদী যুদ্ধ আর শহীদানের রক্তের ফল ভোগ করার। কিন্তু তখনও পর্যন্ত কাবুলের সিংহাসনে গাদ্দার নযীবুল্লাহ বসে

ছিলেন। প্রকৃতপক্ষে তিনি ছিলেন আফগানিস্তানে লাল ভল্লুকদের নাটের গুরু। পনের লক্ষ্য শহীদের রক্তের ছোপ লেগেছিল তার কপালে। রুশ বাহিনীর সাথে যুদ্ধের অবসান হলেও এই গাদ্দারের সাথে মুজাহিদদের প্রতিরোধ যুদ্ধ ছিল অব্যাহত।

ওদিকে পাকিস্তানের রাজনৈতিক পরিস্থিতি খুব দ্রুত পরিবর্তন হতে লাগল। জেনারেল জিয়াউল হক ও জেনারেল আবদুর রহমান আখতার একটি হেলিকপ্টার দুর্ঘটনায় শাহাদাত বরণ করেন। বড় বড় কয়েকজন জিহাদী নেতার শাহাদাত বরণ ও মুজাহিদদের অভ্যান্তরীণ কিছু কোন্দলের কারণে আফগান জিহাদের ইতিহাসে এটি ছিল একটি দুঃসময়। কিন্তু আল্লাহ তাআলার সাহায্য ও বিশেষ অনুগ্রহে সময়টি কোন মতে পার হয়ে যায়। অবশেষে মুজাহিদ নেতাগণ পেশাওয়ারে সমবেত হন। কাবুলে কীভাবে প্রবেশ করা যায়, তা নিয়ে তারা পরামর্শ করেন । কাবুল থেকে মাত্র কয়েক কিলমিটার দূরে উত্তর আফগানিস্তানে একজন বাহাদুর মুজাহিদ ছিলেন। একজন গ্রুপ কমাণ্ডার। তিনি ছিলেন কর্মচঞ্চল ও সবার কাছে প্রিয়। পেশাওয়ারে অবস্থানরত নেতাদের সিদ্ধান্তের অপেক্ষা করছিলেন তিনি।

১৯৯২ এর এপ্রিলে মাসের শেষ দিকের কথা। দুজন জিহাদী নেতা আহমদ শাহ মাসউদ ও গুলবুদ্দীন হেকমতিয়ারের মাঝে কাবুলের ব্যাপারে ব্যাপক মতানৈক্য দেখা দেয়। জিহাদ চলাকালীন সময়েও এই দুই নেতার মাঝে বিভিন্ন বিষয়ে মতানৈক্য থাকত। কিন্তু এতদিন সকলের দৃষ্টি একদিকে নিবদ্ধ থাকার কারণে এসব মতানৈক্যের প্রভাব অন্যদের উপর তেমন একটা পড়েনি।

আফগান জাতির দূর্ভাগ্য যে, কাবুল বিজয় ও আফগান জিহাদের সাফল্যের প্রথম ধাপ হিসেবে জিহাদী সংগঠনগুলো যেদিন উৎসব পালন করে, সেদিন থেকেই আহমদ শাহ মাসউদ ও গুলবুদ্দীন হেকমতিয়ারের বাহিনীর মাঝে ক্ষমতা নিয়ে টানাটানি ও সংঘাত শুরু হয়ে যায়। এটাই হচ্ছে আফগান জিহাদের ইতিহাসে সবচেয়ে জঘন্য ও নির্মম অধ্যায়। যখন পনের লক্ষ শহীদের রক্ত নিষ্ফল করে দেওয়ার জন্য দুই নেতা মাঠে নেমে আসেন, তখন দেখতে দেখতে সবার মাঝে নৈরাশ্য ছড়িয়ে পড়ে। আফগান জিহাদের বদৌলতে দুনিয়ার অন্যান্য ইসলামী আন্দোলনে যে ইতিবাচক সাড়া পড়ছিল, তা ধুলোয় মিশে যেতে থাকে। বরং সেগুলোর অস্তিত্বই প্রশ্নের সম্মুখীন হয়।

জিহাদ ও মুজাহিদদের বদনাম হতে থাকে। শতাব্দীকাল পর আরেকবার ইসলামী জাগরণের যে স্বপ্ন দেখা যাচ্ছিল তা শুধুই দুরাশায় পরিণত হয়।

জিহাদ চলাকালীন সময়ে যেসব রাষ্ট্র ও সংগঠন মুজাহিদদের সমর্থক ছিল, তারা চেষ্টা শুরু করল যাতে মুজাহিদদের পারস্পরিক মতানৈক্যের কারণে এমন কিছু না ঘটে, যা লক্ষ লক্ষ শহীদের রক্তের সাথে গাদ্দারী বলে গণ্য হতে পারে। ইসলামাবাদ, পেশাওয়ার এমনকি হারাম শরীফেও বিশ্ব নেতাদের মাঝে বিভিন্ন আলোচনা হতে থাকে; কিন্তু কোন পদক্ষেপই ব্যর্থ হয়ে যায়।

১৯৯২ এর এপ্রিলের পর থেকে আফগানিস্তানের চলমান ঘটনাবলীর কারণে মুসলমানদের হৃদয় থেকে রক্তক্ষরণ হতে থাকে। নেতৃবৃন্দ একত্র হতেন। সন্ধি আলোচনা হত। তারপর ফিরে যেতেন। সংঘাত অব্যাহতই থাকত। এদিকে যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানে অবস্থানরত ভিনদেশী মুজাহিদগণ শুধু এতটুকু অপেক্ষা করতে থাকেন যে, পরিস্থিতি কিছুটা শান্ত হলেই তারা নিজ নিজ দেশে ফিরে যাবেন। তাদের ব্যাথিত হৃদয়ের উপশম শুধু এতটুকুই ছিল যে, তারা নিজ ঘরে ফিরে যেতে পারবেন। আগত প্রতিটি দিন তাদের আশা-ভরসায় পানি ঢালতে থাকে। আর নেতাদের গদি টানাটানি দুর্যোগ ও অস্থিরতা আরও বাড়াতে থাকে।

গৃহযুদ্ধের জোয়ারে নিরাপত্তাহীন আফগান ভূমি একটি ইসলামী রাষ্ট্র তো হয়ই না; বরং যত্রতত্র চেকপোষ্ট, ট্যাক্স, চুরি, ডাকাতি, সন্ত্রাসী, অস্ত্রের জোরে অপরের উপর প্রাধান্যবিস্তার ব্যাপক আকার ধারণ করে। কাবুলের সিংহাসনে বুরহানুদ্দীন রব্বানী চেপে বসেন। আর রাষ্ট্র পরিচালনার লাগাম ধরেন তারই অধীনস্ত সামরিক বাহিনীর প্রধান আহমদ শাহ মাসউদ। প্রধানমন্ত্রিত্ব গুলবুদ্দীন হেকমতিয়ারের ভাগ্যে এলে ক্ষমতার পূর্ণ সময়ে তিনি আপন মন্ত্রণালয় থেকে সামান্য দূরে যাওয়ারও সাহস পাননি। রাষ্ট্রের উত্তরাঞ্চলীয় তিনটি প্রদেশ শাসন করতে থাকেন একজন সাবেক সামরিক অফিসার। কেন্দ্রীয় সরকারের কোন কথাই কানে যেত না তার। কয়েকটি প্রদেশ ছিল কাবুল সরকারের অধীনস্ত সামরিক অফিসার আহমাদ শাহ মাসউদের নিয়ন্ত্রনাধীন। একটি প্রদেশ ছিল প্রধানমন্ত্রী গুলবুদ্দীন হেকমতিয়ারের বাহিনীর একাংশের এক কমাণ্ডারের অধীনে। আরেক কমাণ্ডারের অধীনে ছিল অপর এক প্রদেশ । বাদবাকি কিছু প্রদেশ ছিল বড় বড় নেতাদের

নিয়ন্ত্রনমুক্ত। সেখানে চলছিল স্থানীয় বাহিনীর শাসন। এমন পরিস্থিতিতে আফগানিস্তানকে একটি 'স্বাধীন রাষ্ট্র' খেতাব দেওয়া ছিল স্বাধীন রাষ্ট্রের অবমাননা করার নামান্তর। কান্দাহার, বুলদাক, যাবেল, হেলমন্দ, গজনীসহ আরও কিছু এলাকায় এমন কিছু সামরিক অফিসারের স্বায়ত্ব শাসন চলছিল, যারা নিজেদের মনমত সাধারণ জনগণকে ব্যবহার করতো।

এসব এলাকার চিত্র এতটাই নোংরা হয়েছিল যে নিরাপত্তা বলতে কিছুই সেখানে ছিল না। প্রতিটি উর্ধ্বতন নেতাই সাধারণ জনগণের সম্পদ লুটের চিন্তায় থাকতো। জনগণ তাদের প্রতিনিয়ত নির্যাতনে অতিষ্ট হয়ে ভাবতে শুরু, এমন দুর্বিসহ জীবন লাভের জন্যই কি আমরা ১৫ লক্ষ শহীদের রক্ত ঝরিয়েছি। আমাদের জীবন কি এই নেতাদের করুণার উপরই বেঁচে থাকবে। ক্ষমতার স্বেচ্ছাচারিতা এই পর্যন্ত পৌছে যে, প্রত্যেক ক্ষমতাবান ব্যক্তি নিজেকে সকল আইন-কানুনের উর্ধ্বে আর আশপাশের দুর্বলদেরকে তার আদেশের দাস ভাবতে থাকে।

এই দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে নিষ্ঠাবান মুজাহিদের করণীয় ছিল আবার কোমর বেধে মাঠে নামা। জিহাদের আকেরটি অধ্যায়ের সূচনা করা, যার লক্ষ্য হবে কুফরী শক্তিকে প্রতিহত করার পর ক্ষমতালোভী স্বার্থবাজ মুনাফিকদের হাত থেকে ক্ষমতার মসনদ মুক্ত করা এবং জনগণের জানমাল নিয়ে খেলায় ব্যস্ত লোকগুলোকে উচিত শিক্ষা দেওয়া। বাহ্যত এ কাজটি সাধারণ কোন কাজ ছিল না। কিন্তু কাজটি যতটা দুঃসাধ্য ছিল সময়ের দাবিতে কাজটির প্রয়োজন ছিল তার চেয়েও অনেক বেশি। তাই অতিক্ষুদ্র একটি দল এ প্রয়োজনের সর্বোচ্চ উপলব্ধিকে সামনে রেখে আল্লাহর উপর ভরসা করে দাঁড়িয়ে যায়। কারও কল্পনায়ও আসেনি যে সামান্য এই কয়জন মুজাহিদ কোন বড় ধরনের বিপ্লব সৃষ্টি করতে পারবেন। এবং চৌদ্দ বছরের যুদ্ধবিধ্বস্ত, গৃহযুদ্ধে জরাজীর্ণ ও অর্থনৈতিকভাবে চরম ভঙ্গুর একটি দেশে সমস্যার এতগুলো স্তর পাড়ি দিয়ে সফল অবস্থানে পৌছতে পারবেন।

কিন্তু দুনিয়া সাক্ষী, ১০/১২ জন যুবকের এ দলটি সমস্যার উৎসমূল নির্ণয় করতে সক্ষম হয়। সমাধানের পথও তাদের সামনে স্পষ্ট হয়। তাই উপায়-উপকরণের অভাব, সংখ্যাগত স্বল্পতা এবং পর্বতসম বাধা-বিপত্তি সত্ত্বেও খুবই অল্প সময়ে কাবুলের রাজ প্রাসাদে বিজয়ীবেশে প্রবেশ করে তারা।

একজন যুবক। যিনি ভালো মাপের একজন আলেম ছাড়া কিছুই নন। কর্মজীবনকে সীমাবদ্ধ রেখেছিলেন শিক্ষকতার মধ্যেই। তিনি একদিন কিতাব পড়াচ্ছিলেন। সামনে ছিল মাত্র ২১ জন ছাত্র। আচানক এক গাড়িচালক তার ক্লাশে প্রবেশ করে। নিজের দাস্তান শোনাতে চায় সে। গাড়িচালকের দৃষ্টিতে ক্লাশ দানকারী ব্যক্তি অনেক বড় আলেম।

চালক বলতে শুরু করে, আমি গাড়ি চালিয়ে যাচ্ছিলাম। একটি চেকপোষ্টে আমাকে দাঁড় করানো হল। অন্যায়ভাবে চড়া মূল্যের ট্যাক্স চাওয়া হল। আমি তাদের এক নেতাকে বললাম, এটা কি আল্লাহ তাআলা ও তাঁর রাসুলের হুকুম? তখন সে রাগে অগ্নিশর্মা হয়ে অনেকগুলো কুফরী বাক্য বলে ফেলল। কুফরী কথার বিবরণ দেওয়া যদিও কুফুরী নয়; কিন্তু তার সেই জঘন্য কথাগুলো মুখে আনার সাহস হচ্ছে না আমার।

মোল্লা মুহাম্মাদ ওমর গাড়িচালকের কথাগুলো শুনে শেষ করেন। সামনে রাখা কিতাবটি বন্ধ করে দেন তিনি। কিছুক্ষণের জন্য গভীর ভাবনায় ডুবে যান। সবাই নীরব, নিশ্চুপ। ছাত্রদের মনে জিজ্ঞাসা, মোল্লা ওমর কী ভাবছেন? সবার তন্ময়তা ভাঙিয়ে মোল্লা ওমর যখন মাথা উঁচু করলেন, চেহারায় তাঁর গাম্ভীর্য্যের ছাপ। মিশুক স্বভাব আর হাস্যোজ্জ্বল ব্যক্তিটির সারা দেহ যেন ক্রোধের আগুনে জ্বলছে। কিছুক্ষণ সবার দিকে তাকিয়ে কয়েকটি কথা বললেন। উদ্দীপ্ত কণ্ঠস্বর কিন্তু শান্ত। 'এখন আমাদের জন্য বেঁচে থাকা হারাম। যখন প্রকাশ্যে কুফরী কথা বলা হয়, ইসলামের নিদর্শনাবলীর অবমাননা করা হয়, তখন রাশিয়ান লালভল্লুক আর এই অপদার্থ কমাণ্ডারদের মাঝে কী পার্থক্য?'

কথাগুলো একশ্বাসে বলে শেষ করেন মোল্লা ওমর। ক্লাস তখনই শেষ হয়ে যায়। আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর বিলম্ব না করে একটি বৈঠক ডাকেন। শাসকগোষ্ঠীর বিরুদ্ধে কার্যক্রম শুরু হয়ে যায়। প্রথম বৈঠকে তাঁর সাথে শুধু পনের জন ছাত্র অংশগ্রহণ করে। বৈঠকে সিদ্ধান্ত হয় যে, আশপাশের কমাণ্ডারদের সাথে সাক্ষাৎ করে বলা হবে, 'তোমরা তওবা করো, অস্ত্র জমা দাও। অন্যায় চেকপোষ্ট বন্ধ করো।'

কয়েক দিন পর আরেকটি বৈঠক হয়। এ বৈঠকে আশপাশ থেকে প্রায় দেড়শ' জন ছাত্র অংশগ্রহণ করে।

একজন সাধারণ মৌলভী থেকে আমীরুল মুমিনীন

সাধারণ একজন মৌলভী। ইতিপূর্বে জিহাদ করেছেন রুশসেনাদের বিরুদ্ধে। মিশকাত পর্যন্ত পড়ার সুযোগ হয়েছে তার। ছাত্র অবস্থায় ময়দানে চলে যান। তাই পড়াশুনার শেষ পর্যন্ত পৌঁছা সম্ভব হয়নি। জিহাদের ময়দানে তার এক চোখ ও এক পা শহীদ হয়েছে। বিজয়ের পর পিতৃপুরুষদের ঐতিহ্য শিক্ষাজীবন নিয়েই ব্যস্ত হয়ে পড়েছিলেন। কিন্তু পরিস্থিতি তাকে বাধ্য করল আরেকবার ময়দানে নেমে আসতে।

এই মৌলভী সাহেবের নাম মোল্লা মুহাম্মাদ ওমর। মোল্লা আর মৌলভী তো সমার্থক। তার প্রকৃত নাম মুহাম্মাদ ওমর। পরবর্তীতে যেসব তালিবানে ইলম এই আন্দোলনের ভিত্তিপ্রস্তর রেখে ছিল, তারা তাকে নিজেদের আমীর সাব্যস্ত করে। কিছুদিন পর বিশিষ্ট সাধারণ সকলের কাছে তিনি সমাদৃত হন আমীর খেতাবে। এরপর থেকে শুরু হয় বিস্তৃত আন্দোলন। এক পর্যায়ে যখন কাবুল জয় হলে তাঁর নামের সাথে যুক্ত হয় আরেকটি শব্দ। পূর্ণ নাম দাঁড়ায় আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ।

যখন দেশ জুড়ে গৃহযুদ্ধের কারণে আফগানীরা বন্দীদশায় জীবন পার করছিল, চারদিকে বিরাজ করছিল হতাশা আর অস্থিরতা, তখন মোল্লা ওমর ও তাঁর পরিচালিত দল আশার আলো নিয়ে আবির্ভূত হয়। ঘন কালো অন্ধকার রাতে মরু ঝড়ে আক্রান্ত পথিক, রাতভর ধুলিঝড় আর দমকা হাওয়ার ঝাঁকুনি খাওয়ার পর রাতের শেষ প্রহরে পূবাকাশে ঊষার আলো দেখতে পেলে তার মনের অবস্থা যেমন হয়, মোল্লা ওমরের নেতৃত্বাধীন বাহিনীকে দেখে আফগানবাসীর মনের অবস্থাও তেমনই হয়েছিল। দুনিয়ার মানুষ সেই বাহিনীকে চেনে 'তালেবান' নামে। তালেবান শব্দটি তালিব'র বহুবচন। আরবী ও ফার্সীতে শিক্ষার্থী অর্থে ব্যবহার হয় শব্দটি। সুতরাং 'তাহরীকে তালেবানের' অর্থ শিক্ষার্থীদের আন্দোলন। যদিও এ দলে সাধারণ মানুষের সংখ্যাও কম নয়, কিন্তু এ দলের সূচনা ও কর্মমূলে যেহেতু শিক্ষার্থীরাই ছিল এবং রয়েছে, তাই তারা নিজেদের জন্য এ নামটিই বেছে নিয়েছে। সর্বপ্রথম তালেবানরাই গৃহযুদ্ধে লিপ্ত বাহিনীগুলোকে যুদ্ধবন্ধির আল্টিমেটাম দেয় এবং ক্ষমতাসীনদেরকে চাপ দেয় দেশব্যাপী সরকার ব্যবস্থা প্রণয়নের জন্য। কিন্তু যখন তাদের এই উদ্যোগ ব্যর্থ হয়, তখন তারা অস্ত্র জমা দেওয়ার জন্য সেইসব নেতাদের কাছে নির্দেশ পাঠায়, যারা ক্ষমতার

জোরে জনসাধারণের উপর নির্যাতন চালাচ্ছিল অথবা গৃহযুদ্ধের ইন্ধন যোগাচ্ছিল।

মোল্লা ওমরের মুখে তালেবান আন্দোলন

১৯৯৪ সালের গ্রীষ্মকাল। মধ্য এশিয়ার একটি দেশে দুজন আরোহী মোটর সাইকেলে করে ছুটে চলেছেন। বাহনটিতে দুজন আরোহী। কিছুদিন আগেই তারা কয়েকজন মিলে একটি আলোড়ণ সৃষ্টিকারী ঘটনা ঘটিয়ে ফেলেছেন। একটি অন্যায়ের প্রতিবাদ, একটি সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ। তিনি কাজটি করার জন্য যাদের সহায়তা পেয়েছিলেন তারা সবাই মাদরাসার ছাত্র। সুশীল সমাজের বিশিষ্টজনদের কর্মব্যস্ততা এতই বেশি যে তাদের ফুরসত নেই মানুষের বিপদাপদে এগিয়ে যাবার। আরো কিছু লোক এগিয়ে এসেছিলেন সেই মোটর সাইকেল আরোহীদের আহ্বানে সাড়া দিয়ে। তাদের কেউ স্থানীয় ব্যবসায়ী কিংবা স্বচ্ছল কৃষক। তাদের ছোট্ট দলটি গঠিত হয়েছিল মাদরাসার শরীয়াহ বিভাগে অধ্যয়নরত ছাত্র, মৌলভীদের নিয়ে। গ্রামের লোকদের জন্য সময়টি ছিল উৎসবের। বিয়ের অনুষ্ঠান, বরযাত্রী চলছে দলবেঁধে; কিন্তু যুদ্ধবিধ্বস্ত দেশটির হাইওয়েতে কোন নিরাপত্তা নেই, ডাকাত আর চোরের দলের উৎপাত এতটাই বেড়ে গিয়েছে যে, রাস্তার পাশে মরা লাশ পড়ে থাকলেও তা লোকজনের কাছে একটি স্বাভাবিক ঘটনা। এতটাই স্বাভাবিক যে, কেউ গাড়ি থামিয়ে লাশটিকে কবর দেয়া দূরে থাক, পথচারীরা পর্যন্ত দুবার ফিরে তাকানোর প্রয়োজন বোধ করে না। এহেন পরিস্থিতিতে, যে বিপদের আশঙ্কা ছিল, ঘটলো তা-ই। বরযাত্রীদের দল হাইওয়ে ডাকাতদলের খপ্পরে পড়ল। হতাহতের ঘটনা ঘটল। মহিলাদের উঠিয়ে নেয়া হল অপহরণ আর ধর্ষণের জন্য।

স্থানীয় পুলিশ-প্রশাসনের গণ্ডারের চামড়ায় সাধারণত ময়না তদন্তের আগে অনুভূতি হয় না। মাদরাসার একজন মোল্লা এই ঘটনায় ব্যাপকভাবে আক্রান্ত হলেন। তিনি বের হলেন, 'আমর বিল মারুফ ওয়ান নাহি আনিল মুনকার' এর ডাকে, সাথে ছিল মাদরাসার ছাত্ররা, যাদের বলা হয় তালেব। তালেবের বহুবচন 'তালেবান' মানে অনেকগুলো ছাত্র। কিছু মহিলাদের উদ্ধার করা সম্ভব হলো, আবার অনেকে ইতোমধ্যে নির্যাতনের শিকার হয়ে মৃত্যুবরণ করেছেন। গ্রামের লোকজনের আবেদনে যে প্রশাসন নির্বিকার ছিল সেই

প্রশাসনকে বসিয়ে রাখার কোন মানে হয় না। কাবুলের শাসক রব্বানীর অনুগত গভর্নর ও তার প্রশাসনকে কান্দাহার প্রদেশের গ্রামের লোকেরা বের করে দিল। শ্রদ্ধা আর ভালোবাসার সাথে তারা স্বেচ্ছায় তাদের দেখভাল করার দায়িত্ব তুলে দিল যে লোকটির হাতে তাঁর নাম মোল্লা মুহাম্মদ ওমর মুজাহিদ। যিনি সবার আগে এগিয়ে গিয়েছিলেন চোর আর ডাকাতদলের হাত থেকে মুসলিম নারীদের ইজ্জত রক্ষা করার ডাকে সাড়া দিয়ে। কিন্তু স্রোতের বিরুদ্ধে দাঁড়িয়ে, একা এভাবে এগিয়ে যাবার শক্তি তিনি কোথায় পেলেন? কিভাবে তিনি বাকি লোকদেরকেও সাহসী অগ্রযাত্রার সাথী করে নিলেন? আসুন শুনি তাঁর নিজের জবানীতে, 'তখন আমি মাদরাসায় পড়ালেখা করি, মাদরাসাটি ছিল 'সানজ সার' শহরে, কান্দাহারে। আমার সাথে আরও প্রায় ২০ জনের মত সহপাঠী ছিল। এরপর দেশে বিপর্যয় ছড়িয়ে পড়ল, খুন, হত্যা, লুটতরাজ, ডাকাতি এগুলো সহ্যের সীমা ছাড়িয়ে গেল, আর দেশের নিয়ন্ত্রণ ছিল দুর্নীতিবাজ, বাজে সমাজপতিদের হাতে। 'এই সমাজের অবস্থার উন্নতি ঘটবে, আবার সবকিছু স্বাভাবিক হয়ে আসবে' সবচেয়ে আশাবাদী লোকেরাও এমন আশা করা ছেড়ে দিয়েছিল। এমনকি আমি নিজেও তাদের মতই ভাবছিলাম। এরপর নিজেকেই বললাম,

لَا يُكَلِّفُ اللهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا.

'আল্লাহ তাআলা কখনো কাউকে তার শক্তি সামর্থ্যের বাইরে কোনো কাজের দায়িত্ব চাপিয়ে দেন না'।[৪]

এরপর আমাকে অনুপ্রাণিত করার জন্য এই আয়াতটিই যথেষ্ট ছিল, নইলে আমি হয়তো এই বিষয়গুলো ছেড়ে দিতাম। কারণ কোন কিছুই আমার সামর্থের মধ্যে ছিল না।

কিন্তু আমি আল্লাহর ওপর ভরসা করলাম, খাঁটি ভরসা। আর যে কেউ আল্লাহর ওপর এ পূর্ণ তাওয়াক্কুল করে, তার আশা কখনো হতাশায় পরিণত হয় না। মানুষ হয়তো ভাবতে পারে, কখন এই আন্দোলন শুরু হল? কারা এর পিছনে ছিল? অর্থায়ন কারা করল? পরিচালনা করল কারা? আর নিয়ন্ত্রণ করল কারা? আমি তাদের বলব, এই আন্দোলন তো শুরু হয়েছে সেদিন,

---

[৪] সূরা বাকারাহ : ২৮৬

যেদিন আমি আমার মাদরাসাতে টেবিলের ওপর বইটি ভাঁজ করে রেখে সাথে আরেকজন ভাইকে নিলাম, এরপর আমরা দুজনে মিলে পায়ে হেঁটে জানযাওয়াত এলাকার দিকে গেলাম। এরপর সেখান থেকে আমি একটি মোটরসাইকেল ভাড়া নিলাম। যে আমাকে ভাড়া দিয়েছিলেন তার নাম 'শুরুর'। এরপর আমরা তালুকান এলাকায় গেলাম। আর এভাবেই আমাদের আন্দোলন শুরু হল।

এরপর আমরা এক মাদরাসা থেকে আরেক মাদরাসার ছাত্রদের সাথে দেখা সাক্ষাত শুরু করলাম। ছাত্রদের যে সকল হালকা (স্টাডি সার্কেল) ছিল সেগুলোতে যেতাম। একদিন সকাল বেলায় আমরা একটি 'স্টাডি সার্কেলে' যাওয়ার পর দেখলাম, সেখানে ১৪জনের মতো ছাত্র অবস্থান করছে। এরপর আমি তাদেরকে একত্রিত করলাম আমার চারপাশে, আর বললাম, 'আল্লাহর দীন এখন মানুষের পায়ের নিচে, মানুষ প্রকাশে বেহায়াপনা, অশ্লীলতা করছে, খারাপ কাজ করছে, আর অপরদিকে যারা দীন মেনে চলার চেষ্টা করছে তারা তাদের দীনকে গোপন করে আছে, আর অসৎ লোকেরা পুরো এলাকায় নিয়ন্ত্রণ স্থাপন করে আছে। তারা মানুষের সম্পদ চুরি করে, রাস্তায় তারা মানুষের ইজ্জত হানি করে, খুন করে। এমনকি যদি কারো মরা লাশ রাস্তার ওপর পড়েও থাকে, তাহলে মানুষ নির্বিকার চিত্তে তার পাশ দিয়ে হেঁটে চলে যায়। গাড়ি চালিয়ে চলে যায় আর দেখে রাস্তার ওপর একটা মরা পড়ে আছে। কোন লোক যে এসে লাশটাকে তুলে নিয়ে গিয়ে দাফন করবে তাও খুঁজে পাওয়া যায় না।

আমি তাদেরকে আরও বললাম, 'এই রকম জরুরী অবস্থার মধ্যে শুধু পড়ালেখা নিয়ে ব্যস্ত থাকা সম্ভব না, চালিয়ে যাওয়াও সম্ভব না। আর এই সমস্যাগুলো স্লোগান দিয়ে সমাধান করা সম্ভব না, যার পিছনে কোন সমর্থন নেই। আমরা তালেবে ইলম এই দুর্নীতির বিরুদ্ধে ওঠে দাঁড়াতে চাই। যদি তোমরাও সত্যি সত্যি চাও আল্লাহর দীনের জন্য কাজ করতে, তাহলে আমাদের মাদরাসার আঙ্গিনা ছেড়ে বেরিয়ে আসতে হবে। এ ছাড়া আর কোন উপায় নেই।

আর আমি তোমাদেরকে খুলে বলছি, একটা মানুষও আমাদেরকে একটা পয়সা দিয়ে সাহায্য করার ওয়াদা করেনি। তাই তোমাদের এরকম মনে করার কোন কারণ নেই, আমরা আল্লাহর দীনের জন্য কাজ করব আর

বিনিময়ে অন্য কেউ আমাদের খাবারের ব্যবস্থা করে দিবে, বরং মানুষের কাছ থেকেই অনুরোধ করে আমাদের নিজেদের খাদ্য ও সাহায্য চেয়ে নিতে হবে।'

আমি বলেছিলাম, 'এটা একদিনের কাজ নয়, এক সপ্তাহ, এক মাস কিংবা এক বছরের কাজও নয়, বরং এতে অনেক দীর্ঘ সময় লাগতে পারে। তোমরা কি সেটা করতে তৈরি আছ?'

'গ্রীষ্মের এই দিনগুলো ছিল খুব গরমের। মনে হতো যেন কালো রঙয়ের কেটলীতে কেউ পানি গরম করছে আর আমি তাদেরকে এ বলে উৎসাহিত করতে লাগলাম যে, 'আজ এই রকম পরিস্থিতিতে তোমরা নিজ নিজ কেন্দ্রে বসে থাকতেই বেশি পছন্দ করছো! অথচ তারা সরাসরি আল্লাহর দীনের সাথে যুদ্ধ ঘোষণা করেছে। আর আমরা কিনা দাবী করছি আমরা আল্লাহর দীনের লোক! শরীয়াহর ছাত্র, অথচ আমরা শরীয়াহর সমর্থনে কোন কাজ করছি না।' কাজেই তোমরা বলো তোমরা কি এই কাজগুলো করতে তৈরি আছো? কিন্তু সেই চৌদ্দজনের মাঝে একজনও খুঁজে পাওয়া গেল না, যে এই কাজ করতে তৈরি আছে, তারা বলল, 'জুমার দিনে হয়তো আমরা এই কাজগুলোর কিছু কিছু কাজ করতে পারি।' আমি বললাম, 'তাহলে সপ্তাহের বাকি দিনগুলোতে কে এই কাজগুলো করবে?' আমি আল্লাহকে আমার সাক্ষী মেনে বলছি, এটাই ছিল বাস্তবতা, আর আমি যাবতীয় ইজ্জতের মালিক আল্লাহর সামনে শেষ বিচারের দিনে এই ঘটনার সাক্ষ্য দিব। আমাদের এই আন্দোলন আল্লাহর ওপর খাঁটি তাওয়াক্কুলের-ই ফল ছিল। কেননা, সেদিন যদি আমি ওই কয়েকজন ছাত্রের ওপর ভিত্তি করে অন্যদের প্রতিও একই রকম ধারণা করে বসে থাকতাম, তাহলে হয়তো আমি নিজেও আমার পড়ালেখায় মন দিতাম। মাদরাসায় ফেরত যেতাম; কিন্তু আমি আল্লাহর নামে যে শপথ করেছিলাম তা পূর্ণ করার দিকে মন দিলাম। আমি যে শপথ করেছিলাম তা পূর্ণ করেছি, আর আল্লাহও আমাকে পরিচালিত করেছেন যেমনটা আজকে আপনারা দেখছেন।

এরপর আমি আরেকটি পাঠশালাতে গেলাম। সেখানে প্রায় সতেরজন ছাত্র ছিল। আমি তাদেরকেও উদ্ভত পরিস্থিতি ও আমাদের করণীয় সম্পর্কে বিশদভাবে আলোচনা করলাম। এবার এই হালকার সতেরজনের সবাইকে পাওয়া গেল যারা আমাদের প্রস্তাবে আল্লাহর দীনের জন্য কাজ করতে রাজী

ছিল। সবার মাঝে অসাধারণ এক বন্ধন গড়ে ওঠে। ছেলে-বুড়ো, নারী-পুরুষ সবার প্রতি সবাই ছিল খুব আন্তরিক। মোটকথা, কাজটি ছিল সম্পূর্ন শরঈ ভিতের ওপর দাঁড়িয়ে। তাই এই কাজের শুরু থেকেই আমাকে একের পর এক পরীক্ষার সম্মুখীন হতে হয়েছে। এরপর আমরা যে একটি মোটর সাইকেল ভাড়া করেছিলাম, সেটিতে চড়ে একের পর এক মাদরাসা, স্কুল ও স্টাডি সার্কেলে ভ্রমণ করতে লাগলাম। আল্লাহর শোকর অল্প সময়ের মধ্যেই তিপ্পান্নজন লোক আল্লাহর ওপর পূর্ণ ভরসা করে কাজের জন্য তৈরি হয়ে গেল। এরপর আমি তাদেরকে আগামীকাল দেখা হবে বলে মাদরাসায় ফেরত আসলাম। কিন্তু তারা রাতের বেলায় সবাই একসাথে 'সানয সার' এ এসে হাজির হল। আর এটাই ছিল শুরু। আমাদের পরিকল্পনার বয়স চব্বিশ ঘণ্টা পার হবার আগেই আমাদের কাজ শুরু হলে গেল। ফযরের নামাযের পর সেখানে উপস্থিত একজন বলল, 'আজকে রাতে আমি স্বপ্নে দেখলাম, ফেরেশতারা 'সানয সার' এলাকায় প্রবেশ করছে, আমি তাদের সাথে মুসাফাহ করলাম। ওহ! কি কোমল ছিল তাদের হাতের পরশ। পরদিন সকাল দশটার দিকে হাজী বিশর নামক এক ভাই থেকে দুটো গাড়ি চেয়ে নিলাম। তিনি একজন ব্যবসায়ী। তিনি আমাদের দুটো গাড়ি দিলেন, একটা ছোট কার, আরেকটা বড় কার্গো ট্রাক। এরপর আমরা সবই ছাত্রদের 'কাশক নুখুদ' এলাকার দিকে সরিয়ে নিলাম। বাদবাকি অন্যান্যরাও আমাদের সাথে যোগ দিল। যখন একসাথে অনেক লোক জমায়েত হল, আমরা লোকদের কাছ থেকে অস্ত্র ধার করলাম। আর এভাবেই শুরু হয়েছিল আমাদের প্রতিরোধ আন্দোলন।' তাঁর ব্যক্তব্য শেষ– আল্লাহ তাকে হেফাযত করুন, বিজয় দান করুন এবং মুজাহিদিনদের সাহায্য করুন। আমিন।

হ্যাঁ, এটাই ছিল আন্দোলনের সূত্রপাত। আমেরিকা ইসলামিক আমিরাতের ওপর হামলে পড়ার আগ পর্যন্ত যা এক ধারায় চলছিল। যখন আমেরিকা এই ইসলামিক রাষ্ট্রের সাথে যুদ্ধ ঘোষণা করল, তারা ইতিহাসকে যেন পাল্টে দিল, তারা সাম্প্রতিক অতীতের এই বাস্তবতাকেও পাল্টে দিতে চাইল। তালেবানদের নাম দেয়া বিদেশী এজেন্ট, পাকিস্তানী ইন্টেলিজেন্সের দেশীয় রক্তপিপাসু দোসর, লুটেরা, হাইওয়ে ডাকাত, খুনী- যারা কিনা যমীনে নিজেদের কর্তৃত্ব ও অনাচার প্রতিষ্ঠা করতে চায়!!! আরও কত সহস্র পন্থায় অভিযোগ, ধোঁকা, চক্রান্ত করা হল এই ইসলামিক ইমারাহ'র বিরুদ্ধে। যে

সকল লেখক বুদ্ধিজীবী এ ইমারার বিরুদ্ধে তাদের কলমবাজী করেছিল, মিথ্যার বিষ ছড়িয়ে ছিল এরা মূলত বিকৃত মন-মানসিকতার শিকার স্বজাতির গাদ্দার, পরজীবী। সত্যানুসন্ধানী মানুষগণ জানেন, তালেবান কোনদিনই পাকিস্তানী ইন্টেলিজেন্সের খেলনা ছিল না। এখন আমেরিকা এবং পাকিস্তান সরকার উভয়েই তাদের দিকে এক তীরে লক্ষ্যভেদ করার চেষ্টা করছে। আর এখন তালেবান সারা দুনিয়ার কাছে প্রমাণ করে দিয়েছে যে, তারাও রাজনীতি বুঝে। তারা আমেরিকানদের ফাঁদে পা দেয় না, মুনাফিকদের ফাঁদে পড়ে না।

আমরা পুনরায় ফেরত যাচ্ছি সেই আন্দোলনের ঘটনাপ্রবাহের দিকে, 'কান্দাহারে শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার খবর খুব দ্রুত ছড়িয়ে পড়তে লাগল, দলে দলে তালেবে ইলমদের বহর আসতে লাগল, কান্দাহারের সীমানাবর্তী দক্ষিণ-পশ্চিম প্রদেশগুলো থেকে জনসাধারণ আসতে লাগল, তারাও এই তালেবে ইলমদের কাছে অনুরোধ জানাল যেন তাদের প্রদেশের কর্তৃত্ব নেয়া হয় এবং সেখানেও শরীয়াহ প্রতিষ্ঠা করা হয়। তারা সেই প্রদেশগুলোতে কর্তৃত্ব ও শরীয়াহ আইন প্রতিষ্ঠা করার ব্যাপারে সহায়তা করতে লাগলেন। আর এভাবেই, তালিবান ('তালিবান'-'তালেব' শব্দটির পশতু বহুবচন, যার অর্থ ইসলামী শরীয়াহ'র ছাত্রবৃন্দ-) আফগানিস্তানের এক পঞ্চমাংশ অংশের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করল, কোন ধরনের লড়াই ছাড়াই, বরং এখানে মানুষের নিরাপত্তা কামনা ও শরীয়াহ প্রতিষ্ঠিত করার ইচ্ছাই ছিল প্রধান শক্তি। আলেম, মৌলভী, মোল্লাদের সামাজিক মর্যাদার কারণে; শরীয়াহর ইলমের ছাত্রদের প্রতি মানুষের সম্মানবোধের কারণে কোন রকম বড় বাঁধা ছাড়াই তালেবানরা সামনের দিকে অগ্রসর হতে লাগল উত্তরের প্রদেশ, পূর্বে সবদিকে। আর কাবুলের শাসক রব্বানীর কাছে এই খবর পৌঁছেছিল যে, তার প্রতিদ্বন্দী হিকমতিয়ারের লোকেরা নিজেদের কাবুল থেকে পৃথক করে নিয়েছে, তাই তিনি তালেবানদের আন্দোলনের বিরুদ্ধে কোন অফিসিয়াল অবস্থান ঘোষণা করেননি বরং তিনি শরীয়াহ প্রতিষ্ঠার আন্দোলনকে সাহায্য করেন যেখানে মানুষের কাজের জবাবদিহিতা আছে। কিন্তু হিকমতিয়ার তার ফোর্সদের আদেশ করেন যেন তারা তালেবানদের কাছে আত্মসমর্পণ না করে।

তাই গযনী এলাকাতে কিছু সংঘর্ষ হল, এরপর উত্তরদিকে এভাবে কাবুলের দিকে একের পর এক এলাকা প্রায় উল্লেখযোগ্য কোন লড়াই ছাড়াই

পতন হতে লাগল। এমনকি বিভিন্ন দল, গোষ্ঠী যেমন চোর হাইওয়ে ডাকাত দল এরা পর্যন্ত শরীয়াহ ইলমের তালাবাহ বা ছাত্রদের সাথে সংঘর্ষে লিপ্ত হতে সংশয়ে ভুগতে লাগল। অন্যান্য দল যেমন, 'ইউনুস খালিস' এরপর 'হক্কানী' ফোর্স বাকতিয়াতে, খোস্তে তাদের ভূমি সমর্পণ করল। সায়াফে অধিকাংশ ফোর্স লড়াই থেকে বিরত থাকলো। নানকারহারের রাজধানী জালালাবাদের লোকজন যখন তালেবানদের সামনাসামনি দেখল, তাদের শরীয়াহ প্রতিষ্ঠার কথা জানলো, 'আমর বিল মারুফ ওয়াননাহি আনিল মুনকার' এর কথা জানতে পারল, তাদের নিরাপত্তা, হাইওয়ে চোর-ডাকাত নিধনের কথা ইত্যাদি জানতে পারল, তারাও তালেবানদের সমর্থনে এগিয়ে এল। এরপর তালেবানরা কাবুলের কাছাকাছি পৌছে গেল, সেখানে একটি সাধারণ বৈঠক অনুষ্ঠিত হল। ১৫০০ আলেমের উপস্থিতিতে ৩১ মার্চ হতে ৩রা এপ্রিলের সেই বৈঠকে মোল্লা মুহাম্মদ ওমরকে আনুষ্ঠানিকভাবে তালেবানদের আমীর নিযুক্ত করা হল এবং উপাধি প্রদান করা হল 'আমীরুল মুমিনীন'।

আর সেদিন থেকেই তালেবানদের কাছে শরয়ী আমীর হিসেবে তিনি গৃহীত হয়ে আসছেন আর তাদের মতে তাকে একজন খলীফার যাবতীয় দায়িত্ব প্রদান করা হয়েছে। তালেবানরা কাবুলের সীমান্তে পৌছে গেলেন আর রব্বানীর কাছে কিছু অনুরোধ নিয়ে গেলেন যার মধ্যে প্রধান চারটি হচ্ছে–

১. শরীয়াহ প্রতিষ্ঠিত করতে হবে।
২. সরকার হতে কমুনিষ্ট ও তাদের অনুসারীদের অপসারণ করতে হবে।
৩. দুর্নীতি, পতিতালয়, সিনেমা, গান-বাজনা, অশ্লীল ভিডিও ইত্যাদি নির্মূল করতে হবে।

কাবুলের শাসক রব্বানী তালেবানদের সাথে আলোচনার করার জন্য দূত পাঠাতে বললেন, তাই তারা আলেমদের দূত হিসেবে প্রেরণ করলেন, কিন্তু তারা প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ফোর্সদের দ্বারা বিশ্বাসঘাতকতার শিকার হলেন, এমনকি তারা তাদের অস্ত্র সোপর্দ করবেন, মারামারি বন্ধ করবেন আর আলোচনা শুরু করবেন এই প্রতিশ্রুতি দেয়ার পরেও তারা প্রেরিত দূতদের একটি অংশকে হত্যা করে বাকীদের ফেরত পাঠায়। যাদের হত্যা করা হয়েছিল তাদের সংখ্যা ছিল প্রায় আড়াইশ'জন। এরপর এ ধরনের বিশ্বাসঘাতকতার পরে তালেবানদের পক্ষ হতে কাবুল আক্রমণ করা ছাড়া

আর কোন পথই খোলা ছিল না। খুব অল্প সময়ের মধ্যে ১৯৯৬ সালের সেপ্টেম্বর মাসের ২৬তম রজনীতে কাবুলের পতন হল। তালেবানরা ১৯৯৭ সালে আফগানিস্তানের উত্তরাঞ্চল জয় করল, আর বামিয়ান-আফগানিস্তানে রাফেযিদের কেন্দ্রের পতন হল ১৯৯৮ সালে, আর এর পূর্বে কায়ান উপত্যকা- যার নিয়ন্ত্রণে ছিল (শিয়া) আগাখানি ইসমাইলী সৈন্যরা- এরও পতন হল। আর এখানে তালেবানেরা যে বিপুল পরিমাণ অস্ত্র গনীমতের মাল হিসেবে লাভ করল তা গণনা করা কোন সহজ কাজ ছিল না। আর বলা হয়ে থাকে আহলুস সুন্নাহ গত ৮০০বছরে এই উপত্যকায় কখনো প্রবেশ করেনি। আর এভাবেই মাত্র চার বছরেরও কম সময়ে তালেবানরা আফগানিস্তানের ৯৫ভাগ এলাকাতে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারল– যার শুরু হয়েছিল সেই সেদিনের মোল্লা মুহাম্মদ ওমর (আল্লাহ তাকে হেফাযত করুন) এবং তাঁর ভাইদের একটি অন্যায়ের প্রতিবাদের থেকে, যখন তারা একতাবদ্ধ হয়েছিলেন একদল মুসলিম নারীর ইজ্জত রক্ষা করার জন্যে যাদেরকে অপহরণ করেছিল কিছু চোর আর হাইওয়ে ডাকাতদল।

তালেবান্দের এই আন্দোলনে ব্যাপক জনসমর্থন লাভ করে। ফলে অল্প দিনেই এই আন্দোলন অনেক সাফল্য অর্জন করে। যেসব এলাকায় সামান্য অভিযান পরিচালনার ফলে লোকজন অস্ত্র জমা দিয়ে আনুগত্য প্রদর্শন করত, সেখানে তালেবানরা প্রতিনিধি নিযুক্ত করে সামনে বাড়তেন। প্রতিনিধিরা ওই এলাকার নিয়ন্ত্রণ সামলাত। এমনি করে ১৯৯৪ সালে শুরু হওয়া এ আন্দোলন ১৯৯৬ সালের ২রা সেপ্টেম্বরে মহান আল্লাহর অনুগ্রহে কাবুলও জয় করে ফেলে।

এক সময় তালেবানদের নিয়ন্ত্রণে আসে ২০টি প্রদেশ, যা পুরো আফগানিস্তানের ৬৬ শতাংশ এলাকা। পরে তারা ৯৫ শতাংশ এলাকার নিয়ন্ত্রণ নিয়ে ফেলে। যেসব এলাকায় তাদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়, সেখানে তারা ওই শাসনই বাস্তবায়ন করেন, যার জন্য নিষ্ঠাবান মুজাহিদরা ১৫ বছর রাশিয়ান উপনিবেশবাদের বিরুদ্ধে লড়াই করেছেন।

ইসলামী বিচার বিভাগ প্রতিষ্ঠা, বাইতুলমাল স্থাপন, সর্বসাধারণে নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে অস্ত্রসস্ত্র রাষ্ট্রীয় মালিকানায় নিয়ে আসা, দীনদার ও খোদাভীরু লোকদেরকে রাষ্ট্রীয় পদে বসানো, সমাজ থেকে অশ্লীলতা ও বেহায়াপনা দূরিকরণ ও সহনীয় মূল্যে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীসমূহ জনগণের

হাতে তুলে দেওয়াসহ বিভিন্ন পদক্ষেপ নেন তারা। জনগণের নিরাপত্তা সাধনে পুলিশ বিভাগ প্রতিষ্ঠা, প্রতিরক্ষা বিভাগ সুদৃঢ় করণ, শিক্ষা ব্যবস্থার সংস্কার ও জেলায় জেলায় আইন প্রয়োগের ব্যবস্থা, নগর উন্নয়ন বিভাগ প্রতিষ্ঠা, হাসপাতাল নির্মাণ ও উন্নত চিকিৎসার সহজলভ্যকরণ, পর্দাব্যবস্থা নিশ্চিতকরণ, সামরিক প্রশিক্ষণ কেন্দ্রের কার্যপদ্ধতি নির্ধারণ, বিশিষ্ট আলেম ও ধর্মীয় বরেণ্য ব্যক্তিদের থেকে ধর্মীয় দিকনির্দেশনা লাভের জন্য 'উলামা কাউন্সিল' গঠনসহ আরও অনেক প্রশংসনীয় পদক্ষেপ বাস্তবায়ন করতে থাকেন তারা। এ ছিল আফগান জাতির দীর্ঘদিনের লালিত স্বপ্ন। এই দৃশ্য দেখে দেখে মানুষ দলে দলে তালেবানের পতাকা তলে সমবেত হতে থাকে।

আন্দোলন আগে বাড়তে থাকে। এ সময় আহমাদশাহ মাসউদ, বুরহানুদ্দীন রব্বানী, গুলবুদ্দীন হেকমতিয়ার ও জেনারেল রশীদ দোস্তমসহ বিভিন্ন জন ক্ষমতা দখলের জন্য যে গৃহযুদ্ধ বাঁধিয়ে রেখেছিল তা থেকে বিরত থাকার আহ্বান করা হয়। কিন্তু তালেবানের এ আহ্বান শুধু অরণ্যে রোদনে পরিণত হয়। এরাই পরবর্তীতে কাবুল ও অন্যান্য স্থানে নিরাপরাধ মানুষদেরকে গনহারে হত্যা করে।

এক পরিসংখ্যান অনুযায়ী রাশিয়ান উপনিবেশের সময় আফগান জনগণের তত সম্পদ ধ্বংস হয়নি, যতটা বিগত চার বছর কাবুল ও তার আশপাশের এলাকায় গৃহযুদ্ধের কারণে ধ্বংস হয়। অথচ মোহান্ধ এসব নেতার অনুভূতিতে জনসাধারণের ক্ষতির বিষয়টি কোন আচরও কাটেনি।

এরপর যখন কাবুল বিজিত হয় এবং প্রায় ৩০টি প্রদেশ তালেবানের নিয়ন্ত্রণে চলে আসে, তখন উত্তর দিকে অভিযান চলতে থাকে। অপর দিকে শিয়া সংঘটন হিযবে ওয়াহদাত এর কারীম খলীলী এবং অপসারিত সাবেক সরকারের সেনাপ্রধান আহমাদশাহ মাসউদ যারপরনাই প্রতিবন্ধকতা সৃষ্টি করতে থাকেন। তালেবানের সামনে এটাই ছিল সবচেয়ে বড় বাঁধা।

এই দীর্ঘ সময়ে জায়নবাদ ও সাম্রাজ্যবাদী শক্তির নাচের পুতুল মুসলিম ঘরনার কিছু নেতা ও পশ্চিমা মিডিয়া তালেবানের আন্দোলনকে ব্যর্থ করার জন্য উঠে পড়ে লাগে। এমনকি পাকিস্তানের কিছু ইসলামী দলও এর শিকার হয়। একটি নিরেট ইসলামী রাষ্ট্রের সংগ্রামী ছাত্রদেরকে আমেরিকার এজেন্ট বলে প্রচার করতে থাকে তারা। ইন্ডিয়ার কথা ছিল, এরা রক্ত পিপাসু মিলিশিয়া। ক'দিন পরই এরা কাশ্মীর অভিমুখে রওয়ানা হবে। ইরানও

তালেবানকে সেকেলে ও গোঁড়া আখ্যা দিয়ে তাদের কর্মকাণ্ডকে জনগণের কাছে খারাপভাবে ফুটিয়ে তোলে। মধ্য এশিয়ার রাষ্ট্রগুলো আফগানিস্তানকে নিজেদের জন্য হুমকি মনে করতে থাকে।

বিভিন্ন দেশ পাকিস্তানের ভূমিকাকেও সন্দেহের চোখে দেখতে থাকে। বলা হয়, তালেবানের নেতৃত্ব বরং তাদের সহযোদ্ধা হল পাকিস্তানের রেগুলার আর্মি। পাকিস্তানের ইমেজ নষ্ট করার জন্য তারা তালেবানের সহায়তা করছে। বরং পৃষ্ঠপোষকতা করে তারা ইরান ও মধ্য এশিয়ার রাষ্ট্রগুলোর জন্য হুমকির উপকরণ আবিষ্কার করছে।

এসব প্রোপাগাণ্ডার উদ্দেশ্য ছিল, ইসলামী ভ্রাতৃত্বের রাষ্ট্রগুলো থেকে পাকিস্তানের সম্পর্ক ছিন্ন করে দেওয়া। যেহেতু আফগানিস্তানের অভূতপূর্ব পরিবর্তন দেখে পাকিস্তান স্বয়ংক্রিয়ভাবে প্রভাবিত হতে থাকে, সেজন্য এ অপপ্রচারও চালানো হয় যে, পাকিস্তান আফগানিস্তানের সহায়তা করে মধ্য এশিয়ার রাষ্ট্রগুলোর মধ্যে নিজের প্রভাব বিস্তার করতে চায়। পৌঁছতে চায় প্রাকৃতিক উপকরণে সমৃদ্ধ রাষ্ট্রগুলোর পর্যায়ে।

পাকিস্তান কর্তৃক আফগানিস্তানের প্রতি সহায়তা যদি ইসলামী ভ্রাতৃত্বের কারণে হয়ে থাকে, তবে এতে কারও মনঃকষ্টের কারণ নেই। (একথা সবার কাছে স্পষ্ট যে, ইসলামী বিশ্বে পাকিস্তানের অবদান উন্নতির চাবিস্বরুপ– উভয় রাষ্ট্রের মাঝে বাণিজ্যিক চুক্তি, পারস্পরিক সহায়তা প্রদান ও গ্রহণ।) এ ধরণের প্রশ্ন আফগানিস্তানের পরিবর্তনশীল কাঠামোকে ভেঙে খান খান করার জন্যই করা হয়। কিন্তু তালেবানের আন্দোলন ছিল সার্বজনীন। বর্ণ বা জাতির কোন ভেদাভেদ তারা করেনি। আন্দোলনে পারসিক, উজবেক, পশ্তুসহ বিভিন্ন জাতির সদস্য ছিল যথেষ্ট পরিমাণ। উত্তর আফগানিস্তানের জনগণও ক্ষমতা পূজারী কোন প্রতিনিধির অশুভ পরিকল্পনা বাস্তবায়ন হতে দেয়নি। নজিবুল্লাহর ফাঁসির দায়ভার জাতিসংঘের। কেননা, বিজয়ের সময় যখন ইউএনও'র সকল কর্মকর্তা আখের গোছানোর জন্য সেখান থেকে বের হয়ে যায়, তখন তারা নজীবুল্লাহকে কেন সেখানে ছেড়ে আসে? কমিউনিষ্টদের তল্পিবাহক নজীবুল্লাহর মত পাপিষ্ট শাসককে ক্ষমতায় টিকিয়ে রাখাই কি পনের লক্ষ শহীদের রক্তের প্রাপ্য?

নারী শিক্ষার নামে যে প্রোপাগাণ্ডা চালানো হয়, তা ছিল একেবারেই ভিত্তিহীন ও খোড়া যুক্তি। কমিউনিষ্টদের হাতে প্রণীত শিক্ষা ব্যবস্থা সংস্কার

করার প্রয়োজনকে কে অস্বীকার করবে? মেয়েদেরকে ইসলামী মূল্যবোধ অনুযায়ী শিক্ষিত করে তোলার জন্য এর বিকল্প ছিল না।

আরেকটি অপপ্রচার হল 'তালেবান পার্শ্ববর্তী রাষ্ট্রগুলোর জন্য হুমকি'। অথচ তালেবান নেতাদের সুস্পষ্ট ঘোষণা ছিল যে, এই আন্দোলন শুধু আফগানিস্তানের অভ্যন্তরীণ কাঠামোকে সুবিন্যস্ত করা ও জাতীয় নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে। তারা প্রতিবেশী রাষ্ট্রগুলোর সাথে সহনশীল ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখবে। সংখ্যালঘুদেরকে ইসলামের অনুপম দিকনির্দেশনা অনুযায়ী সংরক্ষণ করা হবে।

এমন পরিষ্কার কথার পরও যদি প্রোপাগাণ্ডা অব্যাহত থাকে, তবে তা সমাধানের কোন পথ তালেবানের কাছে নেই। তালেবানের পক্ষ থেকে এতটুকু আবেদন করব, যদি রাশিয়া, ভারত, ইরান ও অন্যান্য রাষ্ট্র অপসারিত সরকারকে সহায়তা ও অস্ত্র যোগান বন্ধ করে দেয়, তবে খুব শীঘ্রই আফগানিস্তানে নিরাপত্তা প্রতিষ্ঠিত হবে। তালেবান প্রতিবেশী রাষ্ট্রের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন শুরু করে দিবে।

পরিশেষে ফকীরুল্লাহর পক্ষ থেকে পাঠকদের প্রতি আবেদন হল, এ পর্যন্ত অবস্থা দৃষ্টে প্রমাণিত হয়েছে যে, তালেবানের আন্দোলন কোন বহিরাষ্ট্রের দালালী নয়। তাদের লক্ষ্য ও উদ্দেশ্যের ভিত্তিতে এমনটি হওয়া সম্ভবও নয়। অবশ্য অর্থনৈতিক দৈন্য ও অভিজ্ঞতার স্বল্পতার কারণে তাদের নেওয়া যে কোন পদক্ষেপ যদি কোন রাষ্ট্রের পক্ষে চলে যায়, তবে এতে তাদের কিছু করার নেই।

তালেবান আন্দোলন প্রতিষ্ঠা

আফগানিস্তানের মুজাহিদীন বিগত পনের বছর রাশিয়ার আগ্রাসনের বিরুদ্ধে নজীরবিহীন ত্যাগ ও কোরবানীর দৃষ্টান্ত পেশ করেছেন। যা ইতিহাসের সোনালী অধ্যায়। জিহাদের বরকতে রাশিয়ান বাহিনী আফগানিস্তান ত্যাগ করলেও নেতারা জনগণকে তাদের মনোপুত কোন ব্যবস্থা উপহার দিতে ব্যর্থ হয়। অথচ সে জন্যই পনের লাখ শহীদ নিজেদের প্রাণ বিসর্জন দিয়েছিলেন। আফগান জনসাধারণ খেলাফতে রাশেদার আদলে একটি ইসলামী রাষ্ট্র গঠনের আশা লালন করত। চোখের সামনে আপনজনের ত্যাগ ও কোরবানীকে নিষ্ফল হতে দেখে নেতাদের বিকৃত দৃষ্টিভঙ্গির উপর

তাদের আফসোস হতে থাকে। নেতাদের কাছে তাদের যে আবদার ছিল 'ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা হোক' তা পূরণ হল না। বরং সর্বত্র শুরু হয়ে যায় নিরাপত্তাহীনতা ও লুটতরাজ।

এই নাজুক পরিস্থিতিতে আফগানিস্তানের এক বীর পুরুষ মর্দে মুজাহিদ জনগণের আশা পূরণ করার জন্য সামনে অগ্রসর হন। রাশিয়ার বিরুদ্ধে রনাঙ্গণে অংশগ্রহণ করেছিলেন তিনি। আস্তে আস্তে সেই তরুণ মুজাহিদগণও তার পাশে জড়ো হতে থাকেন, ইসলামী খেলাফত প্রতিষ্ঠা যাদের আত্মত্যাগের একমাত্র উদ্দেশ্য। এই লৌহমানব, যিনি আজ থেকে চার পাঁচ বছর পূর্ব পর্যন্ত অপরিচিত ছিলেন, আজকের বিশ্ব তাকে আমীরুল মুমিনীন মোল্লা ওমর নামে চেনে। তার সহযোদ্ধা মুজাহিদরা যেহেতু (তালেবান) মাদরাসাপড়ুয়া, তাই দলের নাম রাখা হয় তালেবান ইসলামী আন্দোলন। আন্দোলনের সূচনা হয় কান্দাহারের শহর স্পেনবুলদাক এর একটি গ্রাম 'মেওয়ান্দ' থেকে।

দল প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল দেশ থেকে খুনখারাবী-লুটতরাজের সমাপ্তি ঘটানো এবং কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করা। দেখতে দেখতে এই আন্দোলন আল্লাহ তাআলার সাহায্যে বিপ্লবের আকার ধারণ করে। তাদের বিজয়ধারা দেখে সাহাবায়ে কেরামের কথা নতুন করে মনে পড়ে। যেসব এলাকা তালেবানের হস্তগত হয়েছে, সেখানে ইসলামী খেলাফত কায়েম করা হয়েছে। মূলত আফগান নাগরিকদের আন্তরিক বাসনা ছিল এটাই। এ কারণেই তালেবান আন্দোলন সর্বোচ্চ জনপ্রিয়তা লাভ করে। অবশেষে ২৬ সেপ্টেম্বর সন্ধ্যায় তালেবান কাবুল জয় করে। সাম্রাজ্যবাদীদেরকে সেখান থেকে তাড়িয়ে দেয়। সত্যের বিজয় নিশ্চিত হয়।

তালেবান যখন কাবুলের আকাশে বিজয়ের পতাকা উড়িয়ে দেয়, ঠিক তখনই তাগূত ও কুফরী শক্তিগুলো তালেবানের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়। তালেবানকে নিজেদের জন্য হুমকি মনে করতে থাকে। ইন্টারন্যাশনাল ও প্রাচ্যের তাগূতী শক্তিতে প্রভাবিত কিছু মিডিয়ার অপপ্রচারের ফলে তালেবানের প্রতি বিশ্ববাসী সন্দেহের দৃষ্টিতে তাকাতে থাকে। কেউ প্রচার করতে থাকে যে, এই বিপ্লবের মূল হচ্ছে আমেরিকা দ্বিতীয়বার কাবুলে জহীর শাহীর ন্যায় সেক্যুলার ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চায়। কেউ বলে, এসব কিছু পাকিস্তান পিছনে থেকে করাচ্ছে। ওখানে কোন তালেবান নেই। মূলত

আই.এস.আই-এর জোয়ানরা যুদ্ধ করছে। মোট কথা, যার মুকে যা আসে, সে তা-ই উগলে দিতে থাকে।

আমি নিজ চোখে যা দেখেছি

আমি তখন ছিলাম লাহোর। কয়েকজন বন্ধু মিলে সিদ্ধান্ত নিলাম, আমরা আফগানিস্তানে গিয়ে স্বচক্ষে সেখানের অবস্থা দেখে আসব। তারপর জনগণকে অবহিত করব। সফরে আমার সঙ্গে ছিলেন হাফেজ রুজী খান, নিলাগুমুদ আশরাফিয়া ইসলামী বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র শহীদ শের মুহাম্মাদ দরবেশ।

১৯৯৫ সালের ২৭ শে সেপ্টেম্বর বাসযোগে লাহোর থেকে পেশাওয়ারের উদ্দেশে রওয়ানা হই। পরদিন সকালে পেশাওয়ার পৌঁছি। সেদিন রাত কাটাই পেশাওয়ারেই। সকালে কোইটি টিল রোড ধরে খোস্তের উদ্দেশে রওয়ানা হই। ২৯ শে সেপ্টেম্বর আফগানিস্তানের প্রদেশ খোস্তের প্রাদেশিক কেন্দ্রে পৌঁছি। বের হয়ে পড়ি খোস্ত শহর দেখার জন্য। আমরা স্বচক্ষে দেখতে পাই সেখানে জনজীবন স্বাভাবিক। সাধারণ লোকদেরকে আমরা তালেবান সম্পর্কে জিজ্ঞাসা করি। সদ্য প্রতিষ্ঠিত নতুন রাষ্ট্রব্যবস্থা সম্পর্কে তারা আমাদেরকে জানায়, তালেবানের ইসলামী খেলাফত আমাদের জন্য আল্লাহর পক্ষ থেকে রহমত ও বরকত। পন্যের দাম কমে গেছে। সবখান থেকে লুটতরাজের পরিসমাপ্তি ঘটেছে। এখন আমরা ঘুমাতে পারি নিশ্চিন্তে।

ঘুরতে ঘুরতে আমরা গভর্নর হাউসের দিকে গেলাম। সেখানে পৌঁছে আমরা রীতিমত হতবাক। আমাদের ধারণা ছিল গভর্নর হাউস শত শত তালেবানের পাহারা বেষ্টিত থাকবে। আমরা তো পাকিস্তানে গড়ে ওঠা মানসিকতা নিয়ে এমন চিন্তা করেছিলাম। কিন্তু সেখানকার অবস্থা ছিল সম্পূর্ণ বিপরীত। পাকিস্তানে যা কল্পনাও করা যায় না। অল্পবয়সী এক মাদরাসাপড়ুয়া মুজাহিদ গভর্নর হাউসের প্রধান ফটকে পাহারা দিচ্ছিল। কেউ হাউসের ভিতর প্রবেশ করতে চাইলে ছাত্রটির অনুমতি নিয়ে ভিতরে প্রবেশ করে। আমরাও তা-ই কউলাম। প্রথমে তার কাছে গেলাম। প্রবেশের অনুমতি চাইলাম। হাস্যোজ্জল চেহারায় আমাদেরকে অভিনন্দন জানিয়ে ভিতরে প্রবেশের অনুমতি দিল সে।

গভর্নর হাউসে আগে থেকে অনেক বিলাসী জীবনোপকরণ বিদ্যমান ছিল। সেগুলোর মধ্যে অত্যন্ত মূল্যবান সুগন্ধিও ছিল। কিন্তু সেগুলোর প্রতি কর্মকর্তাদের বিন্দুমাত্রও আগ্রহ ছিল না। যখন বের হয়ে আসছিলাম, তখন আমাদের হৃদয় তালেবানের প্রতি সীমাহীন মুগ্ধ। আমাদের পাকিস্তানী হতাশ অন্তরগুলো এক ঐশী আনন্দে পুলকিত হল। এ যুগেও যদি কোন জাতি তাদের অবস্থা পরিবর্তন করতে চায়, তবে তা সম্ভব।

পাঠক! নিশ্চয় বুঝেছেন যে, পাকিস্তানীদেরকে যে হতাশা গ্রাস করে রেখেছে, অন্তত তা আমাদের অন্তর থেকে তা দূর হয়ে গেছে। আমাদের বিশ্বাস, যদি আফগানীরা সংশোধন হতে পারে, তবে আমরাও নিশ্চয়ই পারব।

সন্ধ্যা ঘনিয়ে আসছিল। তাড়াতাড়ি খোস্তের দক্ষিণে অবস্থিত কেন্দ্রে চলে গেলাম। সেখানকার ইনচার্জ মাওলানা আবদুর রহমানের সাথে সাক্ষাৎ কউলাম। তিনি খুবই মিশুক প্রকৃতি এবং অনুপম চরিত্রের অধিকারী ব্যক্তি। আমরা তাকে জিজ্ঞাসা কউলাম, কোন্ কোন্ দেশ থেকে আপনাদেরকে সহায়তা করা হচ্ছে? তিনি জবাব দিলেন, এখন পর্যন্ত আল্লাহ তাআলার সাহায্যেই চলছে। আল্লাহ ছাড়া অন্য কারও সহায়তা নেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি না। আমাদের উদ্দেশ্য, আল্লাহর দ্বীনের বিজয়। ইসলামের পতাকা সমুন্নত করা। যদি আল্লাহ তাআলা সাহায্য না করতেন, তা হলে আমরা আমেরিকা ও রাশিয়ার সাহায্য নিয়েও কিছু করতে পারতাম না। এখানেই আমাদের ও প্রতিপক্ষের মাঝে পার্থক্য। আমাদের সাথে আল্লাহ তাআলার সাহায্য আছে। প্রতিপক্ষের কাছে তা নেই। এজন্য তারা মাখলুকের কাছে প্রার্থনার ঝুলি খুলে ধরেছে।

আমরা গভর্নর হাউসে তিন দিন অবস্থান করার পর আমরা মাওলানা আবদুর রহমানের কাছে থাকলাম দুই সপ্তাহ। সেখান থেকে আমাদেরকে অন্য এক স্থানে পাঠানো হয়। খোস্ত শহর থেকে তার দূরত্ব প্রায় ৫ কিলমিটার। নাম নাদের শাহ কোট জেলা। সেখানে আমরা কয়েক জন মাদরাসাপড়ুয়া মুজাহিদদের সাথে অবস্থান কউলাম। আমরা পৌঁছতেই নাদের শাহ কোটে এক সপ্তাহ যাবৎ অবস্থানকারী এক ভাইয়ের কয়েক জন সাথী মুহাম্মাদ আগা আওলখত্বে'র দিকে রওয়ানা হয়ে গেল। তারা গেলেও আমরা অন্যদের সাথে রয়ে গেলাম। কিছুদিন পর আমাদেরও ইচ্ছা হল আওলখত্বের দিকে

যাওয়ার। ইচ্ছা পাকা করে ফেললাম। কিন্তু যাওয়ার একদিন আগে পাকিস্তান থেকে আমার এক আত্মীয় এবং আমার সফরসঙ্গী শের মুহাম্মাদ শহীদে'র দুই ভাই এলেন। গভর্নর হাউস থেকে আমাদের কাছে সংবাদ পাঠানো হল, আপনাদরে মেহমান এসেছেন। তারা খোস্তের গভর্নর হাউসে আপনাদের জন্য অপেক্ষা করছেন। আমরা সন্ধ্যায় ট্রাকযোগে খোস্তে পৌঁছলাম। দেখা গেল তারা সেখানে বসে আছেন। গভীর রাত পর্যন্ত তাদের সাথে আলাপ কউলাম। সকালে আমাদের প্রিয় সাথী মুহিব্বুল্লাহ আখুন্দ জীপযোগে কান্দাহার থেকে আমাদের কাছে পৌঁছলেন। তিনি বললেন, আমরা আওলখত্ব চাহার আসিয়াবে যাব। তোমরা যাবে কি?

আমরা বললাম, কেন যাব না? এসেছিই তো জিহাদ আর আফগানিস্তানের অবস্থা দেখতে। আমাদের কথা শুনে কমাণ্ডার মুহিব্বুল্লাহ আখুন্দযাদা খুবই খুশী হলেন।

সিদ্ধান্ত হল, অন্য কেউ আসার আগ পর্যন্ত আমাদের একজন কেন্দ্রে থেকে যাবেন। আমরা রুযীখানকে রেখে গেলাম। জীপ ও ট্রাকযোগে আমরা রওয়ানা হলাম। কেউ জীপে আরওহণ করল, আর কেউ রাস্তায় যে গাড়ী পেল তাতেই চড়ে বসল। এদের মধ্যে আমিও ছিলাম। যখন আমরা গাড়ীতে চড়লাম, তখন শের মুহাম্মাদ ও গেরিলা কমাণ্ডার মুহিব্বুল্লাহ আখুন্দযাদা ড্রাইভারের পাশের ছিটে বসলেন। আমি ছাদে আরওহণ কউলাম। সীটে অবশ্য জায়গা ছিল। কিন্তু চিন্তা কউলাম, কমাণ্ডার সাহেবের পাশে একই সীটে বসা ঠিক হবে না। এতে তিনি অশ্বস্তি বোধ করতে পারেন।

কমাণ্ডার সাহেব গাড়ির চালকের সাথে কতাবার্তা বলছিলেন। চালক তালেবান আন্দোলন সম্পর্কে জিজ্ঞাসা করছিল। সে বলল, আপনারা কোন্ কোন্ রাষ্ট্র থেকে সহায়তা পাচ্ছেন?

কমাণ্ডার সাহেব বললেন, আমরা আল্লাহ তাআলার সহায়তায় চলছি। আল্লাহ ছাড়া অন্য কারও সহায়তার প্রয়োজন নেই। আমাদের উদ্দেশ্য আল্লাহর দ্বীনকে সমুন্নত করা।

এই জওয়াব শুনে গাড়িচালক খুব খুশী হল। বলতে লাগল, উপরের ছাত্র ভাইটিকেও নীচে ডেকে আনুন। কেননা তিনি রাতে পাহারা দিয়েছেন। সীটে বসলে সামান্য হলেও আরাম বোধ করবেন এবং আমাদের জন্য দোয়া করবেন।

এ কথা বলে চালক গাড়ি থামাল। শহীদ শের মুহাম্মাদ আমাকে ডেকে বললেন, নীচে এসে সীটে বসুন। কেননা, আপনি গভীর রাত পর্যন্ত পাহারা দিয়েছেন।

চিন্তা কউলাম, আদেশ মান্য করাই সর্বোচ্চ আদব। কাজেই নেমে এসে সীটে বসলাম। গাড়ী চলছিল। হঠাৎ গারদীজ শহরের দুই কিলমিটার আগে এক চেকপোষ্টে আমাদের গাড়ী থামান হল।

মাদরাসাপড়ুয়া একজন ছাত্র এগিয়ে এল। দুঃখপ্রকাশ করে বলল–

প্রতিরক্ষা ও নিরাপত্তার স্বার্থে আমরা তল্লাশী নিতে বাধ্য। তাই দয়া করে আমাদের পক্ষ থেকে এমন আচরণে মনক্ষুণ্ন হবেন না।

তল্লাশী শেষে আবার গাড়িও সামনে চলতে লাগল। শহরের কাছাকাছি পৌছলে গারদীজ বাজার নজরে পড়ে। গারদীজ শহরে যখন পৌছলাম, তখন দুপুর। আমরা সেখানেই দুপুরের খাবার খেলাম। বিল পরিশোধের জন্য যখন আমাদের কমাণ্ডার মুহিব্বুল্লাহ আখুন্দযাদা কাউন্টারের দিকে যাচ্ছিলেন, তখন আমি মনে মনে বলছিলাম, যে খাবার আমরা খেয়েছি, তার বিল হবে সাত আটশ পাকিস্তানী রুপী। কিন্তু আশ্চর্য হলাম, মাত্র দেড়শ রুপী লাগল।

চিন্তা করুন, এই যুদ্ধ বিধ্বস্ত দেশটির তুলনায় আমাদের পাকিস্তানের দ্রব্যমূল্য কত বেশী?

খাবার খেয়ে লোগরের দিকে রওয়ানা হলাম। রাতটা লোগর শহরের একটি হোটেলে কাটালাম। পরামর্শ কউলাম, রাতে পাহারা দেওয়ার প্রয়োজন আছে কি না?

কমাণ্ডার সাহেব বললেন, রাতের বেলা। কে শত্রু আর কে বন্ধু জানা নেই। পাহারা দিতেই হবে। একেক ঘণ্টা করে পাহারার দায়িত্ব ভাগ করে নিলাম। পালাক্রমে পাহারা দিয়ে রাত শেষ হল। সকালের নাশতা উক্ত হোটেলেই সেরে নিলাম।

এরপর রওয়ানা হলাম চাহার আসিয়াবে'র দিকে। আমাদের কিছু সাথী ছিল লোগরের মুহাম্মাদ আগা জেলায়। আগে সেখানে গেলাম। এ সময় চাহার আসিয়াবে যুদ্ধ চলছিল। এক দুই দিন মুহাম্মাদ আগায় অবস্থান কউলাম। এরপরে চাহার আসিয়াবে'র দিকে রওয়ানা হলাম।

চাহার আসিয়াব পৌছে দেখতে পেলাম সড়কের দুই পাশে মোর্চা বানানো। এসব মোর্চা থেকেই যাত্রাপথে লোকদের থেকে অন্যায় ট্যাক্স

আদায় করা হত। কখনও গাড়ী ছিনতাই হয়ে যেত। অস্ত্রের জোরে পর্যটকদের মালামাল লুণ্ঠন করা হত। আরও অগ্রসর হয়ে দেখি রাস্তার সর্বত্র যুদ্ধের ছাপ। স্থানে স্থানে বিধ্বস্ত ট্যাংক, গাড়ী এবং লাশ পড়ে আছে। সাথীদের থেকে শুনেছি, সাবেক সরকার অপসারিত হওয়ার সময় বারুদভর্তি সুড়ঙ্গ তৈরী করে রেখে যায়। যার ফলে এই গাড়ী, ট্যাংক ও আহমাদশাহ মাসউদের অনুসারীরা ধ্বংস হয়েছে। এ সময় অনেক তালেবান মুজাহিদও অন্যদের মত শহীদ হয়েছেন।

চাহার আসিয়াব বাজারে পৌঁছতেই তোপের গোলার আওয়াজ কানে আসতে থাকে। সাথীদেরকে জিজ্ঞাসা কউলাম, কাদের পক্ষ থেকে গোলা ছোড়া হচ্ছে? তারা বলল, মাসউদের পক্ষ থেকে গোলা ছোড়া হচ্ছে।

আমি কমাণ্ডার সাহেবকে বললাম, আমি আওলখত্ব ছঙ্গে নাবিশতা যাচ্ছি। তিনি বললেন, চা পান করে তবে যাও।

এরপর চাহার আসিয়াব কমাণ্ডার সাহেব আমাদেরকে চা পান করালেন। চা পান শেষে আমি ও কয়েকজন সাথী আওলখত্বের দিকে পা বাড়ালাম।

প্রথম দিকে আমি দুই দিন শুকনা রুটি খেয়েছি। এতে আমি এই ভেবে আনন্দিত ছিলাম যে, আমরা আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য, তার দ্বীনের বিজয়ের জন্য শত্রুর সাথে লড়াই করছি। সুতরাং যদি এক মাস বরং এক বছরও শুকনা রুটি খেয়ে থাকতে হয়, থাকব। কোন সমস্যা নেই। কেননা, মুজাহিদের জন্য ধৈর্য্য, অল্পেতুষ্টি, সাহস, আল্লাহর ভয়, সাথীদের সম্মান প্রদর্শন ও উঁচু হিম্মত থাকা আবশ্যক। এগুলির সাথে যদি চলতে না পারি তবে প্রকৃত সওয়াব পাওয়া যাবে না। কেননা, কোমল পানীয়, সুস্বাদু খাবার এবং অন্য সব ভোগের উপকরণ পরিত্যাগ করে শুধু জিহাদের নিয়তেই বের হয়ে এসেছি। আমাদের সর্বদা ধৈর্য্য ও অল্পেতুষ্ট থাকতে হবে। যাতে আল্লাহ তাআলা আমাদের উপর সন্তুষ্ট হন।

চাহার আসিয়াবে আমরা প্রায় তিন মাস শত্রুর বিরুদ্ধে লড়াই করি।...

শত্রুর পক্ষ থেকে প্রায় বার দশেক আমাদের উপর আক্রমণ করা হয়। আল্লাহ তাআলার দয়া ও অনুগ্রহে আমরা শত্রুর প্রতিটি হামলাকে প্রতিহত করি।

একদিন চাহার আসিয়াবে আমাদের একসাথী মাগরিবের আযান দিচ্ছিলেন। এমন সময় শত্রুর গোলা এসে তার শরীরে লাগে। আযান অসম্পূর্ণই থেকে যায়। (তিনি শাহাদাত বরণ করেন।)

এর দুইদিন পর আমাদের এক বুযুর্গ কমাণ্ডার মুহাম্মাদ আগা– যিনি সুদর্শন, চরিত্রবান ও বাহাদুর ছিলেন– তিনিও গোলার আঘাতে মারাত্মক জখম হন। আমরা তৎক্ষণাৎ তাকে চাহার আসিয়াব ক্লিনিকে পাঠিয়ে দিই। সেখানে তাকে ব্যাণ্ডেজ লাগিয়ে লোগার পাঠানো হয়। সেখানকার দায়িত্বশীলরাও .... চিকিৎসায় ত্রুটি করেননি। কিন্তু প্রিয় এই কমাণ্ডার মুহাম্মাদ আগা শাহাদাত বরণ করেন। শাহাদাতের পর তাকে বিমানযোগে কান্দাহার প্রেরণ করা হয় এবং সেখানেই দাফন করা হয়।

আমাদের দ্বিতীয় কমাণ্ডার মুহিব্বুল্লাহ আখুন্দযাদা ছিলেন মুহাম্মাদ আগা সাহেবের স্থলাভিষিক্ত। মুহাম্মাদ আগা সাহেবের শাহাদাতের পর সাথীদের দায়িত্ব মুহিব্বুল্লাহ সাহেবের হাতে সেপার্দ করা হয়। চাহার আসিয়াবে আমাদের সাথীরা দীর্ঘ সময় শত্রুর মোকাবেলা অবস্থান করেন। এজন্য তাদের ছুটি কাটানোর অনুমতি দেওয়া হয়। শহীদ মুহাম্মাদ বুরজান কমাণ্ডারের কাছ থেকে কান্দাহার যাওয়ার অনুমতি পান। তিনি তাকে বিমানে যাওয়ার আবেদন পত্রে সাক্ষরও করে দেন। এভাবে ছুটি নিয়ে চার জন সাথী কান্দাহার চলে যান। তাদের মধ্যে আমার সাথী শের মুহাম্মাদ দরবেশও অন্তর্ভুক্ত ছিলেন। তিনি কান্দাহারে আমাদের এক বড় কমাণ্ডার ইজ্জতুল্লাহর কাছে পৌছেন। মৌলভী ইজ্জতুল্লাহ কিছু দিন আগে চাহার আসিয়াবে বোমা বিস্ফোরণে একটি পা হারান। এ কারণে তিনি কান্দাহার থাকতেন। সে সময় কমাণ্ডার সাহেবের সেবার জন্য আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর (হাফিযাহুল্লাহ)ও আগমন করেন। আমার সাথী শের মুহাম্মাদও মোল্লা ওমর (হাফিযাহুল্লাহ)-এর সাথে দেখা করেন। তিনি খুব খুশী হন।

শহীদ শের মুহাম্মাদ দরবেশ বলেন, আমি মোল্লা মুহাম্মাদ ওমর (হাফিযাহুল্লাহ)-কে বললাম, আমি আপনার সাথে দেখা করার জন্য এসেছি।

আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ বললেন, আমি এমন কি হলাম যে আমার সাথে দেখা করার জন্য এসেছেন?

মোল্লা ওমরের সাথে সাক্ষাতের কয়েকদিন পরই আমার সাথী কান্দাহার থেকে ফিরে আসেন। ফিরে আসতেই আমি তাকে বললাম, চলো, আমরা পাহারা দিই। সে বলল, ঠিক আছে।

রাতে আমি তাকে বললাম, ভাই তুমি ঘুমাও। কেননা, তুমিও খুব ক্লান্ত। আমি একাই পাহারা দেব। সে বলল, আমিও পাহারা দেব।

এভাবে পাহারা দিতে দিতে রাত কেটে গেল।

সকালে আমি শহীদ শের মুহাম্মাদকে বললাম, আমাকে লাহোর যেতে হবে। তুমি যাবে কি না? সে বলল, আমি যাব না। আপনার যেতে হলে একাই চলে যান।

কমাণ্ডার সাহেব ও সাথীর অনুমতি নিয়ে ওয়াগান (মালগাড়ী)-যোগে চাহার আসিয়াব থেকে লোগার, লোগার থেকে টয়োটাযোগে খোস্ত পৌঁছলাম। খোস্ত থেকে সোজা পেশাওয়ার এলাম। পেশাওয়ার যখন পৌঁছি, তখন রাত। গেট বন্ধ ছিল। আমরা উচ্চ আওয়াজ বললাম, গেট খোলো।

পাহারাদার বলল, তোমাদের পরিচয় কি? বললাম, আমরা তালেবান। চাহার আসিয়াব আওলখত্ব থেকে এসেছি।

পাহারাদার গেট খুলে দিল। আমরা ভিতরে ঢুকলাম। আগে নামাজ আদায় করে নিলাম। এরপর ঘুমিয়ে পড়লাম।

চাহার আসিয়াব থেকে আসার সময় আমার সাথী শের মুহাম্মাদকে বলে এসেছিলাম, দেখ, এখন যুদ্ধের সময়। আল্লাহ না করুন, যদি কোন অঘটন ঘটে যায় তবে তৎক্ষণাৎ আমাকে চিঠি মারফত জানাবে।

প্রিয় পাঠক! সে আল্লাহ তাআলাকে সন্তুষ্ট করেছে। তাকদীর কী! যখন পেশাওয়ার পৌঁছি, তখন শহীদ শের মুহাম্মাদ ও আরও দুই সাথী মারাত্মক আহত হয়। এ সময় আমি পেশাওয়ারে, আর আমার প্রিয় সাথী ময়দানে রক্তে রঞ্জিত।

তখন পেশাওয়ারে আখিলো ক্যাম্পে একটি কনফারেন্স চলছিল। উদ্দেশ্য, লোকদেরকে তালেবান আন্দোলনের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করা এবং তাদের পরবর্তী করণীয় নির্ণয় করা। কাবুলের প্রধান বিচারপতি মাওলানা নূর মুহাম্মাদ সাকিব বলেন, এখানও জিহাদ পূর্বের ধারাবাহিকতায় চলছে। সুতরাং আপনাদের সকলের দায়িত্ব হল, তালেবানকে সহায়তা করা। ইসলামের কালিমা বুলন্দ করার জন্য জিহাদ অব্যাহত রাখা।

লাহোর পৌঁছবার কিছুদিন পর একটি চিঠি এল। চিঠিটা পাঠিয়েছে কোয়েটা থেকে শহীদ শের মুহাম্মাদ। যেহেতু আমি তাকে কোন সমস্যা হলে জানাতে বলে এসেছিলাম, তাই সে চিঠিখানা পাঠিয়েছে।

চাহার আসিয়াবে শহীদ শের মুহাম্মাদ ও আরও ২১ সদস্য একটি ভারী গোলার আঘাতে মারাত্মক জখম হন। তিনি আহত হয়েছিলেন ১৯৯৫ সালের

ফেব্রুয়ারী মাসে। ঘটনাস্থল থেকে তাকে বিমানযোগে কান্দাহার, কান্দাহার থেকে এ্যাম্বুলেন্সযোগে কোয়েটায় পাঠানো হয়। রাত দশটার এ্যাম্বুলেন্স কোয়েটায় পৌঁছে। শহীদ শের মুহাম্মাদের সাথে আমার আরও দুই সাথী আহত হয়েছিল। সবমিলে ২১ জন হতাহত হয়। কিন্তু উল্লিখিত তিন জন ছিল লেখকের ঘনিষ্ট বন্ধু। তিন সাথীরই পা আলাদা হয়ে গিয়েছিল। তাদের মধ্যে ট্যাঙ্কচালক সেপনগুল ও মির্জা খানও ছিলেন। তাদেরকে কোয়েটার এক হাসপাতালে ভর্তি করা হয়। আমি শহীদ শের মুহাম্মাদের চিঠি হস্তগত হলেই কোয়েটার উদ্দেশে রওয়ানা হই।

এর আগে মাওলানা আবদুজ জাহির সাহেব আমাকে স্থানীয় একটি মাদরাসার শিক্ষাসচিবের দায়িত্ব দেন। সাথীদের সংবাদ শুনে আমি দুই হাজার টাকার চাকুরী রেখে সাথীদের খেদমতে হাজির হই। বিশদিন তাদের খেদমত করার পর বিশেষ প্রয়োজনে লাহোর আসতে হয়। তাদের অনুমতিই নিয়ে আমি লাহোর চলে আসি। সাথীদের সেবার জন্য আমি একজন লোক ঠিক করে আসি। ভাই শের মুহাম্মাদ সুস্থ হয়ে গিয়েছিল। অবশেষে কান্দাহারের এক জলাশয়ে পড়ে শাহাদাতের অমীয় সূধা পান করে সে।

শাহাদাতের কিছুদিন আগে শের মুহাম্মাদ বাড়ি যাওয়ার ইচ্ছা করেছিল। জামা-কাপড়ও ব্যাগে ভরেছিল। এটা ছিল তার দুই বছরের মধ্যে প্রথম বারের মত বাড়ি যাওয়ার ইচ্ছা। কিন্তু আল্লাহর চাওয়া ছিল অন্য রকম। ভাই শের মুহাম্মাদ কফিনে করে বাড়ি গেলেন। ক্ষণস্থায়ী এই দুনিয়া ছেড়ে প্রকৃত বাসস্থানে চলে যান তিনি। কিন্তু বদ নসীব লেখক এখনও এই ক্ষণস্থায়ী দুনিয়ায় রয়ে গেছি। যদিও একবার গুলির আঘাতে আহত হয়েছিলাম। কিন্তু শাহাদাত লাভ হয়নি। এজন্য আজ আমি লাহোর আশরাফিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের দাওরায়ে হাদীস সমাপনী বর্ষের ছাত্র। আমার দিলের একান্ত কামনা, আল্লাহ তাআলা যেন আমাকে শাহাদাত নসীব করেন। আমীন।

অত্র প্রতিষ্ঠানের অনেক ছাত্র শাহাদাত বরণ করেছেন। কিন্তু আমি তাদের কাতারে এখনও শামিল হতে পারিনি। তারা প্রমাণ করে গিয়েছেন যে, এখনও এমন তরুণ রয়েছে, যারা ইসলামের বিজয়ের জন্য নিজের প্রাণ নিয়ে খেলতে জানে।

এখানে আমি একটি ব্যক্তিগত ঘটনা উল্লেখ করব। আমি যখন জিহাদের জন্য বের হই, তখন খুবই অসুস্থ ছিলাম। বিশেষ এক রোগে আক্রান্ত

ছিলাম। সে জন্য হাজারো কিসিমের ওষুধ খেয়েছি। কোন কাজ হয়নি। কিন্তু যখন জিহাদের জন্য বের হই, তখন আল্লাহ তাআলার দয়া ও অনুগ্রহে পরিপূর্ণ সুস্থ হয়ে যাই।

আদর্শ জীবন পথে

দীর্ঘ ১১বছর ধরে লাল ভল্লুকদের নাকানি-চুবানি খাওয়ানোর পর যখন এই দীর্ঘ জিহাদের ফলাফল প্রকাশ পেতে শুরু করে এবং আফগানীরা বিজয় নিশ্চিত বলে বিশ্বাস করতে থাকে ঠিক, তখনই গোত্রীয় লড়াই, বিভিন্ন দলের পারস্পরিক যুদ্ধ মাথাচাড়া দিয়ে ওঠে। বিভিন্ন গ্রুপে গ্রুপে সংঘাত ছড়িয়ে পড়ে। ধারাবাহিক ছয় বছর পর্যন্ত ক্ষমতার দ্বন্দ্বে লিপ্ত থাকে তারা। কোনমতে টিকে থাকা আফগানিস্তান অস্তিত্ব রক্ষার হুমকিতে পড়ে। বিভিন্ন সংগঠন নিজেদের এলাকায় রাজত্ব কায়েম করে রাখে। পুরো দেশের উপর কোন দলেরই নিয়ন্ত্রণ থাকে না। অন্যায়-অপরাধ বাড়তেই থাকে। জনসাধারণ চারিত্রিক অবক্ষয়ের শিকার হয়। লোকজন রাশিয়া বিরোধী হয় ঠিকই, কিন্তু মাদক ও অন্যান্য নেশার দ্রব্য ব্যাপকতা লাভ করে। হত্যা নিত্যনৈমিত্তিক কাজ হয়ে দাঁড়ায়। হত্যাকারীকে পাকড়াও করার কেউ ছিল না। সরকারী কর্মচারীদের নজরে ভালো কিছু পড়লেই তারা তা লুট করত। চেকপোষ্ট থেকে আদায় করা হত অন্যায় ট্যাক্স। 'আইন' বলতে ছিল না কোন কিছুই। সচেতন লোকজন সীমাহীন পেরেশানীতে।

সমকক্ষ বা উন্নত রাষ্ট্রের দিকে নজর পড়লে ঈর্ষা জাগত। এই নাযুক পরিস্থিতিতে মাদরাসার পনের জন ছাত্র ময়দানে নেমে আসেন। রুশ বিরোধী জিহাদে তারা শরীক ছিলেন। তারা শপথ করেন, আপন জাতিকে সঠিক পথে এনেই তবে ক্ষান্ত হব; সকলকে এক পতাকার নীচে জড় করব; সর্বত্র ইসলামী শরীয়ত প্রতিষ্ঠা করব; জনসাধারণকে জুলুম ও নির্যাতন থেকে মুক্তি দিব। নতুন একটি আদর্শ আফগানিস্তানের ভিত্তি স্থাপন করব।

প্রথমে তারা একই মতাদর্শের ভাইদেরকে একত্র করে আলোচনায় বসেন। পরবর্তী বৈঠকে তাদের সংখ্যা দেড়শতে পৌছে। জনগণের সমস্যা নিয়ে তারা একটি দীর্ঘ জরিপ দেন। সবার আগে কান্দাহারের জনগণকে বিপদের হাত থেকে রক্ষা করার জন্য তারা একটি গোপন সংগঠন প্রতিষ্ঠা করেন। যেদিন সংগঠনটি প্রতিষ্ঠিত হয়, সে দিনই সেটি কান্দাহারের গভর্নর হাউস এবং অন্য

বড় বড় সরকারী অফিস ও ভবন দখল করে। সরকারী কর্মকর্তাদেরকে অপসারণ করে আল্লাহ তাআলার বিধানের উপর আমল শুরুর ঘোষণা দেয়। সংগঠনটির লোকজন যখন শরয়ী আইন বাস্তবায়ন শুরু করেন তখন থেকে জনগণ স্বস্তির নিঃশ্বাস নিতে থাকে। সর্বত্র নিরাপত্তা নিশ্চিত হয়।

কান্দাহারের এমন শান্তিপূর্ণ পরিবেশ দেখে অন্যান্য প্রদেশের লোকেরা তাদেরকে দাওয়াত দিতে শুরু করে। যেহেতু তারা সকলে মাদরাসাপড়ুয়া ছাত্র ছিলেন, তাই তারা কোন রাজনৈতিক নাম ব্যবহার না করে শুধু তালেবান শব্দই ব্যবহার করেন। শব্দটি খুব দ্রুত জনপ্রিয়তা লাভ করে। কান্দাহারে শান্তি প্রতিষ্ঠার পর তালেবানরা অন্যান্য প্রদেশের প্রতি অগ্রসর হতে থাকেন। যেদিকেই তারা অগ্রসর হন, জনগণ তাদের হাতে অস্ত্র সোপর্দ করে। আল্লাহ তাআলার শুকরিয়া আদায় করে তাদের মিশনে যোগদান করে। দেখতে দেখতে তাদের সংখ্যা কয়েক হাজারে পরিণত হয়।

তালেবানের সংখ্যাবৃদ্ধির দৃশ্য দেখে বুরহানুদ্দীন রব্বানী, গুলবুদ্দীন হেকমতিয়ার, আহমাদশাহ মাসউদের অনুসারীরা যখন তাদের সাথে যুক্ত হওয়ার আশা ব্যক্ত করে, তখন তালেবানরা স্পষ্ট করে ঘোষণা দেন যে, তারা মৌলিক চারটি কাজ বাস্তবায়ন করার জন্য এসেছে–

১. দেশের ভেতর শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা করা।

২. শরয়ী আইনের পূর্ণ বাস্তবায়ন করা।

৩. মাদকদ্রব্যের উৎপাদন ও ব্যবহার রোধ করা।

৪. বিদেশ থেকে আসা (মুহাজির) মুজাহিদদেরকে পূর্ণ নিরাপত্তার সাথে তাদের দেশে ফেরার ব্যবস্থা করা।

যখন তারা আফগানিস্তানের বিস্তৃত অঞ্চল অধিকার করেন এবং অনুভব করেন যে, জনগণ তাদের নির্দেশ নির্দ্বিধায় পালন করছে, তখন তারা নিজেদের রাষ্ট্রীয় ক্ষমতার ঘোষণা দেন। এরপর অন্যান্য মাদরাসার ছাত্ররা মোল্লা মুহাম্মাদ ওমর (হাফিজাহুল্লাহ)-এর নেতৃত্বে একত্র হতে শুরু করে। এদের সংখ্যা একসময় ত্রিশ হাজার ছাড়িয়ে যায়।

'তালেবান' গোত্র ও আঞ্চলিকতার ভিত্তিতে দলবদ্ধতা ও লড়াইকে খতম করে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা করে।

তারা যে এলাকার নিয়ন্ত্রণ নিতেন, সেখানকার সাধারণ জনগণের হাতে অস্ত্র থাকতে দিতেন না। সমগ্র লোকালয় নিরস্ত্র করে ফেলতেন। শান্তি

প্রতিষ্ঠার ক্ষেত্রে এই পদক্ষেপ ছিল খুবই গুরুত্বপূর্ণ। এরই সাথে তারা শরয়ী বিচার বিভাগ প্রতিষ্ঠা করে বিচারক নিযুক্ত করেন। সকল সমস্যার কুরআন সুন্নাহ মোতাবেক ফয়সালা হতে থাকে।

এতদিনে যেহেতু আফগানিস্তানের নব্বই শতাংশের অধিক এলাকা তালেবানের নিয়ন্ত্রণে চলে আসে, সেহেতু সর্বত্রই শরয়ী আইন চালু হয়ে যায়।

সমাজ অস্ত্রমুক্ত হয়েছে; শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠিত হয়েছে, আফগানিস্তানের সর্বত্রই শরয়ী আদালত প্রতিষ্ঠিত হয়েছে; জনগণের মামলা মোকাদ্দমার সমাধান কুরআন-সুন্নাহ ও ফিকহে হানাফী অনুযায়ী করা হচ্ছে– তালেবান কর্তৃক এমন আদর্শ রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার সংবাদ পেলেই আমরা জিহাদে শরীক হওয়ার উদ্দেশ্যে আমরা সে দেশে গিয়ে হাযির হই।

এর আগেও আমি কাবুল ও অন্যান্য এলাকায় গিয়েছি। কিন্তু এবারের কাবুল আগের মত নয়। এখন চারিদিকে মানুষের মাথায় পাগড়ী আর টুপি। চেহারায় নূরানী দাড়ি। রাস্তা-ঘাটে বোরকা ছাড়া কোন মহিলা নজরে পড়ে না। বাজার, দোকানপাট ও ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে কোন ভেজাল নেই। রেডিওতে কুরআন তেলাওয়াত, মাসআলা-মাসায়েল, আখলাক ও নৈতিকতার সংক্রান্ত আলোচনা, জিহাদী সঙ্গীত, তালেবানের বিজয়ের খবর, ইসলামী ইতিহাসের বিবরণ ইত্যাদি প্রচার করা হয়।

আমরা আফগানিস্তানে ভিন্ন এক পৃথিবী অবলোকন করছি। মাত্র বিশ থেকে পয়ত্রিশ বছরের যুবকরা যে ভারী দায়িত্ব আঞ্জাম দিচ্ছে, তা বিশ্বাস করাই কঠিন। সব দায়িত্ব এসব যুবকই পালন করে। সরকারের পক্ষ থেকে যে হুকুমই ঘোষণা হয়, জনগণ স্বতস্ফুর্তভাবে তা পালন করে।

মানবাধিকার সম্পর্কে তালেবানের বক্তব্য হল, আমরা মুসলমান। সুতরাং খেলাফতে রাশেদার নীতিমালার আলোকে যে সব নাগরিক সুবিধা প্রদান করা হত, আমরা সেগুলোই বিশ্বাস করি। সেগুলো বাস্তবায়ন করতে আমরা বদ্ধপরিকর। পাশ্চাত্যের ধ্যান-ধারণায় প্রভাবিত হয়ে আমরা এক চুলও নড়তে প্রস্তুত নই। তাদের বিকৃত চিন্তা-ভাবনা আমরা বিশ্বাস করি না।

নারী শিক্ষা সম্পর্কে তালেবানের অবস্থান খুবই রক্ষণশীল। তাদের বক্তব্য হল, শিক্ষাব্যবস্থা সংস্কার করার জন্য কিছু প্রতিষ্ঠানগুলি সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। কেননা, কমিউনিষ্টদের হাতে প্রণীত ত্রুটিপূর্ণ শিক্ষাব্যবস্থা

বহাল রাখা আমাদের পক্ষে সম্ভব নয়। যুদ্ধ পরবর্তী এই নাযুক পরিস্থিতিতে হুট করে শিক্ষাব্যবস্থা পরিবর্তন করে ফেলাও অসম্ভব। তাই আপাতত স্কুলগুলো বন্ধ থাক। আমরা কখনই নারীশিক্ষার বিরোধী নই।

এই মুহূর্তে গণশিক্ষা কার্যক্রম ও ধর্মীয় শিক্ষা প্রদানের লক্ষ্যে নতুন করে শিশুদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতোমধ্যে সিদ্ধান্ত মোতাবেক কাজও এগিয়ে চলছে।

এরপর শিক্ষানীতি প্রণয়নের জন্য বিজ্ঞ ও প্রবীণ আলেমদের সাথে যোগাযোগ করা হবে। তারা যে পরামর্শ দিবেন, সেটাই বাস্তবায়ন করার আপ্রাণ চেষ্টা করা হবে। তার মধ্যে চিকিৎসা বিজ্ঞানের মত বিষয়াদিও থাকবে।

'নারীদেরকে উচ্চশিক্ষিত করে গড়ে তোলা দরকার' একথা তালেবান অস্বীকার করে না। অবশ্য অপ্রয়োজনীয় ও অপ্রাসঙ্গিক শিক্ষা থেকে তাদেরকে মুক্ত রাখতে তারা অঙ্গীকারাবদ্ধ। তারপরও শীর্ষস্থানীয় উলামায়ে কেরাম, যে সিদ্ধান্ত দিবেন, সেটাই কার্যকর করা হবে।

তালেবান নেতৃবৃন্দ বলছেন, প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তান, ইরান ও অন্য দেশগুলির সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখা হবে। খুব শীঘ্রই আমরা ওআইসি'র সদস্য দেশগুলোকে তালেবানের ইসলামী রাষ্ট্রকে স্বীকৃতি প্রদানের জন্য আবেদন করা হবে। এ উদ্দেশ্যে তালেবানের সর্বোচ্চ কর্তৃপক্ষ বিভিন্ন দেশে প্রতিনিধি পাঠাবে।

কান্দাহারের গভর্নর মোল্লা হাসান বলেন, সাধারণ জনগণ জুলুম ও নির্যাতনের বিরুদ্ধে আমাদেরকে এত সহায়তা করবে এবং আমাদের যেকোন নির্দেশ নির্দ্বিধায় পালন, একথা আমরা ভাবতেও পারিনি। ভয়াবহ পরিস্থিতিতে তালেবান সমাজ সংশোধনের দায়িত্ব নিয়েছে, একথা ভেবে হয়তো সাধারণ জনগণ শুকরিয়া আদায় করছে।

কেন্দ্রীয় শুরা কমিটির সদস্য মাওলানা এহসানুল্লাহ আমাদেরকে বলেছেন, আফগানিস্তানের অবস্থা ছিল এমন যে, লোকজন ভয়ে আসরের পর ঘর থেকে বের হতে সাহস করত না। হত্যা, লুণ্ঠন, অরাজকতা ছিল ব্যাপক। কিন্তু বর্তমানে অবস্থা এতটা শুধরে গেছে যে, এখন যদি কোন মহিলা রাত বারটায়ও গহনা পরিধান করে বের হয়, তবুও কোন সমস্যা নেই। ... যদি সে সম্পূর্ণ নিরাপদ না হয়, ... তা হলে আমার হাত কেটে ফেলব।

মাওলানা এহসানুল্লাহ শহীদ রহ. বলেন, যখন তারা খোস্ত গিয়েছিলেন তখন হিন্দুরা তাদের গলায় হার পরিয়ে দিয়েছিল। তালেবান নিয়ন্ত্রিত সব এলাকায় সংখ্যালঘু সম্প্রদায় সম্পূর্ণ নিরাপদ। আমরা কুরআন-সুন্নাহর আলোকে তাদের নিরাপত্তা প্রদানে বদ্ধপরিকর। এটা আমাদের অন্যতম দায়িত্বও বটে।

তালেবানের এক প্রতিনিধি মোল্লা এহসানুল্লাহ বলেন, রাশিয়ার পতনের পর মুহূর্তেই আফগানিস্তানে ইসলামী খেলাফত প্রতিষ্ঠা হওয়ার কথা ছিল। কিন্তু ওস্তাদ বুরহানুদ্দীন রব্বানী, ইঞ্জিনিয়ার গুলবুদ্দিন হেকমতিয়ার, আহমাদশাহ মাসউদ, জেনারেল দোস্তমদের ক্ষমতা দখলের লড়াই জিহাদী শক্তিগুলোর বদনাম রটিয়েছে। কিন্তু তাহরীকে ইসলাম তালেবান কার্যত ইসলামী বিধান চালু করে দেখিয়েছে। জিহাদ বিরোধীদের সমুচিত জবাব দিয়েছে।

পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা মোল্লা আবদুস সামাদ বলেন, যখন থেকে তালেবান ক্ষমতা হাতে নিয়েছে, তখন থেকে আর রাতে কোন সমস্যা দেখা দেয়নি। তালেবান সরকারের পুলিশকে এ অধিকার দেওয়া হয়েছে যে, যদি কাউকে খারাপ কাজ করতে দেখা যায়, তা হলে পুলিশ তাকে তৎক্ষণাৎ বিচারকের কাছে সোপর্দ করতে পারবে। এগুলি সবই ইসলামী ব্যবস্থাপনার বরকত। তালেবান নিয়ন্ত্রিত এলাকাতে এখনও কোন চুরির ঘটনা ঘটেনি। বরং এর আগে যারা চুরি করেছিল, তারা চুরির মাল সব ফেরত দিয়েছে।

এর আগে হত্যাকাণ্ড ছিল দৈনন্দিনের ব্যাপার। তালেবান ক্ষমতায় আসার পর মাত্র তিনটি হত্যা সংক্রান্ত মামলা আদালতে এসেছে। বিচারক শরয়ী বিধান অনুযায়ী হত্যাকারীকে মৃত্যুদণ্ড প্রদান করেন। এরপর জনসম্মুখে তাদেরকে ইসলামী বিধান অনুযায়ী দণ্ড কার্যকর করা হয়।

তারপর থেকে আজ পর্যন্ত নতুন কোন হত্যাকাণ্ডের ঘটনা ঘটেনি। সর্বত্র নাপিতদেরকে নবীজীর প্রিয় সুন্নাত দাড়ি মুণ্ডিয়ে দিতে নিষেধ করা হয়েছে। দাড়ি কাটার অপরাধে কাউকে কোন শাস্তি দেওয়ার প্রয়োজন হয়নি। অধিকাংশ লোকই দাড়ি রেখে দিয়েছে।

পুলিশী চেকপোস্ট সবই তালেবানের অধীনে। সেগুলোতে যারা কাজ করেন, তারা সেচ্ছাসেবক। কোন বেতন গ্রহণ করে না। ২৫ বছর বয়সী তথ্যমন্ত্রী মোল্লা আমীন খান মুত্তাকী বলেন, কান্দাহারে 'সদায়ে শরীয়ত'

(শরীয়তের কণ্ঠ) নামে তালেবান একটি রেডিও স্টেশন চালু করেছে। সেখান থেকে নিয়মিত কুরআন তেলাওয়াত, শরয়ী বিধান কার্যকর করার সংবাদ, একত্ববাদের কবিতা, সঙ্গীত, দীনী অন্যান্য বিষয় প্রচার করা হয়।

কান্দাহার ও কাবুলে কোন নারী কণ্ঠে কোনকিছু সম্প্রচারের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। প্রোগ্রামগুলো ফার্সি ও পশতু এই দুই ভাষায় প্রচার করা হয়।

সরকারী উদ্যোগে 'সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ' এর শাখা খোলা হয়েছে। এতে উলামায়ে কেরাম ও তালেবান মিলে জনসাধারণকে দীনের দাওয়াত ও ইসলামী বিধিবিধান চালু করার উপকারিতা ও বরকত শুনিয়ে থাকেন। খারাপ কাজের ক্ষতি ও শাস্তি সম্পর্কে মানুষদেরকে সচেতন করেন।

মোল্লা মুহাম্মাদ রব্বানীর সাথে সাক্ষাৎ হলে তিনি বলেন, রাশিয়ার বিরুদ্ধে জিহাদে প্রায় ষোল লাখ মুসলমান শাহাদাত বরণ করে। ঘর ছাড়া হয় লক্ষ লক্ষ মুসলমান। এসব জেহাদের উদ্দেশ্য একটিই ছিল; যাতে আফগানিস্তানে ইসলামী রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। কিন্তু দুঃখের বিষয় হল যুদ্ধ থামতেই কিছু ক্ষমতালোভী ব্যক্তি ইসলামী রাষ্ট্রব্যবস্থার বিপরীতে কুফরী ব্যবস্থা মুসলমানদের উপর চাপিয়ে দেওয়ার অপচেষ্টা চালায়। কিন্তু আফগান জনগণ নিজেদের জান-মাল, ইজ্জত-আব্রু ও ঐক্য সংরক্ষণের প্রতি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সংকল্প করে যে, শেষ নিঃশ্বাস থাকা পর্যন্ত তারা শরীয়ত বাস্তবায়নের উদ্দেশ্যে লড়াই অব্যাহত রাখবে।

এখন চোখের সামনে তালেবান এই ইসলামী রাষ্ট্র ব্যবস্থা বিশ্ববাসীর সামনে উপস্থাপন করছে। ইসলামী বিধান কার্যকর করার বরকত প্রমাণ করছে। স্পষ্ট হচ্ছে যে, বিকৃত জীবন ব্যবস্থা সংশোধনের অনুপম পদ্ধতি রয়েছে ইসলামে।

আফগানিস্তানে কদিন ঘুরে অন্তরে খুব আনন্দ অনুভব করছি যে, এতদিন ইসলামী রাষ্ট্রব্যবস্থার শুধু কথা বই-কিতাবে পড়েছি; উলামায়ে কেরাম ও বুযুর্গদের মুখে শুনেছি। যে স্বপ্ন বুকে লালন করতাম, তা আজ বাস্তবতায় রূপ নিয়েছে। একেবারে সবার সামনে। আল্লাহ তাআলার কাছে দোয়া করি, তিনি যেন আমাদের দেশেও [পাকিস্তানে] এটা দেখার তাওফিক দান করেন। আমাদেরকেও যেন সঠিক ইসলামী রাষ্ট্রব্যবস্থা চালু করার নেওয়ামত প্রদান করেন। আমীন।

ইতিহাসের আয়নায় আফগান জিহাদ

১৯৬০ থেকে ১৯৮০ সালের মধ্যবর্তী সময়টা দুনিয়ার অন্ধকার যুগ বলা যেতে পারে। কারণ, রাশিয়া তার অদম্য শক্তি নিয়ে উন্নতি ও সফলতার উচ্চশিখরে পৌঁছে গিয়েছিল। ভূমণ্ডল রেখে নভোমণ্ডলের উপগ্রহের দিকে যেতে শুরু করেছিল ক্ষমতার রশি। অস্ত্রের প্রাচুর্য ও শক্তির নিত্যনতুন আবিষ্কার তাদেরকে এতটাই ক্ষমতালোভী করে তুলছিল যে, ইচ্ছা হলেই তারা যেকোন রাষ্ট্রকে অধীনস্থ করে ফেলত। দুনিয়ার উপর কর্তৃত্ব করার নেশা আমেরিকা ও রাশিয়াকে সকল নৈতিকতা ও মানবিকতা জলাঞ্জলি দিতে শেখায়।

এ সময়ই আমেরিকা ভিয়েতনামকে নিয়ন্ত্রণে আনার জন্য সেনাবাহিনী প্রেরণ করে। সেখানে তারা মারাত্মক প্রতিরোধের শিকার হয়। হাজার হাজার লাশ ফেলে নতুন কোন রাষ্ট্রে কর্তৃত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে সেখান থেকে ফিরে যায়। কোন কোন রাষ্ট্রে তাদের উদ্দেশ্যে সফলও হয়। আমেরিকার লোলুপ দৃষ্টি আফগান ভূমির প্রতিও প্রসারিত হয়। কিন্তু তারা জানত যে, শক্তি দিয়ে আফগানভূমিকে কব্জায় আনা সম্ভব নয়। তাই সরাসরি যুদ্ধের পরিবর্তে ধোঁকা ও প্রতারণার পথ বেছে নেয়। দেশে দেশে অর্থনৈতিক উন্নয়নের নামে আমেরিকা নিজেদের অবস্থানকে এত মজবুত করে যে, রাষ্ট্রগুলি আমেরিকার নিয়ন্ত্রণে চলে যায়। কার্যত সেসব দেশের সম্পদ থেকে আমেরিকা উপকৃত হতে থাকে। যেহেতু আমেরিকার এই বর্ধনশীল অবস্থান সুপার পাওয়ার রাশিয়ার জন্য চ্যালেঞ্জ ছিল, তাই রাশিয়া উপসাগরীয় দেশগুলোর তেল সম্পদকে কব্জা করার জন্য আফগানিস্তানে সরাসরি ঢুকে পড়ার সিদ্ধান্ত নেয়। যাতে ভবিষ্যতে পাকিস্তানের রাস্তা ধরে ওমানের রাজধানী মাসকাটসহ অন্যান্য উপসাগরীয় রাষ্ট্রের উপর পূর্ণ অধিকার প্রতিষ্ঠিত হতে পারে। কেননা, আধা দুনিয়ার উপর কর্তৃত্ব করা সত্ত্বেও রাশিয়া সমুদ্রাঞ্চলের সীমা থেকে বঞ্চিত ছিল।

অন্যদিকে আফগানিস্তানের তিন দিকে রাশিয়ার সীমান্ত মিলিত। রাশিয়া কর্তৃক আশপাশের মুসলিম রাষ্ট্রগুলোকে ইসলামী অবস্থান থেকে বের করার পর আফগানিস্তানের উপর প্রভাব বিস্তারের লক্ষ্যে তারা কুটনৈতিক সম্পর্ককে এতটা জোরদার করে যে, ওসব রাষ্ট্রের ক্ষমতাসীনরা রাশিয়ার গোলামে পরিণত হয়। যাবতীয় ব্যবসায়ী চুক্তি স্বাক্ষরিত হয় রাশিয়ার সাথে। দীর্ঘ

পঞ্চাশ বছর ধরে শিক্ষার নামে আফগান যুবকদেরকে মানসিকভাবে গোলাম বানিয়ে রাখা হয়। তাদের চিন্তাচেতনা বিকৃত করার জন্য কোন পন্থা অবলম্বন করতে কোন ত্রুটি করা হয় না। বড় বড় শহরের এমন অবস্থা হয়েছিল যে, সেখানকার লোকজন নামে মাত্র মুসলমান ছিল; বাস্তবে ইসলামের সাথে তাদের কোন সম্পর্ক ছিল না।

রাশিয়ায় উচ্চ শিক্ষাপ্রাপ্ত যুবকরা ধর্মহীন হয়ে বসেছিল। সরকার ও সেনাবাহিনী শুধু রাশিয়ার গোলামে পরিণত হয়েছিল, এমনই নয়; বরং তারা তাদের চোখের ইশারায় উঠত, বসত। রাশিয়ার জন্য আফগানিস্তানে ঢোকা কোন ব্যাপারই ছিল না। যতটুকু বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা ছিল, তা ছিল পাকিস্তানের পক্ষ থেকে।

১৯৭৬ সালে রাশিয়া আফগানিস্তানে সেনাবাহিনীর প্রবেশ করিয়ে দেয়। এর আগেই আফগানিস্তানের উলামায়ে কেরাম দেশের পরিস্থিতি দেখে ক্ষমতাসীন সরকারের বিরুদ্ধে জিহাদ শুরু করে দিয়েছিলেন।

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মুফতী মাহমুদ রহ. বলতেন, এক ছাত্র রাশিয়া থেকে শিক্ষালাভ করে আফগানিস্তান ফিরে আসে। তার পিতা তাকে বিবাহ করতে বলেন। তার পছন্দের কেউ আছে কি না, তাও জিজ্ঞাসা করেন। তখন শিক্ষিত ছেলেটি জওয়াব দেয়, বাইরে যাওয়ার কি প্রয়োজন? অন্য মেয়ের তুলনায় ঘরের মেয়ের ব্যাপারে ভালো জানাশোনা থাকে। তাই বোনের সাথেই বিবাহ করিয়ে দাও।

তার পিতা তাকে বোঝাতে চেষ্টা করেন। কিন্তু সে বলে, এসব হল ধর্মীয় কুসংস্কার। পিতা বললেন, আচ্ছা আগামীকাল কথা হবে। পিতা আত্মীয়স্বজন ও বন্ধু-বান্ধবদের একত্র করে তাদের সামনে তাকে আবারও জিজ্ঞাসা করেন। সে আগের জওয়াবেই অটল থাকে। তখন পিতা সবার সামনে তাকে গুলি করে হত্যা করেন। এরপর তিনি উপস্থিত লোকদেরকে লক্ষ্য করে বলেন, উদ্দেশ্য ছিল আপনাদেরকে তার অবস্থা সম্পর্কে অবগত করা। তা না হলে আমি তাকে সেদিনই হত্যা করে ফেলতাম।

মোটকথা জিহাদ আগেই শুরু হয়ে গিয়েছিল। প্রশাসনও তা প্রতিরোধে দাঁড়িয়ে যায়। মোল্লা শোবাযাদ, মোল্লা মুজাদ্দেদীসহ অন্যান্য বড় বড় আলেমদেরকে কারাগারে বন্দী করে।

১৯৭৬ সালে আফগানিস্তানে রুশ বাহিনীর সরাসরি আক্রমণ উলামায়ে কেরাম ও সাধারণ জনগণকে ভাবিয়ে তোলে। সম্মিলিত প্রচেষ্টায় আগ্রাসন প্রতিরোধ করতে কর্মপদ্ধতি প্রণয়ন করার প্রয়োজন অনুভূত হয়। সবশেষে সর্বসম্মতিক্রমে জিহাদের ঘোষণা প্রদান করা হয়। অতিরিক্ত দিক-নির্দেশনার জন্য পাকিস্তানের আলেমদের সাথেও যোগাযোগ রাখা হয়।

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা মুফতী মাহমুদ, যুগশ্রেষ্ঠ মুহাদ্দিস মাওলানা ইউসুফ বিন্নুরী, শাইখুল হাদীস মাওলানা আবদুল হক আকুরাখাক, পাকিস্তানের গ্রান্ড মুফতী মুহাম্মাদ শফী রহ., তরজমানে আহলে সুন্নত মাওলানা গোলাম গাউস হাজরাবী ও পাকিস্তানের অন্যান্য উলামায়ে কেরাম সর্বসম্মতিক্রমে ফতোয়া প্রদান করেন যে, এই মুহূর্তে আফগান উলামায়ে কেরাম ও সাধারণ জনগণের উপর রুশ বাহিনী ও ক্ষমতাসীন সরকারের বিরুদ্ধে জিহাদ করা ফরজ।

জনসচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে চকয়াদগার, পেশাওয়ার, শিরানাওয়ালা, লাহোর, রাওয়ালপিন্ডি ইসলামী বিশ্ববিদ্যালয়, করাচী ও মাতলাউল উলূম কোয়েটা'য় জিহাদ শীর্ষক কনফারেন্স আয়োজন করে উলামায়ে কেরামের সংগঠন। সেখানে তারা বলেন, এই মুহূর্তে আফগান জনগণের উপর জিহাদ ফরজে আইন ও পাকিস্তানের জনগণের উপর ফরজে কেফায়া।

তাঁরা আরও বলেন, এখন মুসলমানদের জন্য অবশ্য কর্তব্য হল মুজাহিদদেরকে সর্বাত্মক সহযোগিতা করা। এ সময় জমিয়তে উলামায়ে ইসলাম, পাকিস্তানের অধীনে একটি জিহাদী সংগঠন প্রতিষ্ঠা করা হয়। সুদীর্ঘ বিশ বছর যাবৎ হাজার হাজার শহীদ সেই শামিল হন এবং অক্লান্ত মোজাহাদায় সংগঠনটি টিকিয়ে রাখেন।

জালালুদ্দীন হক্কানী বলেন, জিহাদ শুরু হয় সাধারণ পিস্তল দিয়ে। এরপর গেরিলা আক্রমণ করে শত্রুদের থেকে অস্ত্র ছিনিয়ে নেওয়ার মাধ্যমে। এভাবে ধীরে ধীরে জিহাদের আমল অগ্রসর হতে থাকে। আফগানিস্তান ঈমানী তাগিদে বিদেশীদের হস্তক্ষেপ মেনে নিতে কোনভাবেই প্রস্তুত ছিল না।

লক্ষ লক্ষ মুহাজির নিজের ঈমানের জযবায় আয়েশের জিন্দেগী ছেড়ে ময়দানে চলে আসে। যুবক, বৃদ্ধ নির্বিশেষে উলামায়ে কেরামের হাতে হাত রেখে জিহাদের উপর বাইয়াত নেন।

রুশ বাহিনী আফগানীদের প্রতিরোধের মুখে দিশেহারা হয়ে যায়। রাশিয়ার অস্ত্রের শক্তি জিহাদী জযবার সামনে অকার্যকর হয়ে পড়ে। নিরস্ত্র মুজাহিদদের ঈমানী শক্তির কাছে রুশ বাহিনী লাঞ্ছিত ও অপদস্থ হয়ে কুকুরের মত মরতে শুরু করে। কোন প্রকার সৎকারবিহীন লাশের স্তুপের উপর পেশাব করতে থাকে কুকুর আর গাধা। মুজাহিদদের নাম শুনলেই ওরা ভীতবিহ্বল হয়ে পড়তে থাকে। যারা আফগানিস্তান দখল করার সুখস্বপ্ন নিয়ে এগিয়ে এসেছিল, তারা জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে বড় অসহায় হয়ে পড়ে।

সারা বিশ্বের মুজাহিদ ও পাকিস্তানের মাদরাসাছাত্ররা আফগান মুজাহিদদেরকে সম্ভাব্য সবরকমে সহায়তা করে।

মুফতী মাহমুদ রহ. আফগানিস্তানের সকল উলামায়ে কেরামকে জিহাদের জন্য ঐক্যবদ্ধ করেন। অবশেষে প্রায় ১৪ বছরের দীর্ঘ লড়াইয়ের মাধ্যমে অন্তত ১০ লাখ জীবন কুরবানী এবং লক্ষ লক্ষ মানুষ পঙ্গুত্ব বরণ করে রুশদের হাত থেকে স্বদেশ মুক্ত করেন। শুধু এটুকুই নয়; বরং সোভিয়েত ইউনিয়ন নামকেই দুনিয়ার মানচিত্র থেকে মুছে দেন তারা। ফলে ১৯৮৮ সালে রাশিয়া জেনেভা চুক্তি করতে বাধ্য হয়। এতে তারা ১৯৮৯ সালের ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে সৈন্য ফিরিয়ে নেওয়ার অঙ্গীকার করে।

১৫ ফেব্রুয়ারী একটি ঐতিহাসিক দিন। এ দিনে বিশ্ববাসী প্রত্যক্ষ করেছিল যে, যে রাশিয়া কোন দেশে প্রবেশ করলে সেখান থেকে বের হওয়ার নাম নিত না, সেই রাশিয়া আফগানদের হাতে পর্যদুস্ত। সুপার পাওয়ার রুশ বাহিনী মুজাহিদদের হাতে অপদস্থ হয়ে প্রাণ হাতে নিয়ে পালাচ্ছে।

রুশ সেনাদের চলে যাওয়ার পর যারা ক্ষমতা দখল, তাদের কার্যক্রম জাতির কোন উপকারে আসেনি। মুজাহিদদের বাধার মুখে জহীরশাহ দাউদ, হাফিজুল্লাহ আমীন, নূর মুহাম্মাদ তরকী, বাবর নজীবুল্লাহও ক্ষমতা টিকিয়ে রাখতে পারেননি। ১৯৯২ সালে রাশিয়ানরা সমরাস্ত্রসহ আফগানিস্তান মুজাহিদদের হাতে অর্পণ করতে বাধ্য হয়েছিল। বড় কষ্টে জাতিসংঘের মাধ্যমে নিরাপত্তা চেয়ে জান বাঁচানোর উপায় বের করেন তারা। কাবুলে সিবগাতুল্লাহ মুজাদ্দিদীর ক্ষমতা প্রতিষ্ঠিত হয়। পাঁচ মাস দেশ পরিচালনার পর মুজাহিদদের পরামর্শে প্রফেসর বুরহানুদ্দীন রব্বানীকে রাষ্ট্রপতি ঘোষণা করা হয়। হেকমতিয়ারকে প্রধানমন্ত্রীত্ব দেওয়া হয়। প্রতিরক্ষা মন্ত্রী করা হয়

আহমাদশাহ মাসউদকে। অন্যান্য পদে ইউনুস খালেছ, আবদুর রব্ব, রসূল সাইয়াফসহ প্রমুখ মুজাহিদদেরকে দায়িত্ব দেওয়া হয়।

মুজাহিদদের এই রাষ্ট্র প্রতিষ্ঠা হওয়ার পর ধারণা হচ্ছিল, এই বুঝি আফগান মুসলমানদের কষ্টের দিন শেষ হয়ে যাচ্ছে। কিন্তু ভাগ্যের কী পরিহাস! নেতাদের ক্ষমতার মোহ জাতির কপালে আবারও দুর্দিন ডেকে আনে। আহমাদশাহ মাসউদ ও বুরহানুদ্দীন রব্বানী হেকমতিয়ারকে মানতে অস্বীকৃতি জানান। হেকমতিয়ার প্রধানমন্ত্রী হওয়া সত্ত্বেও নিজ এলাকা ছেড়ে কাবুল যাওয়ার ক্ষমতা হারিয়ে বসেন। সে কারণে রাগান্বিত হয়ে বুরহানুদ্দীন রব্বানীকে সংকটে ফেলেন তিনি। যে কাবুল দীর্ঘ চৌদ্দ বছর রাশিয়ান আগ্রাসনের সময়ও নিরাপদ ছিল, তা গৃহযুদ্ধের কারণে সম্পূর্ণ অনিরাপদ হয়ে পড়ে। কাবুলে জীবনযাপন ধীরে ধীরে দুর্বিষহ হয়ে উঠে।

গৃহযুদ্ধ ও সরকারের ব্যর্থতা যুদ্ধের দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন নেতাদেরকে উগ্র করে তোলে। আইনী বাধা না থাকার কারণে দীনবিরোধী শক্তিগুলো মাথাচাড়া দিয়ে ওঠে। আফগান ইতিহাসে এমন বর্বরতা ও মুর্খতা সংযোজিত হয় যে, তা দেখে শয়তান ও কুফরী শক্তিগুলোও লজ্জা পেতে থাকে। নারী ও শিশুদের নিরাপত্তাটুকুও অবশিষ্ট থাকে না। মানুষের পেশায় পরিণত হয় চুরি, ডাকাতি। অলঙ্কার ছিনতাইয়ের জন্য আঙুল ও কান কাটার ঘটনাও ঘটতে থাকে। যুবক যুবতীদেরকে দেখে মানুষ সাত পর্দার ভেতরে লুকাতে থাকে। কমিউনিষ্ট শক্তিগুলো মুজাহিদদের নামে ছড়াতে থাকে বিভিন্ন ধরণের অপবাদ। গর্ভবতী মহিলা ও বৃদ্ধারা অপরাধের লক্ষবস্তু হতে থাকে। টেক্সি চালকদের কাছে কিছু না পাওয়া গেলে টেংকি থেকে তেল বের করে নেওয়া হয়।

মোটকথা, মুজাহিদদের নামে শয়তানী রাজ্য প্রতিষ্ঠিত হয়। অথচ প্রকৃত মুজাহিদরা ঘরে বসে গিয়েছিলেন। অথবা মশগুল হয়েছিলেন ইলমে দীন শেখা-শেখানোর কাজে। মানুষ এতটাই বিরক্ত হয়ে গিয়েছিল যে, তারা মুজাহিদ নাম থেকে আশ্রয় প্রার্থনা শুরু করতে থাকে। এক পর্যায়ে মানুষ স্বস্তির জন্য জহীর শাহের মত অপদার্থ ব্যক্তিকে স্মরণ করে।

এমন পরিস্থিতিতে আল্লাহ তাআলা অসহায় আফগানদের উপর রহম করেন। ১৯৯৩ সালে কান্দাহারের 'কশকি নুখূদে' কয়েক জন আলেম একত্র হন। যাদের সংখ্যা রুটির আটায় ব্যবহৃত লবণের চেয়েও কম ছিল। মাত্র ১৮০ জন সদস্য। তাদের মধ্যে পনের/বিশজন আলেম ও মুজাহিদ ছিলেন

নিষ্ঠাবান। আফগানিস্তানের দুর্দশার কথা চিন্তা করে তারা মতাবিনিময় করেন। এস্তেখারা করার পর আল্লাহ তাআলার উপর ভরসা করে বিশৃঙ্খলা সৃষ্টিকারী শক্তির বিরুদ্ধে জিহাদের ঘোষণা দেন। তারা আন্দোলনের নাম দেন 'তাহরীকে তালেবান'।

এক মুখলিস মুজাহিদের জীবন জিহাদের ভাষ্যকার, জিহাদের ময়দানে তাঁর একটি চোখ শহীদ হয়েছে, সবাই তাঁর হাতে বাইয়াত নিয়ে স্পেনবুলদাকের দিকে রওয়ানা হন। পথিমধ্যে গতিরোধ করে ভাতা সংগ্রহ করা হচ্ছিল। বেরিকেট সৃষ্টি করা হচ্ছিল। প্রথম বেরিকেটের স্থলেই জিহাদের ঘোষণা দেওয়া হয়। ধীরে ধীরে সম্মুখের সমস্ত বেরিকেট ভেঙ্গে যায় এবং ইসলামী শাসনব্যবস্থার সফর শুরু হয় কান্দাহারের দিকে।

খুব অল্প সময়ে স্পেনবুলদাক থেকে কান্দাহার পর্যন্ত মুজাহিদদের করতলগত হয়। শরয়ী শাসন কায়েম করা হয় সেখানে। জনগণের কাছ থেকে অস্ত্র জমা নেওয়া হয়। বহিরাগত লোকেরা এক দৃশ্য দেখে আশ্চর্য হয় যে, স্পেনবুলদাক থেকে কান্দাহার পর্যন্ত কোন বিপদের সম্মুখীন হতে হয় না মুজাহিদদের। কেউ কোথাও ভাতাও চায় না। এটা বিশ্বাসই হতে কষ্ট হচ্ছিল তাদের। অথচ কয়দিন আগেও পথে পথে বিপদের সীমা ছিল না।

একদিন মোল্লা মুহাম্মাদ ওমর ও তাঁর সাথীরা পরামর্শ করতে বসেন। সবাই মনোযোগ দেন আল্লাহ তাআলার দিকে। আল্লাহ তাআল মোল্লা মুহাম্মাদ ওমরের অন্তরে একথা ঢেলে দেন যে, কান্দাহার জয় করতেই হবে। এবং একে ইসলামী রাষ্ট্রের প্রথম রাজধানী বানিয়ে মানুষের সামনে একটি আদর্শ পেশ করতে হবে। তিনি বললেন, দেরী কিসের? হয়তো বিজয় নয়তো শাহাদাত। দুই পুরস্কারের যেকোন একটি নিশ্চিত। চলুন, শুরু করা যাক।

প্রাথমিক বিজয়গুলো দেখেই দল ভারী হতে শুরু করে। চারদিক থেকে এসে জড়ো হতে থাকে নিষ্ঠাবান মুজাহিদরা। বাইয়াত গ্রহণকারীদের সংখ্যা ধীরে ধীরে বাড়তে থাকে। খুবই সাধারণ অস্ত্র ব্যবহারের মাধ্যমে কাজ শুরু হয়। তালেবানের যাত্রা শুরু হয় কান্দাহার অভিমুখে।

'জালেম সর্বদা ভীত' একথা বাস্তবে প্রমাণিত হয়। সারা দুনিয়ার মানুষ এক আজব ব্যাপার প্রত্যক্ষ করতে থাকে। মুমিনদের ছোট দল বিশাল দলের উপর বিজয় লাভ করবে, এই ওয়াদাও পূর্ণ হয়। মুহূর্তের মধ্যে কান্দাহার করতলগত হয় তালেবানের।

তালেবান কান্দাহারে প্রবেশ করেই মুসলিম শাসকদের অনুপম বৈশিষ্ট্য প্রকাশ করে। আল্লাহ তাআলা বলেছেন, যখন আমি তাদেরকে পৃথিবীতে খেলাফত দান করব, তখন তারা নামাজ কায়েম করবে, যাকাত আদায় করবে, সৎ কাজের আদেশ করবে আর অসৎ কাজ থেকে বাধা প্রদান করবে।[৫]

এসব গুণাবলিই প্রকাশ পেতে থাকে তালেবান থেকে।

সর্বপ্রথম কান্দাহারের জনগণকে তাদের অস্ত্র জমা দেওয়ার নির্দেশ করা হয়। কেননা, তাদের জানমালের নিরাপত্তা আল্লাহ ও তদীয় রাসুলের মনোনীত বাহিনী তালেবানের জিম্মায়। বলা হয়, যদি তারা নিরাপত্তা নিশ্চিত করতে হয়, তা হলে সবকিছু ছেড়ে চলে যাবে।

এটাই ছিল হযরত ওমর রা.-এর রীতি। আসমান সাক্ষী, এই ঘোষণার পর জনগণ দলে দলে তালেবানের কাছে অস্ত্র জমা দেয়। এরপর কান্দাহারে আদর্শ নিরাপত্তা উপহার দেয় তালেবান। শরয়ী শাসন প্রতিষ্ঠিত হয়। খুনী ও ডাকাতদের শরয়ী শাস্তির বিধান নিশ্চিত করা হয়। ইসলামী শাসন প্রতিষ্ঠার ঘোষণা হওয়ার সাথে সাথে আল্লাহ তাআলার রহমতের স্বাদ পেতে শুরু করে আফগান জনগণ।

মুসলমানরা লক্ষ্য করে যে, স্পেনবুলদাক থেকে কান্দাহার পর্যন্ত সর্বত্র নিরাপত্তার চাদর বেষ্টিত। জনজীবন আরাম ও তৃপ্তিতে পূর্ণ। কিন্তু অন্যসব অঞ্চলে অনিরাপত্তা ও অশান্তির আগুন দাউ দাউ করে জ্বলছে। অথচ উভয় স্থানেই মুজাহিদ বাহিনী তৎপর রয়েছে। তারপরেও পার্থক্য কেন? কেন এই বিশাল?

বিবেক উত্তর দেয়, মুজাহিদে মুজাহিদে পার্থক্য আছে। আছে আসমানে জমীনের তফাত। একদিকে আল্লাহ প্রদত্ত বিধান, অন্যদিকে মানব রচিত আইন। একদিকে ইসলামী শূরা ব্যবস্থা, অন্যদিকে ব্যক্তিগত সিদ্ধান্ত। একদিকে সৃষ্টির আইন, অন্যদিকে স্রষ্টার আইন। একদিকে জিহাদের বরকত, অন্যদিকে কমাণ্ডারদের স্বার্থপূজা। একদিকে ইসলামের বিজয়, অন্যদিকে দলীয়করণ। একদিকে আল্লাহ ও তাঁর রাসূলের সেনাবাহিনী, অন্যদিকে স্বার্থপূজারী বিশংখলা সৃষ্টিকারীদের যোদ্ধা। একদিকে কুরআন ও সুন্নাহ,

---

[৫] সুরা হজ: ২২

অন্যদিকে ক্ষমতার নেশা। একদিকের আইনকানুন আল্লাহর অনুগত, অন্যদিকের আইনকানুন শয়তানের অনুগত। একদিকে আল্লাহর গোলামেরা, অন্যদিকে খোদায়ী দাবীদারদের কর্তৃত্ব।

তালেবানদের মধ্যে জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতার সব বৈশিষ্ট্য বিদ্যমান ছিল। এ কারণে জনসাধারণ দলে দলে তাদের পতাকাতলে এসে সমাবেত হয়। কমাণ্ডারদের ছেড়ে নিষ্ঠাবান মুজাহিদরা হকের পতাকা তলে এসে জড়ো হয়।

কিন্তু শয়তানের অব্যাহত থাকে। প্রচারিত হতে থাকে যে, তালেবানের অধীনে গিয়ে কোন সম্মান পাওয়া যাবে না; কোন পদ মিলবে না। জীবনের আনন্দ শেষ হয়ে যাবে। বন্ধ হয়ে যাবে বহিঃরাষ্ট্রের সহযোগিতা। না খেয়ে মরতে হবে। কেননা, তালেবানের কাছে কিছুই নেই। বাসী রুটি ছাড়া তাদের কাছে কিছুই পাওয়া যাবে না।

(মুফতী নিযামুদ্দীন শামযাঈ মুসলিম রহমাতুল্লাহি আলাইহ'র খেদমতে যে রুটি পরিবেশন করা হয়, তা খেয়ে তার এক সফরসঙ্গী অসুস্থ হয়ে পড়েন। সেদিকেই ইঙ্গিত করে একথা বলা হতে থাকে।)

অধিকন্তু তালেবানের আনুগত্য মেনে নিলে অস্ত্রও হারাতে হবে।

এ সব বিষয় মানুষের সামনে তুলে ধরা হয়। কিন্তু মাওলানা জালালুদ্দীন হাক্কানী, মাওলানা আরসালান রহমানী প্রমুখ নিষ্ঠাবান মুজাহিদ এসবের দিকে ভ্রুক্ষেপ করেননি। তাঁরা একজন নেতার অপেক্ষায় থাকেন; আমীরুল মুমিনীনে'র অপেক্ষায় থাকেন। আগের দল ছেড়ে নতুন করে নিষ্ঠাবান মুজাহিদরা তালেবানের সাথে যোগ দেয়। তালেবানরা গরিষ্ঠ হতে থাকে। আসতে থাকে আল্লাহর সাহায্য।

পাকিস্তানের উলামায়ে কেরামের কাছেও দাওয়াত পৌঁছে। তাঁদের সর্বপ্রথম সাড়া দেন মুফতী নিযামুদ্দীন সামযাঈ। মাওলানা ইমদাদুল্লাহ, মাওলানা আতাউর রহমান প্রমুখ কান্দাহার অভিমুখে রওয়ানা হন। মাওলানা ফজলুর রহমান, মাওলানা নাদের কাশ্মিরী, কমাণ্ডার আবদুল জাব্বার হাজার হাজার মুজাহিদ তৈরী করে মোল্লা মুহাম্মাদ ওমরের হাতে বাইয়াত করান।

মাওলানা আবদুল গনী, মাওলানা নূর মুহাম্মাদ, জমিয়াতে উলামায়ে ইসলাম মুজাহিদদের খেদমতের জন্য বেলুচিস্তানকে ওয়াক্‌ফ করে দেন। তারা বিভিন্ন মাদরাসা খালি করে দেন মুজাহিদদের জন্য। বহু ছাত্র-উস্তাদ শাহাদাতের নেশায় ময়দানে উপস্থিত নেমে পড়েন।

যতটুকু মনে পড়ে, মাওলানা আবদুল গনী জিহাদ ফ্রজে আইনে হয়ে গেছে বলে ফতোয়া দেন। মাওলানা আব্দুল্লাহ চাতরালী শহীদ, মাওলানা আইয়ূব জান বিননূরী জমিয়তে উলামায়ে ইসলামের এলাকাকে তালেবানের হাতে সোপর্দ করেন।

মুফতী রশীদ আহমাদ ঘোষণা দেন যে, তালেবান প্রকৃতপক্ষেই আল্লাহর সৈনিক। সাথে সাথে সহায়তার দরজা খুলে দেন তিনি। নিজের এলাকাকে তালেবানের সহযোগিতার জন্য ওয়াক্ফ করে দেন। মুফতী রফী উসমানী ও মুফতী মুহাম্মাদ তাকী উসমানীও বড় আন্তরিকতার সাথে সমর্থনের ঘোষণা দেন। জামিয়া বিন্নুরী টাউন অগ্রবাহিনীর ভূমিকা পালন করে। মুফতী আহমাদুর রহমানের শিষ্যরা থাকেন আগেভাগে। মাওলানা আবদুস সামী' মুহাম্মাদ বিন্নুরী, ড. হাবিবুল্লাহ নিজ ছাত্রদেরকে সাথে নিয়ে কান্দাহার পৌছেন। আশঙ্কাজনক এলাকায় তাদেরকে দায়িত্ব দেওয়া হয়। ময়দানে নেমে আসেন করাচীর হাকিম মুহাম্মাদ আখতার সাহেবও। নিজের মুরীদ ও ভক্তবৃন্দকে নিয়ে মুজাহিদদের কাঁধে কাঁধে মিলিয়ে জিহাদে আত্মনিয়োগ করেন।

জমিয়তে উলামায়ে ইসলাম পূর্ব থেকেই সব কাজে আগে আগে থাকত। তাদের কানে যখন ইসলামী বাহিনীর আওয়াজ পৌছে, তখন তারা কালবিলম্ব না করে লাব্বাইক ধ্বনি দিয়ে পাশে দাঁড়ান। ইসলামী চিন্তাবিদ মাওলানা মুফতী মাহমুদ রহমাতুল্লাহি আলাইহ তো ছিলেন আফগান মুজাহিদদের নয়নমণি। আর মাওলানা ফজলুর রহমান ছিলেন তাঁদের প্রাণের স্পন্দন। তাঁর সহায়তা ও পূর্ণ সমর্থনেই তালেবানরা বিশ্বের সর্বোচ্চ পর্যায়ে মাথা উঁচু করে দাঁড়াতে সক্ষম হয়। হযরত মাওলানা মুহাম্মাদ ইউসুফ লুধিয়ানভীর প্রথম ফতোয়ার ভিত্তি করে সারা দুনিয়ার জিহাদী শক্তিগুলো তালিবানদের প্রতি আন্তরিক সমর্থন ব্যক্ত করে।

মোটকথা, পাকিস্তান ও হিন্দুস্তানের হক্কানী উলামায়ে কেরাম ছাত্র ও ভক্তবৃন্দসহ নিয়ে দেহ-মন উজাড় করে এই জিহাদে শরীক হন। এজন্য দুনিয়া দেখতে পায় যে, দেওবন্দী আলেম শাইখুল হিন্দ মাহমুদ হাসান, শাইখুল ইসলাম হুসাইন আহমদ মাদানী, হাকীমুল উম্মত মাওলানা আশরাফ আলী থানভী, ফকীহুন্নফ্স হযরত মাওলানা রশীদ আহমদ গাঙ্গুহী, হুজ্জাতুল ইসলাম মাওলানা কাসেম নানুতাবী, সাইয়্যেদুত তায়েফা হাজী এমদাদুল্লাহ

মোহাজেরে মক্কী'র মত বুযুর্গদের রূহানী সন্তান তালেবানরা দুনিয়াতে আল্লাহর বাহিনীর কৃতিত্ব আদায় করেছে। লোগার, হেরাত ও গজনীর দিকে তাদের অগ্রযাত্রা বহাল থাকে। খোদায়ী সাহায্যের দরজা উন্মুক্ত হয়ে যায়। কমাণ্ডার ইসমাঈল ও হিকমতিয়ারের মত বাহাদুর কমাণ্ডারগণও পালানোর পথ দেখতে থাকেন। আবদুল কাদীরের মত বীরও প্রাণ হাতে নিয়ে পালিয়ে বাঁচেন। পক্ষান্তরে মোল্লা ওমরের সমর কৌশল ইসলামী বাহিনীকে কখনও পিষ্ঠ প্রদর্শন শেখায়নি।

এ বিষয়ে সর্বশেষ কথা হচ্ছে, আমরা কবে একথা বলেছি যে, আমরা আমাদের শক্তি ও সামর্থ্য দিয়ে কাফেরদেরকে নাস্তানাবুদ করব। শক্তি অর্জন আল্লাহর পক্ষ থেকে আমাদের উপর আরোপিত একটি দায়িত্ব। আমাদের বিজয় অথবা কাফেরদের পরাজয়ের সাথে শক্তি অর্জনের কোন সম্পর্ক নেই। আমাদের বিজয় বা কাফেরদের পরাজয় একমাত্র আল্লাহর ইচ্ছা ও তাঁর সাহায্যের সাথে সম্পৃক্ত। তা না হলে এক হাজার সশস্ত্র সৈন্যের বিপক্ষে ৩১৩ জন নিরস্ত্র প্রায় সাহাবীর বিজয়প্রাপ্তি কীভাবে সম্ভব? অথচ সাহাবদেরই সমৃদ্ধ দল হুনাইনের যুদ্ধে প্রথম দিকে পরাজিত হন। তাদের মনের ভিতরে সামান্য ধারণা সৃষ্টি হয়েছিল যে, আজ তো আমাদের সংখ্যা অনেক বেশি। যখন ৩১৩ জন নিয়ে আমরা পরাজিত হইনি, তখন আজ পরাজিত হব কেন? আল্লাহ তাআলা বলেন–

لَقَدْ نَصَرَكُمُ اللهُ فِي مَوَاطِنَ كَثِيرَةٍ ۙ وَيَوْمَ حُنَيْنٍ ۙ إِذْ أَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنكُمْ شَيْئًا وَضَاقَتْ عَلَيْكُمُ الْأَرْضُ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَّيْتُم مُّدْبِرِينَ

আল্লাহ তোমাদের সাহায্য করেছেন বহু জায়গায়। এবং হোনাইনের দিনেও, যখন তোমাদের সংখ্যধিক্য তোমাদেরকে প্রফুল্ল করেছিল; কিন্তু সংখ্যাধিক্য তোমাদের কোন কাজে আসেনি। পৃথিবী প্রশস্ত হওয়া সত্তেও তোমাদের জন্য তা সংকুচিত হয়েছিল। অতঃপর পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করেছিলে।[১৬]

এক রিওয়ায়াতে এসেছে, এমন একটি মূহূর্ত তখন হয়েছিল যে কিছু সময়ের জন্য রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছাড়া সবাই পিছনে যেতে শুরু করেছিলেন।

وَمَا جَعَلَهُ اللهُ إِلَّا بُشْرَىٰ لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوبُكُم بِهِ ۚ وَمَا النَّصْرُ إِلَّا مِنْ عِندِ اللهِ الْعَزِيزِ الْحَكِيمِ

---

[১৬] সূরা তওবা: ২৫

বিষয়টিকে আল্লাহ তোমাদের জন্য সুসংবাদ করেছেন, যাতে তোমাদের অন্তর স্বস্তিবোধ করে। সাহায্য তো কেবল পরাক্রমশালী, মহাজ্ঞানী আল্লাহর পক্ষ থেকে।[১৭]

সুতরাং অবশ্যই মনে রাখতে হবে, বিজয় শুধু আল্লাহর তরফ থেকেই আসে। আল্লাহ তাআলার নিয়ম খুবই আশ্চর্যজনক।

وَنُرِيدُ أَن نَّمُنَّ عَلَى الَّذِينَ اسْتُضْعِفُوا فِي الْأَرْضِ وَنَجْعَلَهُمْ أَئِمَّةً وَنَجْعَلَهُمُ الْوَارِثِينَ

ভূপৃষ্ঠে যাদেরকে দূর্বল করা হয়েছিল, আমার ইচ্ছা, আমি তাদের প্রতি অনুগ্রহ করব, তাদেরকে নেতা করব এবং তাদেরকে বানাব উত্তরাধিকারী।[১৮]

আস্-সাহাব : মুজাহিদদের ব্যাপারে অনেক দীনদার লোকই বলে থাকেন যে, ইমারাতে আফগানিস্তানে যদিও সারা দুনিয়ার মুজাহিদদের আশ্রয়ের জায়গা পাওয়া গিয়েছিল এবং পাওয়া গিয়েছিল প্রস্তুতি গ্রহণের মারকাজ, কিন্তু এমন এক সময়ে কাফেরদের সাথে যুদ্ধ শুরু করে দেওয়া হয়, যখন মুজাহিদদের তেমন কোন প্রস্তুতি ছিল না। সুতরাং ১১ সেপ্টেম্বরে আমেরিকায় যে আক্রমণ করা হয়, তা সময়ের আগেই করা হয় এবং এর মাধ্যমে আমেরিকাকে অপ্রস্তুত দুশমনের ময়দানে যুদ্ধে নামার জন্য উসকে দেওয়া হয়।

এই মন্তব্যের মাধ্যমে বোঝানো হয় যে, তালেবানদের এই অতিউৎসাহের কারণেই আফগানিস্তানের ইসলামী ইমারাত ধ্বংস হয়।

উস্তাদ আহমাদ ফারুক : দেখুন! এই ধরনের মন্তব্য যারা করে থাকেন, তারা মনে হয়, ১১ সেপ্টেম্বরের আগের কথা ভুলে গেছেন। ইহুদীরা কি ফিলিস্তিনে ১১ সেপ্টেম্বরের পর ঢুকে ছিল? ভারত কি কাশ্মীরে প্রবেশ করেছিল ১১ সেপ্টেম্বরের পরে? মুসলমানদেরকে গোলাম বানানোর জন্য আমেরিকা সারা দুনিয়াব্যাপী যে মনগড়া শাসন ব্যবস্থা চাপিয়েছে, তা কি ১১ই সেপ্টেম্বরের পর? আমেরিকা সোমালিয়ার মুসলমানদের উপরে যে হামলা চালিয়ে ছিল, তা কি ১১ সেপ্টেম্বরের পরের ঘটনা? বসনিয়াতে মুসলমানদের সাথে যে নিকৃষ্ট আচরণ করা হয়েছিল, দেশটির একেকটি শহরে

---

[১৭] সূরা আলে ইমরান: ১২৬

[১৮] সূরা কাসাস: ৫

হাজার হাজার মুসলমানকে জবাই করা হয়েছিল, পুরো ইউরোপ তখন তামাশা দেখছিল, তাও কি ছিল ১১ সেপ্টেম্বরের পরে?

প্রকৃতপক্ষে এই মন্তব্যটি অর্থহীন। কারণ, আমরা যদি বসেও থাকতাম, তা হলেও কুফরী শক্তিগুলো বসে থাকত না। সুতরাং আমেরিকার উপর হামলা সঠিক সময়েই হয়েছিল। এই হামলার পর থেকে সারা দুনিয়া দুটি প্লাটফর্মে বিভক্ত হয়ে যায়। যদি ১১ সেপ্টেম্বরের আগের সময়ের দিকে আমরা ফিরে তাকাই, তা হলে দেখতে পাব, এই উম্মত দুনিয়ার কোণায় কোণায় তখন অপমান আর মার খাওয়া ছাড়া আর কোন অবস্থানে ছিল না। ১১ সেপ্টেম্বরের ঘটনা সবকিছুর মোড় ঘুরিয়ে দেয়। তার মানে ১১ সেপ্টেম্বরের হামলাকারীরা সমুদ্রের প্রচণ্ড স্রোত এবং প্রবল বেগে তেড়ে আসা বাতাসকে সেই রাতে ঘুরিয়ে দেন। ওই ১৯ জন যুবকের রক্তের মধ্যে আল্লাহ এতটাই বরকত দান করেন যে, বহু দিন যাবৎ অপমান ও জিল্লতির যে লোনা পানি আমাদেরকে পান করানো হচ্ছিল, অনেক দিন পর প্রথম বারের মত সেই নোনা জল পান করার স্বাদ তারা পায়। প্রথম বারের মত স্বদেশেই কাফেরদের গালে এমন চপেটাঘাত পরে যে, তারা কখনও স্বপ্নেও বিষয়টি কল্পনা করেনি। পরেও চপেটাঘাতের ধারা হয়নি। ১১ সেপ্টেম্বরের পর ৭ জুলাইতে চপেটাঘাত পড়ে মাদ্রিদে। এই কর্মসূচি এখনও অব্যাহত আছে এবং আল্লাহ্ তা'লার ইচ্ছায় ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

উক্ত ঘটনা খিলাফত পতনের পর মুসলিম উম্মাহকে প্রথম বারের মত সাহস যোগায়। ফলে তাদের মনে ধারণা বদ্ধমূল হয় যে, হাঁ, তাদের এতটুকু সামর্থ্য আছে যে, তারা শত্রুদের চোখে চোখ মিলিয়ে তাকাতে পারে; তাদের গর্দানে হাতও রাখতে পারে। এমন কি তাদের ভূখণ্ডে গিয়ে হামলাও করতে পারে। একইভাবে যে খিলাফত ব্যবস্থা এই উম্মতের হাতছাড়া হয়ে গেছে, সেটাও তারা জিহাদের মাধ্যমে আবার ফিরিয়ে আনতে পারবে।

১১ সেপ্টেম্বর পরিস্থিতিকে খারাপ করে দেয়নি; বরং খারাপ পরিস্থিতির উপরে আশার প্রদীপ জ্বালিয়েছে। তা ছাড়া প্রথমবারের মত কাফেরদেরকেও তাদের কর্মের জন্য কিছু মূল্য দিতে হয়েছে।

এটি ছিল একটি দিক। এর আরেকটি দিক হল, আমেরিকার মত একটি সুরক্ষিত রাষ্ট্রকে ধ্বংস করার জন্য দ্বিতীয় আর কোন পন্থা নেই। আমেরিকার মত এত বড় শক্তিশালী রাষ্ট্রকে এভাবেই ধ্বংস করা সম্ভব। এজন্যই সে

নিজের পায়ে হেঁটে আমাদের মুসলিম ভূখণ্ডের দিকে এগিয়ে আসতে বাধ্য হয়। তারা ওখানে বসে রিমোট কন্ট্রোলের সাহায্যে দালালদের মাধ্যমে আমাদের উপর খড়্গ চালাচ্ছিল।

এই মন্তব্যটি যদি ১১ সেপ্টেম্বরের এক-দেড় বছর পর করা হত, তা হলেও ধরা যেত যে, মন্তব্যটির পিছনে সামান্য হলেই যুক্তি আছে। কিন্তু ১১ সেপ্টেম্বরের পর আজ আট-নয় বছর অতিক্রান্ত হয়ে যাচ্ছে। এখন আর এই মন্তব্যের কোন গুরুত্ব নেই। কারণ, সেই হামলার ফলে মুসলমানদের লাভ বেশি হয়েছে, না কি ক্ষতি বেশি হয়েছে, তা পরিষ্কার হয়ে গেছে। এই আট-নয় বছরে আমেরিকার কোমর ভেঙে গেছে। আজ সে ইরাক থেকে পালানোর সময়সীমা নির্ধারণ করে ফেলেছে। আফগানিস্তান থেকে পালানোর জন্য রাস্তা খুঁজে বেড়াচ্ছে। দেশটির কোমর এমনভাবেই ভেঙেছে যে, দেশটি জন্ম থেকে আজ পর্যন্ত এমন শক্ত আঘাত আর কখনও ভোগ করেনি।

সবচেয়ে বড় বিষয় হচ্ছে আমেরিকা এতদিন দুনিয়ার সামনে তার দাজ্জালী চেহারা ঢেকে রাখার জন্য মানবদরদের একটি মুখোশ পরিধান করেছিল। মুসলমানদের মধ্য থেকেও অনেকে তাদেরকে রাশিয়ানদের চেয়ে ভালো মনে করত। আল্লাহ তাদের চেহারা থেকে সেই মুখোশ আজ সরিয়ে দিয়েছেন। গোয়ান্তানামো বে, আর আবু গারিব কারাগারে যা কিছু ঘটে, তার মাধ্যমেই আমেরিকার আসল চেহারা প্রকাশ পেয়ে যায়।

১১ সেপ্টেম্বরের ফায়দার কথা বলে শেষ করা যাবে না। এই ঘটনা পর থেকে শুধু আমেরিকাই নয়; বরং পুরো পশ্চিমা বিশ্ব ও ন্যাটো বাহিনীর দিন শেষ হতে যাচ্ছে। তা ছাড়া ১১ সেপ্টেম্বরের উক্ত ঘটনার মাধ্যমে আল্লাহ তাআলা এই উম্মতের আক্বীদার উপর আবার সুদৃঢ় করে দিচ্ছেন। 'আল্লাহর জন্য বন্ধুত্ব এবং আল্লাহর জন্যই শত্রুতা' ইসলামের এই গুরুত্বপূর্ণ আক্বীদাটি প্রায় কয়েক শতক থেকে মুসলিম উম্মাহ ভুলতে বসছিল। আল্লাহর ইচ্ছায় উম্মতের এই আক্বীদা আবারও সুদৃঢ় হচ্ছে। আল্লাহ তাআলা মানুষকে দুই স্তরে বিভক্ত করেছেন– আলেম ও গাইরে আলেম। শাসকগোষ্ঠীও মানুষকে দুই দলে ভাগ করেছে। তাদের এই বিভাজনের কথা হাদীসেও বর্ণিত হয়েছে। শেষ যামানায় মানুষ দুই দলে বিভক্ত হয়ে যাবে– একটি দল হবে ঈমানদারদের, যেখানে কোন মুনাফিকীর গন্ধ থাকবে না। আরেক দল মুনাফিকদের, যেখানে ঈমানের কোন গন্ধ থাকবে না।

যার দুটি চোখ আছে, তার কাছে এ বিষয়টি পরিস্কার যে, পুরো দুনিয়া আজ দুটি দলে বিভক্ত হয়ে গেছে। বিষয়টিকে আরও পরিষ্কার করে দিয়েছে কুফরের ইমাম জর্জ বুশের সেই ভাষণ, যেখানে সে বলেছিল, তোমরা হয় আমাদের পক্ষে, না হয় সন্ত্রাসীদের (মুজাহিদদের) পক্ষে। সুতরাং পুরো দুনিয়া এখন দুই দলে বিভক্ত।

এত দিন যাবৎ কুফরের বাহিনী শিক্ষা ব্যবস্থার মাধ্যমে, মিডিয়ার মাধ্যমে এই উম্মতের আক্বীদার মধ্যে যে ভেজাল মিশিয়েছিল, বন্ধু ও শত্রুর পরিচিতি তারা মুছে দিয়েছিল, আল্লাহ তাআলা ১১ সেপ্টেম্বরের বরকতময় ঘটনার মধ্য দিয়ে সব ভ্রান্ত আক্বীদাকে প্রকাশ করে দেন; জিহাদবিমুখ জাতিকে আবার ফিরিয়ে আনেন জিহাদ অভিমুখে।

এখন বাকি থাকল ইমারতে ইসলামীর কথা। ইনশা আল্লাহ্ মনে হচ্ছে ইমারতে ইসলামী ফিরে আসতে আর বেশি দিন বাকি নেই। আল্লাহর রহমতে আমরা এখন থেকেই আফগানিস্তানের জুনুবী এলাকাগুলোতে দেখতে পাচ্ছি যে, সেখানে মুজাহিদদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হচ্ছে। সেখানে মোল্লা মুহাম্মাদ উমারের পক্ষ থেকে আমীর নিযুক্ত করা হয়েছে। নিযুক্ত করা হয়েছে কাজীও। তার কাছে জন সাধারণ বিচার-ফায়সালার জন্য যাতায়াত করছে।

আমি বলব, এখন থেকেই আমরা দেখতে পাচ্ছি আমেরিকার পলায়ন ও ইসলামী ইমারাত কায়েম হওয়া শুরু হয়ে গেছে। যেমন, তাজা খবর হচ্ছে হেলমান্দে দুশমনরা সর্বশক্তি দিয়ে হামলা করা শুরু করেছিল, কিন্তু খুব অল্প দিনের মধ্যেই বৃটিশ সেনা বাহিনীর এতটাই ক্ষয়-ক্ষতি হয়েছে যে, তাদের নিজেদের মধ্যেই হাঙ্গামা শুরু হয়ে গেছে। তারা সামনে আগে বাড়বে, কি বাড়বে না, অথবা তাদের সেনা বাহিনী এখান থেকে প্রত্যাহার করা হবে কি না– কোনটাই তারা স্থির করতে পারছে না। আমরা আশা করি, আফগানিস্তানে অতিসত্বর আগের চেয়ে আরও শক্তি ও বিস্তীর্ণ এলাকা নিয়ে ইমারতে ইসলামী আবার ফিরে আসবে, ইনশা আল্লাহ।

আস্-সাহাব: আল্লাহ আপনাকে অনেক উত্তম প্রতিদান দান করুন। আজ আমাদের আলোচনার প্রথম অংশ এখানেই শেষ হচ্ছে। উস্তাদ আহমাদ ফারুকের কাছ থেকে আমরা কৃতজ্ঞতার সাথে বিদায়ের অনুমতি চাইব। আল্লাহর কাছে আমরা প্রার্থনা করছি, তিনি যেন আমাদের সমস্ত চেষ্টা-প্রচেষ্টায় বরকত দান করেন। আমীন।

স্বাধীনতা দিবস উপলক্ষে জাতির উদ্দেশে আমীরুল মুমিনীনের ভাষণ

আফগানিস্তানের স্বাধীনতার ৮০ বছর পূর্তি উপলক্ষে হযরত আমীরুল মুমিনীন বীরত্ব ও সাহসিকতায় অন্যন্য আফগান জাতিকে লক্ষ করে একটি লিখিত ভাষণ দেন। এতে তিনি বলেন, আজকের এই দিনটি স্মরণ করিয়ে দেয়, আজ থেকে আশি বছর আগের কথা। আশি বছর আগে ঠিক এই দিনে ঈমানী চেতনা ও জিহাদী জযবায় উজ্জীবিত হয় আফগান জাতি। সমস্ত তাণ্ডব মাথায় নিয়ে এবং জীবন কুরবানী করে ফিরিয়ে আনে এ দেশের স্বাধীনতা। এই দিনেই বীরত্বের মূর্তপ্রতীক এই জাতি ইসলামে শিক্ষা ও পবিত্র জিহাদের নির্দেশনার আলোকে তৎকালীন জুলুমবাজ সাম্রজ্যবাদী শক্তির বিরুদ্ধে জিহাদের ঘোষণা দেয়। তখন তারা ছিল রিক্তহস্ত। সামরিক উপকরণ ও অস্ত্র-শস্ত্র বলতে গেলে কিছুই ছিল না। কিন্তু তা সত্ত্বেও আল্লাহর সাহায্য আর ঈমানের বলে বলিয়ান হয়ে মাত্র দুই মাসে তৎকালীন সুপার পাওয়ারকে লজ্জাস্করভাবে পরাজিত করে। এমন সুপার পাওয়ার, যার দেমাগে সবসময় বিশ্বনেতৃত্ব হাতে নেওয়ার ফিকির গিজগিজ করত। নিজের দেশের স্বাধীনতা অর্জন এবং দেশকে আগ্রাসন মুক্ত করার জন্য জাতিবর্ণ নির্বিশেষে সব গোত্রের পুরুষ-নারী, আবল-বৃদ্ধ কাঁধে কাঁধ মিলিয়ে প্রশংসনীয় ভূমিকায় অবতীর্ণ হয়। সাবই মিলে গড়ে তোলে ধর্মীয় ও জাতীয় ঐক্য গড়ে। এই ঐক্যের বদৌলতে আল্লাহ তাআলা এই জাতির হাতে ইংরেজ সাম্রজ্যবাদীদেরকে শোচনীভাবে পরাজিত করে দেন।

হে আমার স্বদেশী বন্ধুগণ! আমরা জিহাদী চেতনার অধিকারী বীর পিতৃপুরুষের গর্বিত সন্তান। আমাদের দেশের ধর্মীয় এবং জাতীয় নিরাপত্তা টিকিয়ে রাখার জন্য জীবন উৎসর্গের চেতনা আমরা উত্তরাধিকার সূত্রে পেয়েছি। ইংরেজদের চেয়েও অধিক বর্বর ও নির্যাতনপ্রিয় সাম্রাজ্যবাদী শক্তি সোভিয়েত ইউনিয়ন এই ইসলামী ভূখণ্ডে কী পরিমাণ নির্যাতন ও পাশবিকতা চালিয়েছে, সে কথা এই জাতি ও সারা বিশ্বের সামনে একেবারে স্পষ্ট। সাথে সাথে দুনিয়া এও দেখেছে যে, সম্বলহীন এই জাতি বাহ্যিক কোন উপকরণ ও সামরিক সরঞ্জাম না থাকা সত্ত্বেও আল্লাহ তাআলার অপার শক্তির উপর ভরসা করে ধর্মীয় ও জাতীয় মর্যাদাবোধকে সামনে নিয়ে পিতৃপুরুষদের সোনালী ইতিহাসের সূত্র ধরে সময়ের সুপার পাওয়ার সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে

জিহাদ ঘোষণা করে। যেই সুপার পাওয়ারের সামরিক শক্তির কারণে আমেরিকাসহ সারা দুনিয়া তটস্থ থাকত।

আলেমদের ফতোয়া শোনার পর পুরো দেশ রাশিয়ান সেনাদের জন্য অগ্নিকুণ্ড বনে যায়। অথচ রশিয়া আধুনিক অস্ত্র, পারমাণবিক শক্তি, দূরপাল্লার ক্ষেপণাস্ত্র, রাসায়নিক বোমাসহ সব ধরণের শক্তি প্রয়োগ করে আফগান ভূমিতে। কিন্তু ঈমানী চেতনা ও দৃঢ় প্রত্যয়ের সামনে তারা কিছুই করতে পারে নি। রাশিয়া শুধু আফগান ভূমিতেই পরাজিত হয়নি; বরং পৃথিবীর মানচিত্র থেকে সোভিয়েত ইউনিয়নের অস্তিত্ব পর্যন্ত মুছে যায়। যেই বস্তুতান্ত্রিক শক্তি সারা দুনিয়াকে হজম বা লুণ্ঠন করার পরিকল্পনা নিয়ে মাঠে নামে, তারা নিজেরাই আজ ছিন্নভিন্ন হয়ে নিজেদের অস্তিত্ব হারিয়ে ফেলেছে।

নিঃসন্দেহে আমরা ঘোষণা দিয়ে বলতে পারি যে, সারা দুনিয়াতে শুধু আফগান জাতিরই এমন ইতিহাস রয়েছে যে, তারা সবচেয়ে বড় জালেম ও প্রতাপশালী দেশকে নাকানী-চুবানী খাইয়ে ছেড়েছে। এটা আল্লাহ তাআলার অসীম অনুগ্রহ।

প্রিয় দেশবাসী! সোভিয়েত ইউনিয়ন ও কমিউনিষ্ট সাম্রাজ্যবাদীদের পতনের পর আফগান জাতি আশা করেছিল যে, আফগানিস্তানে একটি মজবুত কেন্দ্রীয় সরকার গঠিত হবে, যা পরিচালিত হবে ইসলামী শাসনের আলোকে। ষোল লাখ শহীদ ও অসংখ্য এতীম ও বিধবার মনের আরজী ছিল এটাই। কিন্তু আফসোস যে, বহিঃশক্তির অবৈধ হস্তক্ষেপের কারণে আমাদের সে আশা শুধু দূরাশাই থেকে যায়। দেখতে দেখতে যুদ্ধ বিধ্বস্ত আমাদের এ গরীব রাষ্ট্রটি আরেকবার ক্ষমতা ভাগাভাগির সংঘর্ষে জরিত হয়। হাজার হাজার নিরপরাধ জনগণ মারা যায়। চুরি, ডাকাতি, হত্যা, লুণ্ঠনসহ সর্বপ্রকার অনাচার ব্যাপক হয়ে পড়ে। জাতি, ভাষা ও আঞ্চলিকতাসহ বহুমুখী বিভাজন ও পারস্পকি বিদ্বেষ মাথাচাড়া দিয়ে ওঠে। সাধারণ জনগণের হাতে তুলে দেওয়া হয় বিভিন্ন ধরণের মারণাস্ত্র। একটি মাত্র দেশে শত শত সরকার দাঁড়িয়ে যায়।

আমাদের দেশের ঐতিহাসিক শত্রু বিশঙ্খল ও অস্থির পরিস্থিতিকে খুব গনীমত মনে করে। দেশটিকে টুকরো টুকরো করার জন্য এই পরিস্থিতিকে সুবর্ণ সুযোগ মনে করা হয়। এমন নাযুক পরিস্থিতিতে দেশের আশির্বাদ মাদরাসাপড়ুয়া ছাত্ররা উলামায়ে কেরামের ফতোয়া ও মুজাহিদ জাতির সমর্থন

নিয়ে কিতাব বন্ধ করে হাতে অস্ত্র তুলে নেয়। মাদরাসা, খানকা ও মসজিদের প্রকোষ্ঠ ছেড়ে ময়দানে নেমে আসে তারা। কুরআনের হাফেজ, তাফসীর ও হাদীসের ছাত্র ও উলামায়ে কেরামের কুরবানীর বদৌলতে দেশের প্রায় ৯৫ ভাগ অঞ্চল আজ জুলুম ও বিশৃঙ্খলা থেকে পবিত্র। নিপীড়িত জনগণ স্বেচ্ছাচার শাসকদের দাসত্ব থেকে মুক্তি পায়। আল্লাহ তাআলার মেহেরবানীতে তালেবানরা এমন কাজ সম্পন্ন করেছে, যার কল্পনা করাও ছিল দুনিয়ার মুসলমানদের জন্য অপরাধ। বিক্ষিপ্ত শাসনব্যাবস্থা বিলুপ্ত করে সুদৃঢ় কেন্দ্রীয় সরকার গঠন, সাধারণ জনগণকে নিরস্ত্রকরণ এবং দেশকে কয়েকভাগে বিভক্ত করার ঘৃণ্য ষড়যন্ত্র নস্যাৎ করার বিভিন্ন কৃতিত্ব অর্জন করে তালেবানরা।

বর্তমানে ইসলামী ইমারত (তথা তালেবান শাসন) দেশের সমস্ত জাতি ও গোত্রের সমর্থন লাভ করতে সক্ষম হয়েছে। একটি স্বাধীন ও শক্তিশালী আফগান রাষ্ট্র গড়ে তোলার জন্য সর্ব প্রকার কুরবানী দিতে প্রস্তুত রয়েছে এই প্রশাসন। ইসলামী ইমারত দুনিয়ার সমস্ত শান্তিপ্রিয় দেশের কাছে আবেদন জানাচ্ছে যে, আপনারা আসুন। আফগানিস্তানের বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করুন। তারপর ইসলামী ইমারতের সাথে সম্পর্ক গড়ার ব্যাপারে ভাবুন। ইসলামী ইমারত ধর্মীয় ও জাতীয় নীতিমালার আলোকে দুনিয়ার সব রাষ্ট্রের সাথে সুসম্পর্ক ও সম্প্রীতি বজায় রাখতে আগ্রহী। তবে আমারা কাউকে আমাদের এই নিপীড়িত জাতির স্বাধীনতার প্রতি কুদৃষ্টি নিক্ষেপের অনুমতি দিই না।

আমরা ইসলামী ইমারাতের সুরক্ষা ও স্থায়ী নিরাপত্তার জন্য পুরো মুসলিম উম্মাহর কাছে ইসলামী ইমারাতের সাথে সহায়তামূলকমূলক আচরণ করার আবেদন করছি।

শেষে আরেকবার আমি এ কথার পুনরাবৃত্তি করা আবশ্যক মনে করছি যে, আফগান জাতি এই বিংশ শতাব্দীতেই একের পর এক 'ফিরিঙ্গী' ও সোভিয়েত ইউনিয়নের মত সাম্রাজ্যবাদী শক্তিকে অত্যন্ত লজ্জাস্কর পরাজয় বরণ করিয়েছে। সারা দুনিয়া আফগান জাতির এই অনুগ্রহের কাছে ঋণী। আফগানিস্তানের জনগণ আজও তাদের ধর্মীয় ও জাতীয় নিরাপত্তার খাতিরে যে কোন শক্তির মোকাবেলা করতে প্রস্তুত।

সুতরাং যারা আজ আমাদের অভ্যন্তরীণ বিষয়ে অবৈধ হস্তক্ষেপ করার এবং আমাদের জাতীয় স্বার্থ নিয়ে ছিনিমিনি খেলার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে, তারা যেন মনে রাখে, এই জাতির হাতে অস্ত্র না থাকতে পারে, তাদের দেহে কাপড় না থাকতে পারে, কিন্তু সব ধরণের সাম্রাজ্যবাদী শক্তিকে দাত ভাঙা জওয়াব দেওয়ার জন্য তাদের অন্তর কখনও জিহাদী চেতনা হারাবে না।

সবশেষে গৌরবময় স্বাধীনতা দিবসে সকল শহীদের পবিত্র আত্মার জন্য বিশেষ দোআ করছি। জান্নাতে তাদের সুউচ্চ মাকাম লাভের জন্য আল্লাহর দরবারে আরজি পেশ করছি।

মুসলিম উম্মাহর প্রতি মোল্লা মুহাম্মাদ ওমরের একটি বার্তা

فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا ۗ وَاللَّهُ يُحِبُّ الصَّابِرِينَ

আল্লাহর পথে তাদের উপর যত মুসিবত আপতিত হয়েছে, তাতে তারা ভেঙে পড়েনি, দুর্বল হয়নি এবং ক্লান্তও হয়নি। আল্লাহ তাআলা ধৈর্যশীলদের পছন্দ করেন।

পৃথিবীর সর্বত্র ছড়িয়ে থাকা মুসলিম ভাইয়েরা!

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ! আপনারা সবাই শুনেছেন এবং একের পর এক দেখছেন যে, যুদ্ধবাজ আমেরিকা আমাদের ভূমিতে কী তাণ্ডব চালাচ্ছে। অত্যাচার, লুণ্ঠন ও নিরাপরাধ মানুষ হত্যাসহ পুরো আফগান জাতির সাথে তারা লাঞ্ছনাকর আচরণ করে যাচ্ছে। তারা আমাদের দেশে প্রবেশ করার অল্প কয় দিনের মধ্যে পুরো দেশে হতাহতের সংখ্যা কল্পনার মাত্রা ছাড়িয়ে গেছে। দুর্বল শিশু, অবলা নারী আর নিরাপধ লোকদের উপর তারা এমনসব ভয়াবহ যুদ্ধাস্ত্র ও বিষাক্ত বোমা ব্যবহার করছে, যা অন্য সবার জন্য তারা হারাম (অবৈধ) করে রেখেছে। তারা চাইছে ঠাণ্ডা মাথায় আমাদের সাথে ধ্বংসাত্মক যুদ্ধকর্ম চালিয়ে যেতে। কারণ, তারা মনে করে, দুনিয়ার সমস্ত মুসলিম দেশে তাদের অবাধ বিচরণের অধিকার রয়েছে।

আমেরিকা কি আজ পর্যন্ত আফগানিস্তানের কল্যাণে কোন কিছু করেছে? বিশ্বনেতৃত্বের তারা দাবিদার। এ দাবির যৌক্তিকতায় কোন কিছুই তারা আজ পর্যন্ত করে দেখাতে পারেনি।

আমেরিকা কি আফগানের দারিদ্র্য মোচন করতে পেরেছে? এ যুদ্ধের মাধ্যমে সারা পৃথিবী দূরে থাক, অন্ততপক্ষে আফগানিস্তানেই কি তারা

নিরাপত্তা প্রতিষ্ঠা করতে পেরেছে? অথচ নিরাপত্তার ঢাকঢোল পিটিয়েই তো এ অন্যায় যুদ্ধ তারা শুরু করেছিল।

আমেরিকা আমাদের দেশে সব ধরণের বিধ্বংসী অস্ত্র ব্যবহার করেছে। সন্ত্রাস দমনের নামে লাখ লাখ নিরাপরাধ মানুষকে হত্যা করেছে। আমেরিকা কি এখন সন্ত্রাস দমনের গ্যারান্টি দিতে পারবে?

যদি সন্ত্রাস দমনের সুকর্মটিই তাদের লক্ষ্য হয়ে থাকে, তা হলে তাদের জন্য কি আবশ্যক ছিল না ইহুদী সন্ত্রাসীদের বিরুদ্ধে দাঁড়ানো; ইসরাইল সমর্থন প্রত্যাহার করা। অভিশপ্ত ইহুদী সন্ত্রাসীরা নিরাপরাধ ফিলিস্তিনী জনগণের উপর হত্যা, লুণ্ঠন ও অবৈধ দখলদারত্ব চালিয়ে যাচ্ছে। আর এসব কিছুর পেছনে রয়েছে ধোঁকাবাজ আমেরিকার সহায়তা ও সক্রিয় সমর্থন।

আমেরিকার কি কর্তব্য ছিল না, সন্ত্রাসী ভারতের বিরুদ্ধে দাঁড়ানো। দেশটি অর্ধশতাব্দী হচ্ছে কাশ্মীরের মুসলমানদের উপর অকথ্য নির্যাতন চালিয়ে যাচ্ছে।

'সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ' এ বুলি যদি সত্যিই হয় তা হলে বার্মার বৌদ্ধ সন্ত্রাসীদের বিরুদ্ধে আমেরিকার মুখে তালা কেন?

আসলে আমেরিকার অভিপ্রায় কী, সচেতন মুসলমানরা তা ভালো করেই জানে। তাদের টার্গেট ইসলামী শক্তিকে দুর্বল করা। যারাই ইসলামী শরীয়ত প্রতিষ্ঠার চেষ্টা করে তাদেরকেই দুনিয়া থেকে মিটিয়ে দেওয়া। কারণ, তারা ভালো করেই জানে, তাদের ও ইহুদীদের সবচেয়ে বড় আশঙ্কা হল ইসলাম এবং ইসলামের অনুসারী মুসলমান।

আমেরিকা সরাসরি তো একথা বলতে পারে না যে, তারা ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করছে। তাই কৌশলে তারা এ যুদ্ধের নাম দিয়েছে 'সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ'।

আমেরিকা চায় সারা দুনিয়াতে তার নিজের কর্তৃত্ব প্রতিষ্ঠিত রাখতে। দুর্বল জাতিগুলোর ধন-সম্পদ গ্রাস করতে এবং নিজে পূর্ণ নিরাপদ থাকতে।

আমেরিকা ইসলামী ইমারত আফগানিস্তান ও আফগান জাতির সাথে যে পাশবিক আচরণ করেছে, তাতে তার ধারণা করেছিল যে, খুব শান্তভাবে তার টার্গেট এখানে বাস্তবায়ন করবে। কিন্তু আমেরিকার দুর্ভাগ্য যে, মাত্র অল্প সময়েই প্রমাণিত হয়, তাদের এ ধারণা চরম ভুল। তাদের উচিত ছিল পূর্ববর্তী বিভিন্ন দাম্ভিক ও অহঙ্কারী দেশ ও সেগুলোর শাসকদের ইতিহাস

থেকে শিক্ষা নেওয়া। পরাক্রমশালী আল্লাহ অত্যন্ত শোচনীয়ভাবে তাদের দম্ভ চূর্ণ করেছেন।

আমেরিকা ধারণা করেছিল এ যুদ্ধে বিজয় তারই হবে। কিন্তু আমরা মুসলমানরা জানি আল্লাহ তাআলা সময়ের বিবর্তন ঘটিয়ে থাকেন। আমেরিকা এবং তার মিত্রশক্তি ইহুদীরা অবাধ্যতার শেষ প্রান্তে পৌঁছে গিয়েছিল। যেখানে তাদের জন্য অপেক্ষমান ছিল মহা পরাক্রমশালী আল্লাহর ক্রোধ। ধ্বংস ও অবক্ষয়। তারা নিজেদের দৌরাত্ম্যের মাধ্যমে দ্বারা ডেকে এনেছিল সেই পরিণতি যা বরণ করতে বাধ্য হয়েছিল তার পূর্ববর্তী অবাধ্যরা।

আল-হামদুলিল্লাহ! আমরা সর্বদা মহান আল্লাহর অঙ্গীকারের উপর রয়েছি। তিনি অবশ্যই আমাদের সাহায্য করবেন। সর্বশেষ উত্তম পরিণাম মুমিনদের জন্যই। পক্ষান্তরে আমেরিকা যেসব হুমকি দিয়ে থাকে, সেগুলোর কোন ভিত্তিই নেই। আমেরিকা কখনও এগুলো বাস্তবায়ন করতে সক্ষম হবে না। ইনশাআল্লাহ।

আমেরিকা ভেবেছিল, তার আশা পূরণ হবে। আফগানসহ সব মুসলিমকে সে গোলাম বানিয়ে ছাড়বে। কারণ, তার কাছে রয়েছে আধুনিক সব সমরাস্ত্র। যুদ্ধ বিমান, ক্ষেপণাস্ত্র, ট্যাঙ্ক, যুদ্ধ জাহাজ ও ড্রোন বিমান। আরও আছে পারমানবিক শক্তি। কিন্তু সে জানে না যে, আমাদের কাছে রয়েছে এমন অস্ত্র, যার ক্ষমতার পরিধি নির্ধারণ করা সম্ভব নয়। তা হল ঈমানের অস্ত্র। আল্লাহর প্রতি সমর্পনের অস্ত্র। মহান ক্ষমতাধরের উপর ভরসা করার অস্ত্র।

ঈমানের দৌলত বঞ্চিত এই কাফেররা তো মশার চেয়েও অধিক দুর্বল। বাহ্যিক অস্ত্র যতই শক্তিশালী হোক, তা মুমিনের হাতে না হলে তার কোন শক্তিই কার্যকর থাকে না।

বর্তমান বিশ্বেও আমরা দেখতে পাই, এমন অনেক দেশ আছে, যাদের সমরাস্ত্র ও বাহ্যিক শক্তির উপকরণ অনেক বেশি; কিন্তু সেই অস্ত্র তাদের জন্য মরণফাঁদ হয়ে দাঁড়িয়েছে। শাসকরা অসৎ ও স্বেচ্ছাচার। দীন-ধর্মের সাথে গাদ্দারী আর জাতির সাথে শত্রুতা ও চক্রান্তে লিপ্ত।

পক্ষান্তরে আল্লাহর অনুগ্রহে আফগানরা হল ইসলামী দীক্ষাপ্রাপ্ত জিহাদী জাতি। ধৈর্যের পরাকাষ্টায় উত্তীর্ণ ও ময়দানের অভিজ্ঞতাসমৃদ্ধ। তারা কখনও নিজেদের ভূমিতে কাফেরদের দখলদারিত্ব মেনে নেয়নি এবং কখনও মেনে

নেবেও না। কোন নির্যাতন মুখ বুজে তারা সহ্য করবে না। রক্তের শেষ বিন্দু খরচ করে হলেও আমেরিকা ও তার সাঙ্গপাঙ্গদের মোকাবেলা করে যাবে।

আফগান জাতি মহান আল্লাহর উপর ভরসা করে যে বিশাল শক্তির মোকাবেলা করেছে এবং করে যাচ্ছে, তা শুধু তাদের ঈমানী শক্তির কারণেই সম্ভব হচ্ছে।

আল্লাহ তাআলার পর তারা মুসলিম জাতির সাহায্যের মুখাপেক্ষী। সকল মুসলমানের নিকট তাদের কামনা শুধু দোআ আর সমর্থন।

আল্লাহ তাআলা আমাদেরকে এবং আপনাদের সবাইকে তার দীনের খেদমত করার এবং তাঁর মর্জিমাফিক কাজ করার তৌফীক দান করুন। আমাদেরকে শত্রু ও তার মিত্রদের উপর বিজয়ী করুন। তিনিই সকল ক্ষমতার অধিকারী ও পরাক্রমশালী।

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

ইসলাম ও মুসলমানদের সেবক

মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ

১৬ ই মুহাররম ১৪২৩ হি.

আমীরুল মুমিনীনকে হত্যার ষড়যন্ত্র

কান্দাহারে আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদকে গুপ্তভাবে হত্যা করার জন্য আন্তর্জাতিক চক্র চেষ্টা করে। কান্দাহারের নির্ভরযোগ্য সংবাদ-মাধ্যমগুলোতে বলা হয়, কান্দাহারের গভর্নর হাউজ এবং আমীরুল মুমিনীনের আবাসগৃহের মাঝপথে সরকারী অতিথিভবনের একেবারে সন্নিকটে একটি শক্তিশালী বোমা বিস্ফোরণ হয়। বিস্ফোরণের সামান্য সময় আগে আমীরুল মুমিনীন অতিথি ভবনের পাশ দিয়ে তাঁর বাসভবনে পৌঁছেন। এই ভয়াবহ বিস্ফোরণ থেকে আমীরুল মুমিনীন তো পূর্ণ নিরাপদ থাকেন। কিন্তু তার রক্ষীবাহিনীর মধ্য হতে ১২ জন শহীদ হন এবং ২০ জন আহত হন।

সংবাদ-মাধ্যমগুলোতে বলা হয় যে, আমীরুল মুমিনীনের ঘরের কাছে দাঁড় করানো সন্দেহজনক বিস্ফোরকভর্তি একটি ট্রাক থেকে এত ভয়াবহ বিস্ফোরণ হয় যে, আশ-পাশের কয়েকটি ভবন ধ্বসে পড়ে। ঘটনাস্থলে একটি বিশাল গর্ত হয়ে যায়। বিস্ফোরণের খবর শুনে চতুর্দিক থেকে মানুষ আমীরুল মুমিনীনের বাসভবনের দিকে ছুটে আসেন। শহরের প্রত্যেক ব্যক্তি আমীরুল

মুমিনীনের অবস্থা জানার জন্য অস্থির পড়েন। যখন তারা জানতে পারেন যে, আমীরুল মুমিনীন সুস্থ আছেন, তখন তারা স্বস্থির নিঃশ্বাস ফেলেন।

এই বিস্ফোরণের নেপথ্যে কারা ছিল, তা বের করার জন্য স্বরাষ্ট্র-মন্ত্রণালয়সহ ইসলামী ইমারতের সবকটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান তদন্ত শুরু করে। কান্দাহারের তথ্যমন্ত্রীকে প্রশ্ন করা হয় এই হামলার পেছনে কাদের হাত রয়েছে। জবাবে তিনি বলেন, বিষয়টি এখনও তদন্তাধীন রয়েছে। তদন্ত শেষেই বলা যাবে এর মূল হোতা কে বা কারা। তবে এই ভয়াবহ বিস্ফোরণে বহিঃশক্তির যে হাত রয়েছে, তা অস্বীকার করার সুযোগ নেই। এখানে আশ্চর্যের বিষয় হল, কান্দাহারে রাতে যখন এই বিস্ফোরণ ঘটে, তখন সেখানে আমেরিকান টিভি চ্যানেল সি. এন. এনের কোন সাংবাদিক উপস্থিত ছিল না। তা সত্ত্বেও ঘটনার পরক্ষণেই সিএনএন বিস্ফোরণের সংবাদ প্রচার করে। যদি এতে আমেরিকার কোন হাত না থাকত, তা হলে এত দ্রুত তারা বিস্ফোরণে সংবাদ কিভাবে সম্প্রচার করতে পারে। অথচ সিএনএনের কোন সাংবাদিক কান্দাহারে ছিল না। তা ছাড়া আফগানিস্তানের যোগাযোগ ব্যবস্থা এতটা উন্নত নয় যে, তাৎক্ষণিতভাবে কোন সংবাদ আন্তর্জাতিকক অঙ্গনে সম্প্রচার করা যেতে পারে।

যাই হোক, এই রহস্য বেশি দিন গোপন থাকবে না। আসল অপরাধীদের মুখোশ অবশ্যই উন্মোচিত হবে। এরপর সবাই জানতে পারবে যে, ইসলামী ইমারত আফগানিস্তান ও মুসলিম বিশ্বের প্রকৃত শত্রু কে?

বাস্তব কথা হল, বিগত দিনগুলোতে আমেরিকা আফগানিস্তানের উপর আক্রমণের প্রস্তুতি সম্পন্ন করে। হযরত মাওলানা ফজলুর রহমান সাহেবের হুমকি আমেরিকাকে তার ঘৃণিত ইচ্ছা বাস্তবায়ন করা থেকে সাময়িক বিরত রাখে। বোমা বিস্ফোরনের পিছনে যে আমেরিকার এজেন্টদের হাত ছিল, সেটা একটা সুপ্রমাণিত বিষয়। আমেরিকা চাইল এজেন্টদের মাধ্যমে একের পর এক বিস্ফোরণ ঘটিয়ে তালেবানদেরকে কোণঠাসা করে ফেলতে।

কর্মকর্তাদের নামে আমীরুল মুমিনীনের বার্তা

আউযুবিল্লাহি মিনাশ শাইতানির রাজীম, বিসমিল্লাহির রাহমানীর রাহীম। নাহমাদুহু ...

আমার প্রিয় ছোট ছাত্র ভাই, বন্ধু ও শ্রদ্ধেয় মুরব্বীরা! আপনারা সবাই অবগত আছেন এবং আল্লাহ তাআলাও সাক্ষী আছেন যে, এই মাদরাসা

পড়ুয়া ছাত্রগুলো আমার নির্দেশ মত শুধু আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য কুরবানী দিয়ে যাচ্ছে। শপথ করে বলছি, আল্লাহর কসম, মর্যাদা, নেতৃত্ব ও রাজত্ব অর্জনের জন্য এই কুরবানী দেইনি।

আমার বন্ধুগণ! বিষয়টি আপনারা ভালো করে বুঝে নিন। আপনারা জানেন যে, তালেবান আন্দোলন রশিয়ান বা আমেরিকান শত্রুকে লক্ষ্য করে গঠে উঠেনি। আমাদের প্রতিপক্ষ ছিল আমাদেরই স্বজাতি। যারা পোশাক-আশাকে, গঠন প্রকৃতিতে, ভাষা উচ্চারণে আমাদেরই মত। কিন্তু তারা কার্যত ছিল আল্লাহর দীনের শত্রু। মানবতার দুশমন। এ জন্যই আমরা তাদের মোকাবেলায় অস্ত্র হাতে নিতে বাধ্য হয়েছি।

আমরা সকল বিপদ-আপদ শুধু এই জন্যই মাথা পেতে নিয়েছি যে, এখানে আল্লাহর দীন ছিল পরাজিত এবং আল্লাহর হুকুম-আহকাম ছিল অবহেলিত। এই আফগানীদের সাথেই তোমাদের যুদ্ধ করতে হয়েছে এবং এতসব কোরবানী দিতে হয়েছে। কারণ এরা ছিল বিশৃঙ্খলাকারী ও বিপর্যয় সৃষ্টিকারী। সব ধরণের শরীয়ত বিরোধী অপকর্মে তারা লিপ্ত ছিল। তাদেরকে প্রতিহত করে ইসলামকে বিজয়ী করার জন্যই আমরা যুবকদের রক্ত উৎসর্গ করেছি।

ভায়েরা আমার! বিষয়গুলো আপনাদের সামনে সুস্পষ্ট হওয়া চাই। যদি আপনারা নিজেদেরকে মুজাহিদ তালেবান মুসলমান মনে করেন, তা হলে আমি আপনাদের কাছে শুধু একটি আবেদন করব, আপনারা যেখানেই থাকুন আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকারের প্রতি গুরুত্ব দিন। আপনাদের কেউ পাঁচ সদস্যের আমীর হলেও সে তার অধীনস্ত সব সাথীর ব্যাপারে জিজ্ঞাসিত হবে। প্রত্যেক সাথীর ব্যাপারে সজাগ থাকতে হবে তাকে, যেন সে কোন ধরণের অপরাধে জড়িয়ে না যায়। মুসলমান হয়ে অপর মুসলিমের উপর জুলুম না করে। খুব ভালো করে বুঝে নিন, যদি এ বিষয়ে আপনাদের থেকে কোন অবহেলা প্রকাশ পায়, তা হলে সে দিন বেশি দূরে নয়, যেদিন আপনাদেরও এমন পরিণতি দেখতে হবে, যা এই কুলাঙ্গার শাসক গোষ্ঠীকে দেখতে হয়েছে।

আল্লাহ তাআলা দোর্দণ্ড প্রতাপের অধিকারী এই শাসকদের উপর মাত্র পাঁচজন তালেবানকে এমনভাবে চাপিয়ে দেন যে, এরা তাদের জন্য গায়েবী শাস্তি প্রমাণিত হয়। আল্লাহ তাআলা এদের মাধ্যমে তাদের সকল প্রভাব-

প্রতিপত্তি টুকরো টুকরো করে দেন। আল্লাহ তাআলা আপনাদেরকেও পরীক্ষায় ফেলতে পারেন। তিনি সকলের উপর সমান ক্ষমতা রাখেন। যদি আমাদের থেকেও শরীয়ত বিরোধী কাজ প্রকাশ পায়, যদি আমরাও অপরাধে জড়িয়ে যাই, অথবা আল্লাহর আদেশ-নিষেধ উপেক্ষা করে শুধু ক্ষমতাকেই নিজেদের লক্ষ্য বানিয়ে নিই, তা হলে আল্লাহর কসম! তিনি সর্বময় ক্ষমতার অধিকারী। আমাদেরকে তিনি তাদের তুলনায় অধিক লাঞ্ছিত করে ছাড়বেন। তাই আমার পক্ষ থেকে আপনাদের প্রতি সবচেয়ে গুরুত্বপূর্ণ বার্তা হল, আপনারা সবাই আমরে বিল মারুফ ও নাহি আনিল মুনকারের প্রতি সর্বোচ্চ গুরুত্ব দিন। বাহ্যিকভাবে আমাদের বিজয় হল, না পরাজয় হল, সেটা অতটা গুরুত্বপূর্ণ নয়। আজ দুনিয়াতে আল্লাহর দীন বড় নির্যাতিত ও পরাজিত হয়ে আছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অন্তারাত্মা পেরেশান হয়ে আছে। উম্মতের বেহাল দশায় রহমতের নবীর হৃদয় যে কতটা কষ্ট পাচ্ছে, তা বলার ভাষা নেই। সুতরাং আমার ভাইয়েরা, আপনারা সম্মিলিতভাবে এদিকে নজর দিন।

আপনাদের কেউ কমিশনার, কেউ গভর্নর, কেউ কোন প্রতিষ্ঠান বা পদের দায়িত্বশীল, কেউ বা কোন গ্রুপের কমাণ্ডার অথবা সাধারণ একজন নাগরিক– সবাইকে এ ব্যাপারে সচেতন হতে হবে। তা হলে একদিন পস্তাতে হবে। সেদিন কোন লাভ হবে না।

আল্লাহর কসম! দুনিয়া-আখেরাত উভয় জাহানেই আমাদের আক্ষেপ করতে হবে। প্রত্যেক ব্যক্তি নিজের ও তার অধীনস্তদের আমলের প্রতি দৃষ্টি রাখবেন। আল্লাহর দিকে মনোনিবেশ করবেন। যদি আমরা সম্মিলিতভাবে এগুলো করতে পারি, তা হলে আল্লাহ তাআলা আমাদের উপর তাঁর রহমতের ধারা অবারিত করবেন। কিন্তু যদি এর বিপরীত হয়, তা হলে সেই সত্তার শপথ, যার কুদরতী হাতে আমাদের সকলের প্রাণ! আমরা ধীরে ধীরে ধ্বংসের অতল গহ্বরে পৌঁছে যাব। আমাদের কোন খবরও থাকবে না।

হে মুজাহিদগণ! তোমরা প্রবৃত্তির চাহিদা থেকে মুখ ফিরিয়ে নাও। এই চিন্তাকে প্রত্যেক মুহূর্তের সাথী বানিয়ে নাও যে, আল্লাহর দীন কিভাবে বিজয়ী হবে। সাথীদের প্রতিনিয়ত খোঁজ-খবর নাও। লক্ষ রাখো আজ তারা কী করছে। কাল তাদের কী কাজ। প্রতিটি সাথীর কাজকর্মের ব্যাপারে সর্বদা সজাগ দৃষ্টি রাখো। আমাদের ডেরায় কিছু কুচক্রী লোক প্রবেশে। যারা জেনে

বুঝে অপরাধে জড়াচ্ছে। তাদের টার্গেট হল তালেবানদের দূর্নাম রটানো। যাতে দূরবর্তীদের মাঝে এটা প্রসিদ্ধ হয় যে, তালেবানরা বর্বর জাতি।

মজলুম সম্প্রদায়! আপনাদের কারও অজানা নয় যে, শুধু আল্লাহর সন্তুষ্টির জন্যই আমরা সারা দুনিয়ার শত্রুতা মাথা পেতে নিয়েছি। আল্লাহর হুকুমকে প্রাধান্য দিতে গিয়ে কারও বিরোধিতা তোয়াক্কা করিনি। এখন কিছু কুচক্রীর অনুপ্রবেশের কারণে যেন আমাদের ইহকাল ও পরকালে লজ্জিত না হতে হয়। তা হলে আমাদের ও পূর্ববর্তীদের পরিণতি হয়ে যাবে অভিন্ন। তখন সমাজের লোকেরা আমাদের মুখে থু থু দিয়ে বলবে, 'দীনের জন্য সারা দুনিয়ার শত্রুতা মাথায় নিয়ে, দীনের নামে তোমরা এ কী করেছ? যদি আজ আপনারা আমার কথার প্রতি কর্ণপাত না করেন, তা হলে আগামীকাল আপনাদের চড়া মূল্য দিতে হবে।

একথাগুলো যদিও আমি অধমের মুখে শুনছেন; কিন্তু এটাই হল আল্লাহর বিধান। কথাগুলো অন্তরের কান দিয়ে শুনুন। আমলের নিয়তে শুনুন। যদি আমরা এগুলো পালন করে চলতে পারি, তা হলে যুদ্ধের প্রতিটি ময়দানে বিজয় আমাদের পদচুম্বন করবে। আল্লাহ তাআলা আমাদের জান-মালের নিরাপত্তার ব্যবস্থা করবেন। আজ বিভিন্ন ময়দানে আমাদের যে ক্ষয়ক্ষতি হচ্ছে, তা শুধু আমাদের গুনাহের কারণে হচ্ছে।

সবাই সাক্ষী থাকুন, আমি আমার দায়িত্ব পূর্ণ করে দিয়েছি। আমি আরেকবার শপথ করে বলছি, আল্লাহ কসম! নিজের মর্যাদা, রাজত্ব, বাদশাহী অর্জনের জন্য আমি এতসব কুরবানী করিনি। আল্লাহ সাক্ষী, আমার দায়িত্ব আমি পূর্ণ করেছি। সুতরাং আমাকে এ ব্যাপারে পাকড়াও করা হবে না, ইনশা আল্লাহ। তারপরও আমি আমার দায়িত্ব পালন করে যাব। উপদেশ দানের মাধ্যমে; প্রয়োজনে শক্তি প্রয়োগের মাধ্যমেও। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আমি কুরবানী দিয়ে যাব। আল্লাহ তাআলা আমাকে একটি মাত্র জীবন দিয়েছেন। আমি দৃঢ় প্রতিজ্ঞ যে, এ জীবনটি আমি শুধু তাঁর পথেই উৎসর্গ করব।

আমি আশা রাখি, আল্লাহ তাআলা আমাকে পাকড়াও করবেন না। বান্দাকে শাস্তি দেওয়া হয় তার আমলের ভিত্তিতে। আমি আমার দায়িত্ব পুরো করে দিয়েছি। যাতে আপনারা বলতে না পারেন, কেন আপনি আমাদের ব্যাপারে উদাসীন ছিলেন। আমাদের কেনো দিকনির্দেশনা দেননি।

মুসলমানদের জন্য ইলম অর্জন করা ফরজ। এ জন্য আমি আপনাদেরকে সতর্ক করছি যে, সংশোধনের জন্য একটি উপদেশ বাণীই যথেষ্ট। যদি কেউ প্রকৃত মুসলিম হয়ে থাকে, তা হলে সে যেন মন দিয়ে শোনে। নিয়ত বিশুদ্ধ করে শোনে। যদি গুনাহের কাজে লিপ্ত থাকে তা হলে যেন এখনই তাওবা করে। পুরো জামাত মাত্র একটি কথায় ঠিক হয়ে যেতে পারে।

এটা একটা ভুল মনোভাব যে, অমুক তো ঠিক হচ্ছে না, তাই আমার ঠিক হয়ে লাভ কি? অন্যদের দিয়ে প্রমাণ পেশ করা কিছুতেই ঠিক নয়। কাল হাশরের ময়দানে কি এমন কিছু বলা সম্ভব হবে যে, আমার অমুক সাথী নেককার ছিল না, তাই আমি নেককার হতে পারিনি। আপনারা যদি নিজেদের আমল পরিশুদ্ধ করার হিম্মত না করেন, অথবা এতে অক্ষম হন, তা হলে এই পাপিষ্ট শাসকদের আপন অবস্থায় ছেড়ে দিন। তারা আগের মতই অপরাধ করে যাক। কারণ যদি আপনারা ভালো হতে না পারেন, তা হলে তারা আর আপনারা তো বরাবরই হয়ে গেলেন। তখন আপনাদের বিরুদ্ধে জিহাদ করা বৈধ হয়ে যাবে। সুতরাং এমতাবস্থায় তাদের বিরুদ্ধে আপনাদের জিহাদ কিভাবে বৈধ হবে। যদি আমরা নিজেদের আমল পরিশুদ্ধ করে প্রত্যেকে নিজের পাহাদার হতে পারি, তা হলে কোন শক্তি আপনাদের মোকাবেলা করতে পারবে না। পক্ষান্তরে যদি আমারা নিজেদের আমলের ব্যাপারে উদাসীন থাকি, তা হলে যে কেউ আমাদের উপর বিজয়ী হতে পারবে। আমাদেরকে লাঞ্ছিত করবে। আল্লাহ তাআলাও আমাদের থেকে সাহায্যের হাত গুটিয়ে নেবেন।

যদি আমাদের আমল ঠিক হয়ে যায়, তা হলে আমাদের জিহাদ 'জিহাদ' হবে। আমাদের দ্বারা মুসলমানদের কোন হক নষ্ট হবে না। এর বিপরীত হলে আমাদের হাতেই মুসলমানরা জুলুমের শিকার হবে। আমি আর আপনাদের সময় নষ্ট করতে চাই না। আপনারা আমার জন্য দোআ করবেন। আমি ও আপনাদের জন্য দোআ করি। মহান আল্লাহ আপনাদের সাহায্যকারী ও রক্ষাকারী।

আমীরুল মুমিনীন এবং তাঁর সহচরবৃন্দ

আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর হাফিযাহুল্লাহু পাখতুন সম্প্রদায়ের অন্তর্গত গুল্যাই গোত্রের লোক। আরবী ও ফার্সীর উপর সমন পারদর্শী

তিনি। আধুনিক শিক্ষা অর্জন না করা সত্ত্বেও সাম্রাজ্যবাদীদের ফিতনা সমুহের ব্যাপারে অত্যন্ত সচেতন। রাশিয়ান আগ্রাসনের সময় যুদ্ধের ময়দানে তিনি বীরত্ব ও দৃঢ়তার পরাকাষ্ঠা প্রদর্শন করেন।

আমীরুল মুমিনীনের এক সাথী বলেন, তিনি খুব অল্প সময়ে আধুনিক অস্ত্র চালনায় এতটা পারদর্শি হয়ে উঠেন যে, অন্য মুজাহিদগণ অবাক হয়ে যান। তার টার্গেট কখনও মিস হয় না। এজন্যই ইংরেজি পত্রিকার এক সাংবাদিক তাকে Crack-marks man নামে অভিহিত করেন।

জিহাদ চলাকালীন সময়ে সমস্ত যুদ্ধক্ষেত্রে বীরত্বের স্বাক্ষর রাখেন তিনি। রাশিয়ান বাহিনীর ট্যাংক বিধ্বংসে তার অবদান নজিরবিহীন। যুদ্ধ চলাকালে তিনি চার বার আহত হন। একবার রাশিয়ান বাহিনীর রকেট বিস্ফোরিত হয়ে তার একটি চোখ নষ্ট হয়ে যায়।

সর্বদা আল্লাহর সামনে দাঁড়ানোর ভাবনা

বড় বড় অনেক ব্যক্তি তার সামনে প্রস্তাব পেশ করেন যে, আমরা আপনাকে একটি আধুনিক কৃত্রিম চোখ লাগিয়ে দেই। আপনি অপরেশনের জন্য প্রস্তুত হোন। কিন্তু মোল্লা ওমর রাজী হননি। তিনি এ জাতীয় সকল প্রস্তাব কৃতজ্ঞতার সাথে এড়িয়ে যান এবং বলেন, আমি আমার রবের সামনে এ অবস্থায়ই হাজির হতে চাই। আখেরাতের মনযিল বড় কঠিন। মুসলমানরা দুনিয়াতে এসেছে দীন প্রতিষ্ঠা ও আখেরাতের প্রস্তুতির জন্য। যখন হাশরের ময়দানের ভিড়ে আমাকে আমার রবের সামনে পেশ করা হবে, তখন এই নষ্ট চোখটি আমাকে জিহাদে শরীক থাকার সাক্ষী হবে। এর বিনিময়ে আমি আমার মালিকের দরবারে মাগফিরাত লাভের আশা করি।

অঙ্গ কর্তিত শাসক

এখানে আরেকটি কথা ব্যক্ত করার লোভ সংবরণ করতে পারছি না। মোল্লা ওমরের যেমন এক চোখ নষ্ট হওয়া সত্ত্বেও সারা দুনিয়া তার দাপটে বিস্মিত হয়। তেমনই তাঁর এক সাথী মোল্লা মুহাম্মাদ হাসানের এক পা না থাকা সত্ত্বেও আপন প্রতাপ দ্বারা সারা আফগানিস্তানে প্রসিদ্ধি লাভ করেন। দুনিয়াতে এমন রাষ্ট্র খুব কমই আছে যার শাসকশ্রেণি তালেবানদের মত এমন মাযুর ও অঙ্গহীন। তালেবান সরকারের প্রতিটি পদের প্রধান দায়িত্বশীল

হয়তো পা কাটা, নয়তো হাত কাটা। অথবা শরীরের অন্য কোন অঙ্গ ক্ষতযুক্ত।

মোল্লা মুহাম্মাদ হাসান কান্দাহারের প্রাদেশিক গভর্নর। রাশিয়ান বাহিনীর বিরুদ্ধে জিহাদে তার এক পা ভেঙে টুকরো টুকরো হয়ে যায়। এখন তিনি কাঠের তৈরী কৃত্রিম পায়ের সাহায্যে চলাফেরা করেন। চেয়াবে বসা অবস্থায় তার কাঠের পা যখন মেঝেতে জোরে আঘাত করে, তখন বড় ধরনের আওয়াজ হয়। এতে মাঝে মাঝে তাঁর সাক্ষাৎ প্রার্থীরা ভয় পেয়ে যায়। মান্যবর এই গভর্নরের জীবন যে কতটা সাদাসিধে, তা অনুমান করার জন্য একটি ঘটনা বলছি। একবার পাকিস্তান থেকে কতিপয় বিশিষ্ট ব্যক্তির কাফেলা কান্দাহার পৌঁছে। তারা গর্ভনর হাউজের গাড়ীতে করে একটি বাজার অতিক্রম করছিলেন। তারা গাড়ী থেকে দেখতে পান যে, গর্ভনর মোল্লা হাসান বাজারের ভিড় ঠেলে খুড়িয়ে খুড়িয়ে হাঁটছেন। মেহমানরা গাড়ি থামান। গভর্নরকে সালাম দিয়ে জিজ্ঞাসা করেন, হয়রত! আপনি এই ভিড়ের মধ্যে খুড়িয়ে খুড়িয়ে হাঁটছেন? আপনার জন্য কি গাড়ির ব্যবস্থা নেই?

তিনি হাসি মুখে জবাব দেন, গভর্নর হাউজের গাড়ি মাত্র একটি। সেটাতেই আপনারা চড়ে আছেন। আপনাদের আসার খবর পেয়ে এই গাড়িটি পাঠিয়ে দিয়েছি। তাই এখন পায়ে হেঁটেই ঘরে যাচ্ছি। তাছাড়া ভিড়ের মধ্যে পায়ে হেঁটে চলতে আমার একটুও সংকোচ লাগে না।

পাকিস্তানী মেহমানরা গভর্নরের এই কথা শুনে নিজেদের আঙুল কাটতে থাকেন। তালেবান সরকারের আইনমন্ত্রী নজরুদ্দীন তুরাবী এবং সাবেক পররাষ্ট্রমন্ত্রী মোল্লা গাওস– দু'জনই যুদ্ধে একটি করে চোখ হারিয়েছেন। এই ঘটনা ঘটেছিল রাশিয়া বিরোধী জিহাদে। কাবুলের মেয়র আব্দুল মাজীদও জিহাদে তার এক পা ও হাতের দুই আঙুল হারান।

মোল্লা ওমর রাশিয়ার হামলার সময় ইউনুস খালেসের দল 'হিযবে ইসলামী'র অধীনে জিহাদ করেন। রাশিয়ার পলায়নের পর এই দলটিও ক্ষমতার লোভে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে মোল্লা ওমর অনেক ব্যাথা পান। তিনি তার মিলিশিয়া থেকে পৃথক হয়ে যান।

মোল্লা ওমর শরীয়তের প্রতিটি বিধানের ব্যাপারে অত্যন্ত মজবুত। এত বড় বিপ্লব সাধনের পরও কোন দিন নিজের একটি ফটো তোলা তিনি পছন্দ করেননি। তাকওয়ার ব্যাপারে তিনি এতটাই সতর্ক যে, সর্বদা মোটা কাপড়

পরেন। সাধারন আফগানীরা যে খাবার খায়, তিনি তা-ই নিজের জন্য পছন্দ করেন। এই সমতা ও আত্মবিমুখতাই প্রমাণ করে আল্লাহর বান্দাদের সেবার ক্ষেত্রে তিনি কতটা নিষ্ঠাবান।

আমেরিকা, ইউরোপসহ অন্যান্য উন্নত রাষ্ট্রের প্রতিনিধি ও সাংবাদিকরা মোল্লা ওমরের সাক্ষাতের আগ্রহে থাকত। কিন্তু তিনি ভিনদেশী কারও সাথে সাক্ষাৎ করতে চাইতেন না। তাই এদের সাক্ষাতের বিষয়টি তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপর ন্যাস্ত করেন। তিনি এতই সাদাসিধা যে, নতুন কেউ তার সাক্ষাতে এলে অন্য লোকজনের মাঝে মোল্লা ওমর কে, তা নির্ণয় করাই দুষ্কর হয়ে যায়। আত্মমর্যাদার মোহ তার বিন্দুমাত্রও নেই। নিজের জন্য বিশেষ কিছু তিনি কখনও করেন নি। নিম্ন থেকে নিম্ন শ্রেণীর মানুষের সাথেও তিনি সাক্ষাৎ করেন বড় আন্তরিকতা ও উৎসাহের সাথে। চেয়ার বা উঁচু কোন আসনে বসা তিনি পছন্দ করেন না। নিঃসংকোচে মেঝেতে বসে যেতে পারেন। কথা খুব কম বলেন। অনর্থক কথা কখনই তার মুখে শুনতে পাওয়া যায় না। কথা বলেন খুব ধীরে ধীরে। অপর পক্ষের কথা খুব ধ্যান দিয়ে শোনেন। সব বিষয় শুরার মজলিসে পেশ করেন। পরামর্শ ছাড়া এক পাও এগোন না। আফগানীদের অন্তর তার ভালবাসায় ভরপুর। মহত্ত্বপূর্ণ কোন উপাধী বা বিশেষণ ছাড়া তার নাম কেউ মুখে নেয় না। প্রত্যন্ত অঞ্চলের লোকেরাও তাকে 'আলীক্বদর মোল্লা ওমর' নামে স্মরণ করে।

আল্লাহ প্রদত্ত এসব মর্যাদার রহস্য হল সেই দীনদারী, যা আজকের শাসকদের মাঝে পাওয়া বড়ই দুষ্কর। পুলিশ ও সেনা বাহিনীর লাঠি হাকিয়ে রাস্তা পরিষ্কার করা আর জবরদস্তি সংবর্ধনা বাস্তবে কোন সম্মান নয়। মোল্লা ওমরের কখনও এ জাতীয় সম্মান লাভের প্রয়োজন পড়ে না। জনসাধারণ এমনিতেই তার চলার পথে নিজেদের চোখ বিছিয়ে দেয়। এটাই সেই সম্মান যা, আল্লাহ তাআলা আফগান জনগণের অন্তরে ঢেলে দিয়েছেন। তার সুমহান চরিত্র ও সৎকর্মের বদৌলতে।

তিনি দিনভর চাটাইয়ের উপর বসে সরকারী কাজকর্ম আন্‌জাম দেন। আর গর্ভনর, কমাণ্ডার, মন্ত্রী ও উপদেষ্টাদের কাছে ছোট ছোট চিঠি পাঠান। যাতে বিভিন্ন নির্দেশ ও উপদেশ লেখা থাকে। তার পাশে একটি সাধারণ বক্স রাখা থাকে। যাতে মুদ্রা ও নোট রাখা হয়। কোন সেনা কমাণ্ডার বা অভাবী

ব্যক্তি এলে সেই বক্স থেকে তাকে কিছু দিয়ে দেন। তার দেহ উঁচু। গায়ের রং লালচে, নূরানী চেহারা জুড়ে ঘন দাড়ি শোভিত।

কান্দাহারের লোকেরা বলে, আমরা কখনও মোল্লা ওমরের নাম শুনিনি। জিহাদের বীরত্বের কারণে তাঁর নামের চর্চা শুরু হয়। শিক্ষা গ্রহণের জন্য এরচেয়ে উজ্জ্বল দৃষ্টান্ত আর কী হতে পারে যে, অসহায় একটি শিশু, গরীব কৃষকের ঘরে যার জন্ম, সময়ের ব্যবধানে সেই শিশুই দুনিয়ার সবচেয়ে খ্যাতনামা ব্যক্তিতে পরিণত হয়। শুধু সৎকর্ম ও খোদাভীতির বদৌলতে।

বাস্তবেব এটা আশ্চর্যের কোন বিষয় নয়। কারণ পবিত্র কুরআনে মর্যাদা ও সফলতার ভিত্তি বলা হয়েছে ঈমানের দৃঢ়তা ও চরিত্রের উৎকর্ষকে। যে কেউ মজবুত ঈমান ও অনুপম চরিত্রের অধিকারী হবে, সাফল্য তাঁকেই হাতছানি দিয়ে ডাকবে।

মোল্লা ওমর ও তালেবানদের অন্তরঙ্গ বন্ধু শায়খ আবু আব্দুল্লাহ উসামা বিন লাদেন (র.)-কে নিয়ে আজ চর্চা হচ্ছে বিশ্ব ব্যাপী। আমেরিকা, ব্রিটেন আজ তার ভয়ে কম্পমান। এর কারণ তাঁর সুদৃঢ় ঈমান ও ইস্তেকামাত।

একবার সঙ্গেসীর উপত্যকা থেকে কিছু লোক আসে। তারা অভিযোগ করে যে, তাদের এলাকার এক কমাণ্ডার দুই যুবতী মেয়েকে উঠিয়ে নিয়ে যায় এবং তাদের সম্ভ্রমহানী করে। মোল্লা ওমর তৎক্ষনাৎ ৩০ জন তালেবান সেনা সাথে নিয়ে সেই কমাণ্ডারের ক্যাম্পের উপর হামলা করেন। অপহৃত যুবতীদের উদ্ধার করেন। এবং সেই কুলাঙ্গার কমাণ্ডারকে কামানের সাথে বেঁধে ফাঁসিতে ঝুলান।

বাদশাহ আহমাদ শাহ আবদালীর যুগ থেকে কান্দাহারের একটি প্রাচীন সুরম্য মসজিদে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি জুব্বা সংরক্ষিত ছিল। সেটি ছিল একটি মজবুত সিন্ধুকের মধ্যে আটকানো। মোল্লা ওমর সিন্ধুকটি খুলে জুব্বা মোবারক বের করেন। তাতে চুমু খান। চোখে মুখে লাগান। এভাবে আত্মিক শক্তি অর্জন করেন। কান্দাহারের লোকজনকে সেই জুব্বা মুবারক দেখিয়ে ধন্য করেন। আফগান বাসীদের জীবনে এই জুব্বা দেখার চেয়ে অধিক মূল্যবান কোন অর্জন আর ছিল না।

মোল্লা ওমর যেকোন ব্যক্তিকে নির্দ্বিধায় সহায়তা করেন। কারও কাছে কোন অনুগ্রহের বদলা চান না। যেকেউ তার খেদমতে কোন হাদিয়া দিলে তিনি তা গ্রহণ করেন না। শুধু এতটুকু বলেন, প্রিয় ভাই! তুমি যদি হাদিয়া

দিয়ে আমায় খুশি করতে চাও, তবে আমার সাথে মিলে যাও। এবং ইসলামী শাসন প্রতিষ্ঠার পথে আমাকে সাহায্য করো।

অক্লান্ত পথিক আর দূর্গম পথ যাত্রা

মোল্লা ওমর জুলুমের পরিসমাপ্তি ঘটান। মাজলুমের অন্তরে স্বস্তি ফিরিয়ে আনেন। সর্বত্র ইসলামের আইন প্রতিষ্ঠিত করেন। কিন্তু এত কিছু করেও কোন এশতেহার প্রকাশ করেননি। কোন সেমিনার করেন নি। ঢাক-ঢোল পিটিয়ে কাউকে জানান দেন নি। তার সামনে শুধু আল্লাহর সন্তুষ্টি। তিনি জানতেন ভালো কাজরে প্রতিদান দিবেন আল্লাহ।

তিনি নিজের জন্য একটি সাদা পতাকা বানান। তাতে কালিমা তাইয়েবা লেখেন। সঙ্গে নেন কয়েক জন মাদরসাছাত্র। এদের নিয়ে ঘুরে বেড়াতে থাকেন গ্রামে গঞ্জে। জুলুম, নিপীড়ন, হত্যা ও লুটতরাজের বিরুদ্ধে লোকজনকে সোচ্চার করতে থাকেন। উৎসাহ দিতে থাকে ইসলাম প্রতিষ্ঠার জন্য আরেকটি নতুন জিহাদের। আর এ আহ্বানই যেন ছিল ভাগ্যাহত ও নিপীড়িত আফগানীদের হৃদয়ের ভাষা।

আপামর জনতা মোল্লা ওমরের পদক্ষেপ সানন্দে গ্রহণ করে এবং তার হাতে হাত মিলিয়ে শুরু করে ইসলাম প্রতিষ্ঠার জিহাদ।

কান্দাহার বিজয়

মোল্লা ওমরের সদ্য ঘঠিত দলটি যখন কিছুটা মজবুত হয়, তখন সবার আগে তিনি কান্দাহার জয় করার দিকে মনোনিবেশ করেন। এ সময় কান্দাহারে চলছিল মুজাহিদ মিলিশিয়ার কমাণ্ডার নকীব আখুন্দযাদার শাসন।

তার অধীনে ছিল আড়াই হাজার সৈন্য, ১২০ টি ট্যাংক। ছয়টি যুদ্ধ বিমান ও ছয়টি হেলিকপ্টার। এমন একটি সুসংহত বাহিনীর সামনে অল্প ক'জন প্রশিক্ষণহীন মাদরাসাছাত্র কী আর গুরুত্ব রাখে। নকীব চাইলে এই ক'জন ছাত্রকে ধুলোয় মিশিয়ে দিতে পারতেন; কিন্তু উপরওয়ালার ইচ্ছা ছিল অন্য রকম। তিনি নকীব ও তার বাহিনীর দিল ঘুরিয়ে দেন। তারা রব্বানীর আনুগত্য ছেড়ে তালেবানের সাথে একাত্মতা ঘোষণা করেন। কিন্তু মানছুর নামের আরেকজন স্থানীয় কমাণ্ডার তালেবানের উপর হামলা করে বসে। তিন দিন পর্যন্ত যুদ্ধ চলে। অবশেষে আল্লাহ তাআলা তালেবানকে বিজয় দান করেন এবং কান্দাহারে তালেবানের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হয়।

নকীব আখুন্দযাদার আড়াই হাজার সেনা তালেবানদের সাথে জোটবদ্ধ হয়। কান্দাহার বিজয়ের পর আফগানিস্তান ও বেলুচিস্তানের ২০ হাজার ছাত্র মোল্লা ওমরের বাহিনীতে শামিল হয়। এটা ছিল প্রথম দিকের কথা। এর পর থেকে তালেবানের জন্য বিজয়ের দ্বার খুলতে থাকে। যেখানেই তাদের পা পড়ে, সেখানেই তারা সফল হয়। শত্রু যতই শক্তিশালী হোক, তাদের মোকাবেলায় যেন অসহায়। কান্দাহার বিজয়ের পর 'হেরাতের' পথ ধরে তালেবানরা সামনে বাড়তে থাকেন। 'যাবিল' এবং 'উরুযগান' প্রদেশ দুটি কোন প্রকার সংঘর্ষ ছাড়া শুধু তালেবানদের উপদেশ ও উৎসাহ দ্বারা বিজিত হয়ে যায়।

মোল্লা ওমর ও তালেবানের এ বিজয় ধ্বনি সারা আফগানিস্তানে আলোড়ন সৃষ্টি করে। বহির্বিশ্বেও এ নিয়ে পর্যালোচনা হতে থাকে। ১৯৯৫'র নভেম্বরে হেলমান্দ প্রদেশ তাদের নিয়ন্ত্রণে আসে। এরপর গজনী। এমনইভাবে ওর্য়াদাক ও লোগার প্রদেশের গভর্নরগণও তালেবানের আনুগত্য মেনে নেয়।

একটি প্রোপাগাণ্ডা চালানো হয়ে থাকে যে, আফগানিস্তানে কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য পাকিস্তান তালেবানকে সহযোগিতা করে দাঁড় করিয়েছে। সৌদি আরবও তাদেরকে দিয়েছে মোটা অংকের অর্থ।

হাঁ, পাকিস্তান তালেবানকে সহযোগিতা করেছে, তবে তা আর্থিক নয়; বরং চারিত্রিক। তারা তালেবানের মনোবল চাঙ্গা করে রাখে। তাদের সাথে কোন বিষয়ে গাদ্দারী করেনি। আর সৌদি আরবও অর্থ দিয়ে কিছু সহায়তা করেছে। তবে তা অনেক পরে। প্রাথমিক স্তরে তালেবানরা কারও কাছে সহযোগিতা কামনাও করেনি, কেউ সহযোগিতার হাত বাড়িয়ে এগিয়েও আসেনি। প্রথমে তো তাদের অবস্থা ছিল এই যে, তারা যে এলাকায় যেত তার পুরোটাই তাদের আনুগত্য স্বীকার করত। হয়তো স্বেচ্ছায়; নয়তো বাধ্য হয়ে। বিজিত এলাকার সামরিক অস্ত্র-শস্ত্র ও অন্যান্য উপকরণ– সবই চলে আসত তালেবানের কব্জায়।

এভাবেই সংগঠিত একটি ছাত্রদল আধুনিক অস্ত্রেশস্ত্রে সজ্জিত সেনাদলে পরিণত হয়। সূচনা থেকে শুরু করে কোন স্তরেই বহিঃশক্তির কারও কাছে হাত পাতার প্রয়োজন পড়েনি তাদের।

যখন ধারাবাহিকভাবে এলাকার পর এলাকা জয় হতে থাকে, তখন মোল্লা ওমর সামরিক প্রশিক্ষণের জন্য 'সেনা প্রশিক্ষণ কেন্দ্র' খুলে দেন। এক্ষেত্রে

আফগানিস্তানের সমস্ত নাগরিককে সমান সাব্যস্ত করা হয়। কোন গোষ্ঠী বা সম্প্রদায়কে অগ্রাধিকার দেওয়া হয় না। এমনকি রাশিয়ানদের পালায়নের পর অবশিষ্ট যেসব কমিউনিষ্ট ছিল, তাদেরকেও মোল্লা ক্ষমা করে দেন। রাশিয়ানদের বিরুদ্ধে জিহাদে যেসব মুজাহিদ প্রশংসনীয় ভূমিকা পালন করেছিলেন, তিনি তাদেরকে প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষক হিসেবে নিয়োগ দেন। কিছু কমিউনিষ্ট জেনারেল এমনও ছিলেন, যারা আধুনিক অস্ত্র ব্যবহার ও সমর-কৌশলে অভিজ্ঞ ছিলেন। রাশিয়ান সেনাদের কাছে উন্নত প্রশিক্ষণ পেয়েছিলেন তারা। মোল্লা ওমরের কাছে হাতিয়ার জমা দিয়ে তারাও আনুগত্য প্রকাশ করেন। মোল্লা ওমর তাদের সন্ধির মনোভাব দেখে অনুপ্রাণিত হন।

তালেবান আন্দোলন খুব অল্প সময়ে চারদিকে অপ্রতিরোধ্য শক্তি ও অভাবনীয় গ্রহণযোগ্যতা অর্জন করে। তারা যেদিকেই গমন করে, লোকজন তাদেরকে সংবর্ধনা দিতে থাকে। শহরের পর শহর আনুগত্য গ্রহণ করে। ১৯৯৪ সালে তারা বিজিত অঞ্চলগুলো সুশৃঙ্খল ও সুসংহত করার প্রতি মনোযোগ দেয়। সেখানকার সন্ত্রাসী বাহিনী, ডাকাত দল এবং সমাজের নিরাপত্তার জন্য হুমকি হতে পারে, এমন যত গ্রুপ ছিল, তিনি সব উৎখাত করেন। সাধারণ জনগণের হাত থেকে অস্ত্র জমা নেন। চতুর্দিকে পরিপূর্ণ নিরাপত্তা প্রতিষ্ঠা করেন। যখন চারদিকে তাদের শক্তি ও শাসন প্রতিষ্ঠিত হয়, তখন তারা কাবুল অভিমুখে অভিযান শুরু করেন।

১৯৯৫ সালে খুব অল্প সময়ে কাবুলের নিকটবর্তী শহর 'ময়দান' দখল করেন তালেবানরা। সেখানে ২৫ হাজার সদস্য তালেবানের আনুগত্য স্বীকার করে। ফলে তালেবানরা আরও মজবুত হয়ে ওঠেন। এ শহরে বিভিন্ন মিলিশিয়ার সাথে সম্পৃক্ত যুবকরা ভারী ভারী অস্ত্র নিয়ে উপস্থিত হয়। সেগুলো তালেবানদের মাঝে বণ্টন করা হয়।

হেকমতিয়ারের পরাজয়

গুলবুদ্দিন হেকমতিয়ার তালেবানদেরকে অবুঝ শিশু মনে করতেন। তিনি বলতেন, যদি তালেবানরা গজনীর দিকে পা বাড়ায়, তা হলে তিনি তাদেরকে যুদ্ধের স্বাদ মিটিয়ে দিবেন। তালেবানরা তার এ হুমকি কানে তোলেননি। গজনীর চারদিকে ছড়িয়ে পড়েন তারা। এতে হেকমতিয়ার চতুর্দিক থেকে

হামলা আসতে থাকে। তালেবানরা গজনীর আশ-পাশের অঞ্চলগুলো কব্জা করে একদিন গজনী শহরে হামলা করে বসেন। গুলবুদ্দিন তার বাহিনী নিয়ে প্রতিরোধের জন্য এগিয়ে আসেন। ১৯ জানুয়ারী ১৯৯৫ তালেবান ও হেকমতিয়ারের বাহিনীর মাঝে তুমুল যুদ্ধ হয়। এ সময় গজনীর প্রখ্যাত গভর্নর ও সর্দার 'ক্বারী বাবা' এসে তালেবানের কাছে আত্মসমর্পণ করেন। ফলে গজনী শহরও তালেবানদের দখলে চলে আসে।

এ অবস্থা দেখে হেকময়িার অত্যন্ত বিচলিত হয়ে পড়েন। তিনি আশংকা করতে থাকেন, যদি গজনী থেকে আগে বেড়ে তালেবান 'চাহার আসিয়াবে'র দখল নিয়ে নেয়, তা হলে তিনি আর আফগানিস্তানের মাটিতে পা রাখার যায়গা পাবেন না। তাই তিনি নতুন উদ্যমে তালেবানের উপর হামলা করে কিছু এলাকা ছিনিয়ে নেন। কিন্তু তালেবানরা খুব দ্রুতই তার বাহিনীকে এসব এলাকা থেকে হটিয়ে দেয়।

'চাহার আসিয়াব' ছিল হেকমতিয়ারের মজবুত ঘাটি। বলতে গেলে তার ক্ষমতার হেড কোয়াটার। পুরো অঞ্চলের প্রতিরক্ষা ব্যবস্থা ছিল অত্যন্ত মজবুত। এজন্য সেখানে অনেক ভয়াবহ যুদ্ধ হয়। অবশেষে জয় হয় তালেবানের। বুরহানুদ্দীন রব্বানী তখন কাবুলে অবস্থান করছিলেন। তিনি যখন হেকমতিয়ারের পরাজয় সংবাদ শুনতে পান, তখন পুরনো শত্রুর পরাজয়ের সংবাদ শুনে খুব খুশি হন।

গুলবুদ্দিন হেকমতিয়ারের শক্তি ও দাপটের চর্চা ছিল সারা আফগানিস্তান জুড়ে। তালেবানের হাতে তার পরাজয় ছিল আফগানীদের দৃষ্টিতে একটি বিস্ময়কর ঘটনা। বোরহানুদ্দীন রব্বানী আহমদশাহ মাসউদ ও হেকমতিয়ারের ভয়ে প্রকম্পিত থাকতেন। একদিন কেউ হেকমতিয়ারকে জিজ্ঞাসা করেন, পরাজয় বরণের পর এখন তালেবানের ব্যাপারে আপনার বক্তব্য কী?

তিনি কোন রাখঢাক ছাড়া জওয়াব দেন, 'আমার খান্দানের শিশু থেকে নিয়ে বৃদ্ধ সবাই বন্দী হয়েছে। যুদ্ধে আমার বাবা ও ভাই নিহত হয়েছেন। আমাকে অপরাধী প্রমাণ করে মৃত্যুদণ্ডের শাস্তি শোনানো হয়েছে। কিন্তু এসব কিছুর আমি কোনই পরোয়া করি না। এখন তালেবানের উপর আমার কোন ক্রোধ ও অভিযোগ নেই।'

রাশিয়া বিরোধী বীরত্বপূর্ণ ভূমিকা পালনকারী সমর নৈপুন্যের অধিকারী মুজাহিদ লিডারগণ যখন তালেবানের হাতে হেকমতিয়ারের পরাজয়ের কথা শুনতে পান, তখন তাদের অন্তরে তালেবানের ভীতি ছড়িয়ে পড়ে। তালেবানদের নিত্যনতুন বিজয়, বিজিত অঞ্চলে ইসলামী শাসন প্রতিষ্ঠা এবং অপরাধীদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান– এসব বিবরণ শুনে তাদের কলজে শুকিয়ে আসে। এমনকি লোকেরা নিজেদের সন্তানদেরকে পর্যন্ত তালেবানের নামে ভয় দেখাতে থাকেন। কিছু আফগানীর মুখে শোনা যে, জালালাবাদে শিশুদের অবস্থা এমন হয় যে, তারা একে অপরকে ভয় দেখিয়ে বলে, 'এই তোমার চালচলন ঠিক করো, তালেবান আসছে'।

হেকমতিয়ারের পরজয়ের পর কিছু তৎকালীন কয়েকটি সরকারী বাহিনী সেখানে পৌঁছে শূন্য এলাকা কব্জা করার জন্য। তালেবানরা তাদেরকে অবরুদ্ধ করে ফেলে। কিন্তু তারা তালেবানের সাথে সংঘর্ষ এড়িয়ে যায়। তালেবানরাও তাদের উপর হামলা থেকে বিরত থাকেন। সরকারী বাহিনীর লোকজন অধীনস্তদেরকে নির্দেশ দেন তারা যেন অস্ত্রশস্ত্র তালেবানদের হাতে সোপর্দ করে। তারা এই নির্দেশ নির্দ্বিধায় পালন করে। তালেবানরা তাদের অবরোধ উঠিয়ে নিয়ে তাদেরকে ছেড়ে দেয়।

তালেবানরা নৈতিকতায় বিশ্বাসী এবং সত্যের অনুসারী। সামান্য পরিমাণ অঙ্গীকার ভঙ্গকেও তারা প্রশ্রয় দেয় না। যদিও এতে তাদের বিশাল ক্ষতি হয়ে যায়। পক্ষান্তরে বুরহানুদ্দীন রব্বানী, গুলবুদ্দিন হেকমতিয়ার, জেনারেল আব্দুর রশিদ দোস্তম এবং অন্যান্য লিডারদের প্রতিশ্রুতি সময়ে সময়ে রূপ বদলাত। যেদিকে গেলে স্বার্থ রক্ষা পাবে, তাদের প্রতিশ্রুতিও সেদিকেই মোড় নিত। যেখানে তারা দেখতেন যে, এখানে ক্ষমতার রশি হাতে নেওয়ার সুযোগ আছে, সেখানেই তারা অঙ্গীকার ভঙ্গ করতেন। প্রয়োজনে আপন ভাইয়ের রক্তনদী বহিয়ে দিতেন। কিন্তু তালেবানের আচরণ কারও সাথেই বিমাতাসুলভ নয়; বরং আপন মায়ের চেয়েও অধিক দরদ ও ভালোবাসাসমৃদ্ধ।

হেরাত বিজয়

আফগানিস্তানের একটি অন্যতম গুরুত্বপূর্ণ প্রদেশ হল হেরাত। এটা দেশটির উত্তর পূর্ব সীমান্তে অবস্থিত। এই প্রদেশের পরই ইরানের সীমান্ত।

হেরাত গুরুত্বপূর্ণ হওয়ার একটি কারণ হল, কান্দাহার থেকে বের হয়ে যে রাস্তাটি শুরু হয়ে তুর্কমেনিস্তানে গিয়ে মিলেছে। হেরাত অঞ্চলটি এ সড়কের জন্য সুইচ গেইটের ভূমিকা পালন করতে। অধিকন্তু এখানেই ছিল 'শীনডেণ্ডের' বিমান বন্দর। যা সামরিক ও অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে ছিল অত্যন্ত গরুত্বপূর্ণ।

এই বমান বন্দরটি রাশিয়ানদের দ্বরা। হেরাতের গভর্নর ছিলেন বুরহানুদ্দীন রব্বানীর বিশ্বস্ত লেফটেনেন্ট জেনারেল মুহাম্মাদ ইসমাঈল খান। তালেবানরা জানতে পারে যে, তাদের অধিকৃত অঞ্চলগুলো থেকে বিশৃঙ্খলা সৃষ্টিকারী, অপরাধপ্রবণ, অবাধ্য লোকগুলো পালিয়ে হেরাতে গিয়ে আশ্রয় নিয়েছে। তালেবানরা গর্ভনর ইসমাঈল সাহেবের কাছে আবেদন করেন, তিনি যেন অপরাধীদেরকে হেরাতে আশ্রয় গ্রহণের সুযোগ না দেন। কিন্তু ইসমাঈল খান তালেবানদের এ আবেদনের প্রতি কোন গুরুত্ব দেননি। তাই তালেবানরা হেরাত অভিমুখে যাত্রা করেন। ১৯৯৫'র ফেব্রুয়ারী মাসে এক রক্তক্ষয়ী যুদ্ধের পর তারা 'নিমরোজ' ও 'ফারাহ' অঞ্চল কব্জায় নিয়ে নেন।

২৯ এপ্রিল সরকারী বাহিনী তালেবানের উপর হামলা করে। এতে তালেবানের বেশ কিছু ব্যক্তি শহীদ হন। এ সময় তারা 'শীন ডেন্ড' বিমানবন্দর ছেড়ে যেতে বাধ্য হন। এরপর আবার তালেবানরা নিজেদেরকে বিন্যস্ত করেন। এবং ৬ সেপ্টেম্বরে হেরাত আক্রমণ করেন। গভর্নর ইসলামঈল খান তালেবানের ভয়ে পালিয়ে ইরান চলে যান। তালেবানরা হেরাত দখল করে নেন।

যখন তালেবানরা হেরাত দখল করেন, তখন সারা দুনিয়াতে হৈচৈ শুরু হয়ে যায়। মোঘল সম্রাট বাবর বলেছিলেন, সারা দুনিয়ায় যত শহর দেখেছি, তার মধ্যে হেরাত নগরীকে পেয়েছি প্রাকৃতিক সৌন্দর্যে অপরূপ। এমন মন মাতানো রূপের শহর আমি আরেকটি দেখিনি। যেহেতু ইরান ও তুর্কমেনিস্তানের সাথে যোগাযোগ রক্ষা করার একমাত্র পন্থা ছিল এই হেরাত শহর, তাই আমেরিকা, রাশিয়া, ইরান– এমনকি কাবুলে নতুন করে তালেবানের সমালোচনা শুরু হয়। বুরহানুদ্দীন রব্বানী, আহমাদশাহ মাসউদ, হেকমতিয়ারসহ সব বিরোধীদের মনে তালেবানভীতি ছড়িয়ে পড়ে। ইরান সরকারের পক্ষ হতে এক কঠোর বার্তা উচ্চারণ করে বলা হয়, তালেবান যেন ইরান সীমান্তের কাছেও না আসে।

হেরাত হাতছাড়া হওয়ার পর রব্বানী ও মাসউদ পাকিস্তানের উপর অপাবদ আরোপ করেন যে, তারা তালেবানকে সৈন্য ও অর্থ দিয়ে সাহায্য করেছে। তাই তাদের ইঙ্গিতে ১৯৯৫'র ৬ সেপ্টেম্বরে কাবুলে পাকিস্তানী দূতাবাসে আগুন লাগানো হয়। এই অমানবিক আচরণে পাকিস্তান খুব মনক্ষুণ্ন হয়। রব্বানী ও মাসউদ বিভিন্ন অনুগ্রহ ও কুরবানীর কথা মুহূর্তে ভুলে যান, যেগুলো বছরের পর বছর পাকিস্তানীরা আফগান মুহাজিরদের জন্য করে আসছিল। আফগান লিডারদের মেহমানদারী ও সম্মান করতে তারা সামান্যও ত্রুটি করেনি। যেই বাহু এতদিন তাদের মুখে লোকমা তুলে দিচ্ছিল, আজ সেই বাহু ভেঙে দিতে তারা একটুও ইতস্তত করলেন না।

১৯৯৫'র অক্টোবর পর্যন্ত তালেবানরা কাবুলে হামলা করার প্রস্তুতি সম্পন্ন করেন। কান্দাহার থেকে ৪০০ ট্যাংকের বহর কাবুলের কাছাকাছি পৌছে। এই বছর ১১ নভেম্বর তারা কাবুলের উপর রকেট হামলা শুরু করে। এরপর শুরু হয় কাবুলের উপর বিমান হামলা।

কাবুল অভিমুখে অভিযান

১৯৯৫'র ২০ জুন হেকমতিয়ার তালেবানদের বিরুদ্ধে রব্বানীর সাথে জোটবদ্ধ হন। চুক্তি মোতাবেক তাকে প্রধান মন্ত্রিত্ব দেওয়া হয়। সেপ্টেম্বরে তালেবানরা জালালাবাদ, সারওয়াবী এবং আসাদাবাদ দখল করেন। সারওয়াবী থেকে তারা কাবুলের দিকে অভিযান শুরু করেন। ভয়াবহ যুদ্ধের পর তারা কাবুল বিজয় করেন।

ড. নজীবুল্লাহ যখন কাবুলে অবরুদ্ধ হয়ে পড়েন, তখন জেনারেল আবদুর রশীদ দোস্তম তাকে সহজে পালিয়ে যাওয়ার পথ বাতলে দেন। তিনি পালিয়ে যেতে সম্মত হন। এবং জাতিসংঘের কর্মকর্তাদের কাছে নিরাপত্তার দরখাস্ত করেন। নজীবের মধ্যে কিছুটা হঠকারিতা ছিল। আফগান ও রাশিয়ান সেনারা তাকে 'ষাড়' বলে অভিভহিত করত। নিজ পরিবারের লোকদেরকে দিল্লী পাঠিয়ে দেন। কিন্তু নিজে মন্দ পরিণতি ভোগ করার জন্য আফগানিস্তানে থেকে যান।

যা হোক, নজীবুল্লাহ তার উপযুক্ত শাস্তি পেয়ে যান। আহমাদশাহ মাসউদ পালিয়ে যান। মোল্লা ওমর কাবুলে ব্যাপক ক্ষমার ঘোষণা দেন। তালেবানের

কাবুল বিজয়ের কারণে ভারত, রাশিয়া ও ইরানসহ মধ্য এশিয়ার দেশসমুহে এক ভয়ার্ত নীরবতা ছেয়ে যায়।

১৯৯৭'র ২৪ মে তালেবানরা মাযার শরীফ জয় করেন। এ সময় পাকিস্তান তালেবান সরকারকে স্বীকৃতি দেয়। কিন্তু ২৮ মে আহমদশাহ আবার তালেবানের উপর হামলা করেন এবং ১৮ ঘন্টা পর্যন্ত তুমুল যুদ্ধ চলে।

ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। তিনশ' তালেবান শহীদ হন। তালেবান মাজার শরীফ থেকে পিছু হটে। ১৯৯৮'র আগস্ট মাসে তালেবান পুনরায় মাজার শরীফ দখল করে। এ সময় ১১ ইরানী কূটনৈতিক, এক সাংবাদিক ও হাজারা গোত্রের অনেক লোক নিহত হয়। এতে জাতিসংঘ চেঁচামেচি শুরু করে। তারা প্রচার করে, তালেবান চার হাজার লোক হত্যা করেছে। তখন মোল্লা ওমর এক বিবৃতিতে তালেবানের ক্ষয়ক্ষতির পরিমাণ উল্লেখ করতে গিয়ে বলেন, মাজার শরীফের এ লড়াইয়ে তালেবান ভয়াবহ ক্ষতির সম্মুখীন হয়েছে। আগে-পরে মিলিয়ে প্রায় সাড়ে তিন হাজার তালেবান শহীদ হয়েছেন।

আমেরিকার ভয়াবহ হামলা

সে সময় ১৭ আগস্ট কেনিয়া ও তানজিনিয়ায় আমেরিকান দূতাবাস বোম্বিং করে উড়িয়ে দেওয়া হয়। আমেরিকা কোন চিন্তা-ভাবনা না করেই হামলার দায় উসামা বিন লাদেন রহ.এর উপর চাপায়। তিনি সেসময় আফগানিস্তানে ছিলেন। আমেরিকা বলে, উসামাকে আমাদের হাতে তুলে দাও। কিন্তু মোল্লা ওমর তাদের দাবি প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, আমাদের উপর উসামার অনেক বড় অনুগ্রহ রয়েছে। তিনি আমাদের মেহমান। যে কোন মূল্যে আমরা তার নিরাপত্তা নিশ্চিত করব।

